বিজ্ঞানাঞ্জন

সুজন মনোহম্বুরঞ্জন কারণ

শ্রীমন্নারায়ণ নলিন চরণ স্মরণ পরায়ণ

৺রাজনারায়ণ ভট্টাচার্য্য কর্ত্তৃক

বিরচিত।

কলিকাতা

শ্রীমধুসূদন শীলের চৈতন্যচন্দ্রোদয় যন্ত্রে মুদ্রিত।

আহীরীটোলা ৯ নং বাটী।

সন ১২৬৯।

সূচীপত্র।

সূচীপত্র।

সূচীপত্র

প্রথম কোটে চতুর্থ পরিচ্ছেদ।

নির্ঘণ্ট পৃষ্ঠা

দ্বিতীয় কোষ্ঠে প্রথম পরিচ্ছেদ।

নির্ঘণ্ট পৃষ্ঠা

তৃতীয় কোষ্ঠে প্রথম পরিচ্ছেদ।

তৃতীয় কোষ্ঠে দ্বিতীয় পরিচ্ছেদ।

তৃতীয় কোষ্ঠে তৃতীয় পরিচ্ছেদ।

সূচীপত্র।

নির্ঘণ্ট পৃষ্ঠা

চতুর্থ কোষ্ঠে প্রথম পরিচ্ছেদ।

চতুর্থ কোষ্ঠে দ্বিতীয় পরিচ্ছেদ।

বিজ্ঞাপন।

এতদ্বিজ্ঞাপন দ্বারা সকলকে জ্ঞাপন করা যাইতেছে জন গণ হিতৈষি গুণরাশি ৺রাজনারায়ণ ভট্টাচার্য্য মহাশয় এই "বিজ্ঞানাঞ্জন,, নামে গ্রন্থ প্রস্তুত করিয়াছিলেন, এক্ষণে তাঁহার পুত্র শ্রীযুক্ত মধুসূদন ভট্টাচার্য্য মহাশয় আমাকে প্রদান করিয়াছেন এক্ষণে আমি ইহার স্বত্বাধিকারী হইলাম অতএব যে ব্যক্তি এই পুস্তক আমার বিনানুমতিতে মুদ্রিত করিবেন তিনি রাজনিয়মানুসারে দণ্ডনীয় হইবেন।

নিদান।

নিদান নামে অতি উৎকৃষ্ট সংস্কৃত গ্রন্থ যাহা আমাদিগের দেশীয় চিকিৎসক মহাশয়দিগের পরমাদরণীয় তাহা মূল টীকা এবং বঙ্গভাষার সহিত একত্র করিয়া উত্তমরূপে সংশোধনান্তর উত্তমাক্ষরে ও উত্তম কাগজে এবং লৌহযন্ত্রে মুদ্রিত হইতেছে, অতি ত্বরায় প্রস্তুত হইবেক গ্রহণাকাংক্ষি মহাশয়েরা অত্র যন্ত্রে অন্বেষণ করিলে প্রাপ্ত হইবেন।

শ্রীমধুসূদন শীল।
সাং আহীরীটোলা ৯ নং বাটী।

ভূমিকা।

সজল জলদ রুচি, বিনিন্দিত যাঁর রুচি, তাঁর পদে রুচি কর সার। বিষয়ে অরুচি হবে, পার পাবে পাপার্ণবে, ভবে জন্ম না হইবে আর॥ পূর্ব্ব পূর্ব্ব কবিগণ, নানা শাস্ত্র সঙ্কলন, করেছেন পত্রের কারণে। না জানি সে শাস্ত্র তত্ত্ব, অনেকেই অসমর্থ, শুদ্ধসত্ত্ব পত্র বিরচনে॥ সুজনের হিত হেতু, করি এই শাস্ত্রসেতু, বিরচিনু বিজ্ঞান অঞ্জন। পত্রিকার সুনিয়ম, বহুবিধ ভিন্ন ক্রম, যাদৃক্শঙ্কাবিভঞ্জ ভঞ্জন॥ যতনে পুস্তকবরে, নিয়োজিয়া মুদ্রাক্ষরে, সমাদরে করি প্রকটিত। এই গ্রন্থ বিলোকনে, জ্ঞানের আলোক মনে, সমুদিত হইবে ত্বরিত॥ সুজন জনের কাছে, পরদোষ শান্তি আছে, এই সার ভরসা আমার। না ত্যজিয়া তুষ কণা, প্রাপ্ত হয় কোন জনা, সিত তণ্ডুলের রস সার॥ গ্রন্থ অনুরূপ মূল, অনুকরণের ভুল, অনুক্রমে করিয়া শোধন। কৃপা করি গুণিগণ, করিবেন নিরীক্ষণ, মহেশচন্দ্রের নিবেদন॥

ধ্যায়ং ধ্যায়ং শিবং ব্রহ্ম স্মারং স্মারং মহর্ষীরঃ। লেখ্যনাক্ষ্যমীলনায় বিজ্ঞানাঞ্জন মীহতে॥ ১॥ নবদ্বীপাগ্রদ্বীপান্তর্মধ্যদ্বীপনিবাসিনঃ। রাজনারায়ণঘোষা প্রার্থনা বুধ-

ক

সন্নিধৌ ॥২॥ অবোধাদ্বাময়োক্তং বা লেখকস্য প্রমাদতঃ।
অস্মিন্নশুদ্ধং দৃষ্টঞ্চেচ্ছোধনীয়ং বুধৈস্তু তৎ ॥ ৩ ॥

স্বস্তি। সর্ব্বাগ্রে সকল ভূসুরামর স্মরহর সেব্যমান সর্ব্ব ভূতেশ্বর স্মরণানন্তর বদ্ধকরাদরপুরঃসর ক্ষীরসাগরগভীরনীর সদৃশ সুশীলালঙ্কারালঙ্কৃত বিবিধ বিদ্যোপার্জিত কুন্দকুমুদকরকা কর্পূরনির্জ্জিত যশঃ সোমস্তোম প্রকাশীকৃত দিঙ্মণ্ডল নির্ম্মল করুণারসার্দ্রিভূতান্তঃকরণ গুণিগণ গুণগ্রাহক সুধী সমূহ সমীপে বিনয়ান্বিতস্য এতদ্বিজ্ঞাপনং। এই ভারতবর্ষ নামক পুণ্যভূমি সৃষ্টিকালাবধি সাধুস্বামি সমূহের শাসনাধীনা প্রযুক্ত অন্য বর্ষাপেক্ষা সর্ব্বতোভাবে সদসদ্বিচার, ব্যবহার, বিদ্যা, বুদ্ধি, ধন, ধর্ম্মে গরিষ্ঠা এবং স্বীয় সন্তান সকলের সর্ব্বাভীষ্ট সাধিকা ছিলেন, বিধিবশাৎ গত সহস্রেকাব্দাভ্যন্তরে দেব দ্বিজ দ্বেষ্টা যবনগণের উক্ত রাজ্যাধিকৃত হওত সতঃ পরতঃ অহিতাচারে ধরিত্রীতল কম্পিতা হইয়াছিল যৎ স্মরণে অস্মদাদির অদ্যাপি হৃৎকম্প হয়। অনন্তর পাপশাস্তা পরমেশ্বর পাপভাজন যবনগণকৃতাহিত বশতঃ স্বকোপানলে দুরাত্মাগণে দগ্ধীভূত করত উক্ত রাজ্য ধার্ম্মিক পার্থিবহস্তে অর্পণপুরঃসর প্রজা সকলকে সর্ব্ব ভয় হইতে বিমুক্ত করিয়াছেন, যাদৃশ প্রতপ্ততপনতাপেসন্তাপিত পথিকেরা বর্ত্মোপরি নিবিড় নির্ম্মল ছায়ান্বিত তরুতলে তৃপ্ত হয়েন তাদৃশ হিন্দুস্থানীয় ক্ষীণ দীন হিন্দু প্রজাগণ দিন২ ভয় বিহীন হইয়া বিদ্যা বুদ্ধি বিভবে বর্দ্ধিষ্ণু হইতেছে।

বর্ত্তমান রাজপ্রযত্নে অস্মদ্দেশে যে প্রাগুক্ত যবনজাতি-
য়ের জঘন্য বিদ্যা ও ভাষা প্রচলিতা ছিল তাহা ক্রমশঃ
অবসান হইতেছে। অস্মদ্দেশীয় সংস্কৃতা সল্লোকোপাসিতা
বিদ্যাধ্যয়নে ত্রিবিধ লোকের বিবিধানুরাগ দৃষ্টে অধ্য-
য়নোপযোগি ভূরিং সংস্কৃত এবং সাধুভাষান্বিত গ্রন্থ গুণি-
গণ কর্ত্তৃক রচিত হইয়া রাজ্যের মহন্মঙ্গল উদয় হইতেছে,
তন্মধ্যে বঙ্গদেশস্থ সমস্ত জনগণহিতৈষী পত্রকৌমুদী ও
জ্ঞানকৌমুদ্যাদির গ্রন্থকারেরা স্ব স্ব গ্রন্থে গৌড়ীয় সাধু-
ভাষায় পত্রাদির রীতি নীতি লিখিয়াছেন, কিন্তু পূর্ব্বকা-
লিক লিপ্যাদির নিয়ম তত্তদ্গ্রন্থে দর্শিত হয় নাই, বিশে-
ষতঃ তাহাদিগের বাক্যচরিতার্থে শাস্ত্রীয় প্রমাণাভাব,
এবং স্থলেং মিশ্রবাক্যেও পত্রাদির পদ বিন্যস্ত হইয়াছে।
এতাবতা জনপদহিতার্থ মহাকবি বররুচিকৃত পত্রকৌ-
মুদী এবং গ্রন্থ কাদম্বরী রাজনীতিচিন্তামণি ও রত্নাব-
ল্যাদি গ্রন্থের বিবিধ প্রমাণ সঙ্কলন পূর্ব্বক তত্তদ্গ্রন্থ মতা-
নুসারে যথা সাধ্য সংস্কৃত ও কোমল সাধুভাষায় গদ্য-
ছন্দে পদ বিন্যাস পূর্ব্বক স্ববাক্য মহর্ষি মনু, যাজ্ঞবল্ক্য,
যম, গৌতম, পরাশর, ব্যাসকৃত প্রাচীন গ্রন্থনিচয়ের
প্রমাণে প্রামাণ্য করিয়া গ্রন্থ সমাপন করিয়াছি এতদ্গ্র-
ন্থাবলোকন পূর্ব্বক মৎকৃত গদ্যান্তর্গত ভ্রম প্রমাদ জনিত
বর্ণ ভাব ঘটিত যে সকল দোষ দৃষ্ট হইবে তাহা স্বীয়ং
শুদ্ধবুদ্ধিতে সংশোধন পূর্ব্বক সাধুত্ব প্রকাশ করিবেন।
যদিস্যাৎ অস্মদাদি সম্বন্ধে কারুণিক ধার্ম্মিক মহাশয়েরা
দূরস্থ হউন তথাপি তত্তন্মহাত্মাগণের বিদ্যোপার্জ্জিত যশঃ

আঘ্রাণ বায়ুবহ্নিদ্যাই বিশ্ব বিস্তার করিতেছেন। যথা গুণাঃ কুর্ব্বন্তি দূতত্বং দূরেঽপি বসতাং সতাং। কেতকীগন্ধ মাঘ্রায় দূরং গচ্ছন্তি ষট্‌পদাঃ। সুতরাং অস্মদাদিকে সন্নি-কৃষ্টস্থ জ্ঞানে স্ব স্ব স্বভাবালম্বন করিবেন অলং বিস্তরেণ।

শ্রীরাজনারায়ণ শর্ম্মণঃ।

নিঃ মাজিমহ—

বিজ্ঞানাঞ্জন।

অনুক্রমণিকা

লৌকিকানাঞ্চ যৎ কর্ম্ম লেখন্যাসর্পিতঞ্চ যৎ। লেখ্য
রক্ষা বিনা লোকে কার্য্যসিদ্ধি র্ন দৃশ্যতে। তদ্রক্ষার্থং নিব-
সার্দ্ধি বিজ্ঞানাঞ্জন নামকঃ। গ্রন্থোঽয়ং রত্ননিলয় চতুঃকোষ্ঠ
সমন্বিতঃ। পত্রাণাং রঞ্জনং ভঙ্গং ভণিতেঃ তৎ প্রমাণকং।
শ্রীশব্দানাং যথা বচ্চ যথা যোগেন লেখনং। যথা তাতাস্তু ক-
ন্যাদ্যং পত্রং ষড়্বিধানকঃ। লেখন্যাঃ প্রাড়্বিবাকস্য প্রমাণং
লক্ষণানি চ। এতানি কল্পিতান্যানি স্থাপিতানি প্রযত্নতঃ।
নিলয়ে চাস্য রত্নস্য কোষ্ঠকে প্রথমে ময়া। দ্বিতীয়ে কো-
ষ্ঠকে যত্নান্মর্য্যাদা বিধিপূর্ব্বিকা। গুরৌ সমে তথা হীনে
পত্রিকায়াঃ প্রশস্তিকা। তেষাং প্রমাণকং বাক্য মূর্দ্ধাণাং তত্র
অর্পিতং। তৃতীয়ে কোষ্ঠকে পত্রং বিপ্রাণাং লক্ষণাদিকং।
নানাশাস্ত্র বিচারঞ্চ কার্য্যাকার্য্য বিবেচনং। চতুর্থে কোষ্ঠকে
যত্নাদ্রাজকার্য্য বিচারণং। পাণ্ডুলেখ্যন্তু পত্রীণাং অভিযো-
ক্ত্রাভিযোজ্যয়োঃ। সদসদ্বস্তু বিজ্ঞান নিরালম্ব শ্রুতিঃ-
পরা। অশুদ্ধঞ্চেদ্ভবেদত্র শোধনীয়ং বুধৈস্তু তৎ। কৃতাঞ্জলি
বদেদেতদ্রাজনারায়ণ দ্বিজঃ।

প্রতিজ্ঞা।

পার্থিব, মুখ্যসচিব, পণ্ডিত, গুরু, স্বামী, ভার্য্যা, পিতা, পিতামহ, জ্যেষ্ঠতাত, কনিষ্ঠতাত, বা পিতৃব্য, ও পিতৃতুল্য, পতি, পুত্র, জ্যেষ্ঠ ও কনিষ্ঠভ্রাতা, সন্ন্যাসী ও অন্য বিবেকী, ভৃত্য, ও শাত্রব আদিকে প্রাচীন ও নব্য রীত্যনুসারে যে রূপ লিপি লেখা হইবে তাহা অস্মিন গ্রন্থে ক্রমশঃ লিখিব।

অথ পত্ররঞ্জন।

পত্ররঞ্জন অর্থাৎ লেখ্য পত্রীর পার্শ্ব চতুষ্টয় ইত্যর্থ, পত্রীর অধঃ ঊর্দ্ধ দক্ষিণ বামপার্শ্বে স্বুবর্ণ রৌপ্যরঙ্গাদি করণক রঞ্জিত করত উত্তম মধ্যম সামান্য ব্যক্তি ভেদে লিপি লেখ্য হইবে যেমন রাজ্ঞ প্রাজ্ঞ, প্রধান মন্ত্রী অথবা আত্মাপেক্ষা পদ বা সম্বন্ধ শ্রেষ্ঠ মনুষ্য পিতৃ, স্বামী, গুরু-কল্পজনগণে যে পত্র লিখিতে হইবে তাহা স্বর্ণরঞ্জিত আবশ্যক সচিবের ন্যূন পদাভিষিক্ত রাজকীয় পুরুষবর্গে ও আত্ম তুল্য বয়স্ক সমান সম্বন্ধ ও বিদ্যা জাতি কুলে অন্যূন প্রভৃতির পত্রী রৌপ্য দ্বারা রঞ্জন কর্ত্তব্য এবং রাজ কার্য্যকারিগণের পদ পদবী অনুসারে ও জাতি কুল বিদ্যা বিভব বয়ঃক্রমের ন্যূনতর জনদিগের পত্রী রঙ্গাদির দ্বারা রঞ্জিত করিবেক, তদিতর জনগণে অর্থাৎ সামান্য ভৃত্য শক্র প্রজাবর্গের পত্রে রঞ্জন নিষ্প্রয়োজন।

যথা পত্রকৌমুদ্যাং। সুবর্ণরৌপ্যরঙ্গাদ্যৈ রঞ্জয়েৎ পত্র মুত্তমং। সামান্যোত্তমমধ্যানাং পত্ররঞ্জন মীরিতং।

অস্যার্থঃ। উত্তম মধ্যম সামান্যজনগণের পত্র পর্য্যানুসারে স্বর্ণ রৌপ্য রঙ্গ দ্বারা রঞ্জন কর্ত্তব্য।

পত্রভঙ্গ প্রকারঃ।

লেখ্য পত্রী ত্রিভাগ করত উপরি ভাগদ্বয় ত্যাগ পুরঃসর নিম্নৈকভাগে লিপি লেখ্য হইবেক উক্ত নিয়ম সামান্যোত্তম মধ্যম ব্যক্তি ভেদে সর্ব্বত্র সমান। কেবল পার্শ্ব ত্যাগে উত্তম পত্রে পার্শ্বদ্বয়ে অঙ্গুলিদ্বয়, মধ্যম পত্রে একাঙ্গুল ও সামান্য পত্রে অর্দ্ধাঙ্গুল উভয় পার্শ্বে ত্যাগ কর্ত্তব্য।

যথা। বররুচিকৃত পত্রকৌমুদ্যাং। পত্রন্তু ত্রিগুণীকৃত্য উর্দ্ধে তু দ্বিগুণং ত্যজেৎ। শেষভাগে লিখেদ্বর্ণান্ গদ্যপদ্যাদি সংযুতান্॥ তথাচ রাজনীতিচিন্তামণৌ। একাঙ্গুলং দ্ব্যঙ্গুলঞ্চ সার্দ্ধাঙ্গুলমিতিক্রমাৎ। পত্রাণা মুভয়স্পার্শ্বে ত্যাগং কুর্য্যাদ্বিচক্ষণঃ॥ ত্রিগুণীকৃত্য পত্রাণি পূর্ব্বে তু দ্বিগুণং ত্যজেৎ। শেষভাগে লিখেদ্বর্ণং সংস্কৃতং প্রাকৃতং তথা॥

সুগমোস্যার্থ বোদ্ধব্য।

উপরোক্ত প্রমাণানুসারে লেখ্য পত্রীর পূর্ব্বভাগদ্বয় ত্যাগ করত শেষ ভাগে সংস্কৃতে বা প্রাকৃতে গদ্যে বা পদ্যে পত্র লিখিবে যদ্যপি সম্বাদাধিক্য জন্য উক্তৈক ভাগে স্থান সংকীর্ণ প্রযুক্ত অসমাপ্ত অথবা অশোভন জ্ঞান হয় তবে তল্লেখ্য পত্রী দ্বিভাগ পূর্ব্বক তদৈক নিম্নভাগে গদ্য বা পদ্য ছন্দানুবন্ধে লিপি পূর্ণা করিবেক।

যথা। রাজনীতিচিন্তামণৌ। দ্বিগুণীকৃত্য পত্রাণি পূর্ব্বে-

স্বেকগুণং ত্যজেৎ। শেষভাগে লিখেদ্বর্ণং গদ্যপদ্যাদি সং-যুতং। সর্ব্বেষামেব বর্ণানাং দীর্ঘপ্রস্তারমেব চ। ত্যাগঞ্চ ক্র-মশো যাথ যথা শোভং প্রকল্পয়েৎ। গদ্যপদ্যাদি বর্ণা-নাং ন্যূনাধিকস্য দর্শনাৎ। দীর্ঘপ্রস্তারভঙ্গঞ্চ ত্যাগং সং-পরিকল্পয়েৎ।

অথ পত্র চিহ্নানি।

ঊর্দ্ধে ষড়ঙ্গুলং ত্যক্ত্বা বর্ত্তুলং চন্দ্রবিম্ববৎ। কস্তূরীকুঙ্কু-মৈঃ কুর্য্যাদ্রাজপত্রং সুচিহ্নিতং। মন্ত্রিণাং কুঙ্কুমেনৈব পণ্ডিতস্যৈব চন্দনৈঃ, গুরূণাং চন্দনেনৈব সিন্দূরেণৈব স্বামিনঃ। ভার্য্যায়া শ্চাপ্যলক্তেন চন্দনৈঃ পিতৃপুত্রয়োঃ। সন্ন্যাসিনাং চন্দনেন যতীনাং কুঙ্কুমেন চ। রক্তচন্দন পঙ্কেন ভৃত্যানাং সমুদীরিতং। শোণিতেনৈব শত্রূণাং পত্রচিহ্নং প্রকল্পয়েৎ। এতেষাঞ্চৈব সর্ব্বেষাং যথা যোগ্যানুসারতঃ। পত্রশ্রোণৌ তু মতিমান্ কুর্য্যাচ্চিহ্নং সুবর্ত্তুলং।

অস্যার্থঃ। পত্রের ঊর্দ্ধ ভাগে ষড়ঙ্গুল ত্যাগ পূর্ব্বক অ-র্থাৎ ষড়ঙ্গুলের অধস্তাৎ কস্তূরীকুঙ্কুম দ্বারা রাজপত্র, কুঙ্কুমের দ্বারা মন্ত্রি ও যতিপত্র, চন্দনের দ্বারা গুরু, স্বামি পণ্ডিত ও পিতা, পুত্র, সন্ন্যাসির পত্র, ও অলক্তক দ্বারা স্ত্রীর পত্র, রক্তচন্দনে ভৃত্যবর্গের পত্র, ও শোণিতে শত্রু পত্র, বর্ত্তুলাকার চিহ্ন করত তন্নিম্নে গদ্যাদি লিখিবে।

তাৎপর্য্য। রাজা, রাজপুত্র, মহিষী ও রাজভ্রাতাদের পত্রে এক চিহ্নিত হইবে মন্ত্রিপত্রানুসারে রাজকীয় প্রধান পদস্থ পুরুষবর্গের পত্রে তুল্য চিহ্ন হইবে। গুরু শব্দার্থে গায়ত্রী ও মন্ত্রোপদেষ্টা, বিদ্যা-শিক্ষক, বিপ্র, পিতা, পি-

তৃব্য, পিতৃজ্যেষ্ঠ, ও সম্বন্ধ গরিষ্ঠ ব্যক্তির পত্রে তুল্য চিহ্ন কর্ত্তব্য। শূদ্রাদির বিপ্রপত্রে গুরুপত্রে উক্ত চিহ্ন যেহেতু (বর্ণানাং ব্রাহ্মণো গুরুঃ) স্বামিশব্দার্থ ভয়ত্রাতা অন্নদাতা ইত্যাদি, পতিশব্দার্থ স্বামী তজ্জ্যেষ্ঠ ও দেবরাদি, পুত্র পর্য্যায় স্বপুত্র ভ্রাতৃপুত্রাঃ জামাতা ও তদ্ভ্রাতরো বোদ্ধব্যাঃ ইত্যাদি বিধানে পত্রচিহ্ন কর্ত্তব্য উক্ত প্রাচীন শিষ্ট প্রসিদ্ধাচার অধুনা লোপাকার হইয়াছে কেবল ক্বচিৎ ভদ্রকুলে বৈবাহিকপত্রে চন্দনচিহ্ন দৃষ্টব্য, এতাবতা সাধু ব্যবহারের বিনাশ কেবল মনুষ্যদিগের অজ্ঞতা জন্য পণ্ডিত মহাশয়েরাও অলসপ্রযুক্ত উক্ত কার্য্যে স্বতঃ বিরত আছেন কিন্তু নেপালাদি দেশে উক্ত রীতি অদ্যাপি অবসান হয় নাই।

পত্রস্য কোণচ্ছেদন প্রকারঃ।

রাজপত্রচ্ছেদন বিধি।

পত্রকৌমুদ্যাং। দক্ষিণে পত্রকোণস্য অধস্তাচ্ছেদয়েৎ সুধীঃ। একাঙ্গুল প্রমাণেন রাজপত্রস্য চৈব হি॥ তথাহি রাজনীতিরত্নাবল্যাং। অধোভাগে তু পত্রস্য দক্ষকোণস্য শেষতঃ। ছিন্দ্যাদেকাঙ্গুলং ধীমান্রাজপত্রস্য লক্ষণং॥

অস্যার্থঃ।

রাজা তস্যানুজ রাজপুত্র রাজভ্রাতৃপুত্রাদির পত্রের নিম্ন দক্ষিণকোণ একাঙ্গুল প্রমাণে ছেদন করিবেক।

মহিষী পত্রচ্ছেদন বিধি।

রাজনীতিরত্নাবল্যাং। পত্রস্য দক্ষিণে পার্শ্বে চার্দ্ধচন্দ্রাকৃতি র্যথা। ভূপতে র্মহিষীপত্রমধ্যে চ্ছেদন মীরিতং॥

অস্যার্থঃ। রাজরাণী ও অন্তঃপুরবাসিনী প্রধানা স্ত্রী দিগকে যে পত্র লেখ্য তাহার নিম্নভাগের দক্ষিণ পার্শ্বের মধ্যে অর্দ্ধচন্দ্রাকৃতি কিঞ্চিচ্ছেদন করিবেক।

মন্ত্রিপত্রে কোণচ্ছেদন প্রকারঃ।

রত্নাবল্যাং। অধোভাগে তু পত্রস্য বামকোণস্য শেষতঃ। ছিন্দ্যাদর্দ্ধাঙ্গুলং বিদ্বান্ মন্ত্রিপত্রস্য লক্ষণং॥

অস্যার্থঃ। রাজসভাসদ ও রাজসচিবগণে যে পত্র লেখ্য হইবে তাহার নিম্নভাগের বামকোণশেষ অর্দ্ধাঙ্গুল প্রমাণে ছেদনীয় ইত্যর্থঃ।

স্বামিপত্রকোণচ্ছেদন প্রকারঃ।

রত্নাবল্যাং। ঊর্দ্ধভাগে তু পত্রস্য দক্ষকোণস্য শেষতঃ। ছিন্দ্যাদেকাঙ্গুলং তদ্বৎ স্বামিপত্রস্য লক্ষণং॥

অস্যার্থঃ। পালক, রক্ষক ও পতিপত্রের ঊর্দ্ধভাগের দক্ষিণকোণে একাঙ্গুল প্রমাণে ছেদন করিবেক।

ভার্য্যাপত্রের কোণচ্ছেদন প্রকারঃ।

ঊর্দ্ধভাগে তু পত্রস্য বামকোণস্য শেষতঃ। ছিন্দ্যাদর্দ্ধাঙ্গুলং তদ্বদ্ভার্য্যাপত্রস্য লক্ষণং॥

অস্যার্থঃ। যে পত্র স্বামী স্বপ্রিয়াকে লিখিবেন সেই পত্রের ঊর্দ্ধভাগে বামকোণের শেষ অর্দ্ধাঙ্গুল প্রমাণে ছেদন করিবেন।

গুরুপত্রচ্ছেদন প্রকারঃ।

পত্রস্য দ্বিগুণীকৃত্য শিরসো মধ্যভাগতঃ। ছিন্দ্যাদেকাঙ্গুলং ধীমান্ গুরুপত্রস্য লক্ষণং॥

অস্যার্থঃ। পত্র দ্বিভাগ করিয়া মধ্যভাগের উপরিস্থল

একাঙ্গুল প্রমাণে গুরুপত্রে ছেদন করিবেক গুরুশব্দার্থ পূর্ব্বমুক্তং তদনুবাদে প্রয়োজনাভাবে প্রত্যুত গ্রন্থ গৌরবা-শঙ্কয়া ন লিখিতং।

যতি সন্ন্যাসি পণ্ডিতাদির পত্রচ্ছেদন প্রকারঃ।

যতি সন্ন্যাসিনাঞ্চৈব পণ্ডিতানাং সতামপি। যাদৃশং গুরুপত্রস্য তাদৃশং ছেদয়েৎ সুধীঃ॥

অস্যার্থঃ। যতি সন্ন্যাসী পণ্ডিত সজ্জন পরহিতৈষী মানবদিগের পত্র গুরুপত্রবৎ ছেদন কর্ত্তব্য।

পুত্রাদির পত্রচ্ছেদন প্রকারঃ।

দ্বিগুণীকৃত্য পত্রাণি মাসবজ্জনমাত্রকং। বর্ত্তুলং ছেদয়েন্মধ্যে পুত্রপত্রস্য লক্ষণং॥

অস্যার্থঃ। পুত্রাদির পত্র দ্বিভাগ করতঃ মধ্যভাগে মাসকলয়বৎ বর্ত্তুলাকার ছেদন করিবেক।

ভৃত্যাদির পত্রচ্ছেদন প্রকারঃ।

পত্রস্য বামপার্শ্বে তু মধ্যে ছিন্দ্যাৎ বিচক্ষণঃ। কিঞ্চিৎ সামান্য ভৃত্যানাং পত্রলক্ষণ মীরিতং॥

অর্থাৎ ভৃত্যপত্রের বামপার্শ্বে মধ্যে ছেদন করিবেক।

রিপুপত্রচ্ছেদন প্রকারঃ।

অধোভাগে তু পত্রস্য যথা খড়্গাকৃতি র্ভবেৎ। তথৈব ছেদয়েন্মধ্যে রিপুপত্রস্য লক্ষণং॥

অস্যার্থঃ। রিপুপত্রের অধোভাগে খড়্গাকৃতি ছেদন করিবেক যথা শাস্ত্র, পত্রকোণাদি ছেদন বিধি লেখ্য হইল যদ্যপি প্রমাণে তাবজ্জনের প্রতি প্রত্যেক পত্রাদি প্রমাণী-কৃত ও প্রতিপাদ্য না হউক তথাপি মতিমান মহানুভব

মহাশয়েরা স্ব স্ব শুদ্ধবুদ্ধ্যানুসারে প্রাগুক্ত প্রমাণানুরূপে স্বজন সজ্জনগণের পত্রে কোণাদি ছেদনে সমর্থ হইবেন।

পত্র প্রমাণং।

পৃথ্বীপতি, বা তৎপত্নী, ও তস্য প্রধান মন্ত্রিদিগকে ও বিদ্যাবৃত্তি কুলশীল সম্বন্ধে গুরুতরজনদিগকে হস্তাধিক ষড়ঙ্গুল অর্থাৎ এক হস্ত ছয় অঙ্গুল দীর্ঘপত্রে লিপি লেখ্য হইবে এবং মধ্যমকল্প মনুষ্যদিগকে এক হস্ত প্রমাণীকৃত পাত্রে পত্র লেখ্য কর্ত্তব্য এবং মুষ্টিহস্ত প্রমাণ পত্রে সামান্য জনগণের পত্র লিখিবে কিন্তু নিজাপেক্ষা অপকৃষ্ট বা অশিষ্ট সামান্য শত্রু ও প্রজা অথবা উত্তমর্ণ অর্থাৎ খাতকের প্রতি উক্ত প্রমাণ প্রয়োজনাভাব, অপিচ প্রাগুক্ত প্রামাণিকৃত পত্রত্রয় দ্বিগুণীকৃত করতঃ তদেকভাগে যে প্রমাণ হইবে তৎ প্রমাণে প্রত্যেক পত্রের প্রস্তার কর্ত্তব্য যেমন হস্ত প্রমাণে লেখ্য পত্র হইলে অর্দ্ধ হস্ত প্রস্তার হইবে।

যথা পত্রকৌমুদ্যাং। ষড়ঙ্গুলাধিকং হস্তং পত্রমুত্তম মীরিতং। মধ্যমং হস্তমাত্রং স্যাৎ সামান্যং মুষ্টিহস্তকং॥

তথাচ রাজনীতিচিন্তামণৌ।

দ্বিগুণীকৃত্য পত্রাণি প্রমাণং যাদৃশং ভবেৎ। প্রস্তারং তাদৃশং কুর্য্যাৎ পত্রমাণ মুদীরিতং॥

সুগমার্থ বচনে বোদ্ধব্যঃ।

শ্রীশব্দ নিরূপণং।

শ্রীশব্দার্থ অস্মদ্দেশে শ্রীমুখ শিষ্ট বিশিষ্ট বাক্যে প্রসিদ্ধ পত্র সমাপনানন্তর পৃষ্ঠদেশে শ্রী লেখ্য ব্যবহার প্রায়

দৃষ্ট হইতেছে এবং নেপালাদি দেশে নামের পূর্ব্বে শ্রী লেখা প্রবল রীতি কিন্তু যথা শাস্ত্র পত্রোর্দ্ধে দেবতার নাম ও চিহ্নের নিম্নে ব্যক্তি ভেদে শ্রী দান করিবেক এবং যে যে ব্যক্তিকে যে সঙ্খ্যায় শ্রী লিখিত হইবে তদ্বিবরণ নিম্নে লিখিত হইল।

যথা পত্রকৌমুদ্যাং।

ষড় গুরোঃ স্বামিনঃ পঞ্চ দ্বে ভৃত্যে চতুরো রিপৌ।
শ্রীশব্দানাং ত্রয়ং মিত্রে একৈকং পুত্র ভার্য্যয়োঃ॥

অর্থাৎ গুরুপত্রে ষট্ স্বামিপত্রে পঞ্চ ভৃত্যপত্রে দ্বয় শত্রুপত্রে চতুষ্টয় এবং ভার্য্যা পুত্র পত্রে একৈক ও মিত্র-পত্রে তৃতীয় শ্রী লিখিবেক।

গুরু স্বামীত্যাদি শব্দ তাৎপর্য্য পূর্ব্বে লিখিয়াছি অত-এব তদনুবাদে প্রয়োজনাভাব।

পত্রস্য রচনাক্রম।

রাজস্থলে মন্ত্রীস্থলে বা নৃপ তুল্য শ্রীমান্ বিদ্বান্ মনুষ্য প্রভৃতি অথবা পণ্ডিতগণকে কিম্বা এক রাজা অন্য রাজাকে পত্র লিখনকালীন পণ্ডিতগণের সহিত নির্জ্জনে বসিয়া যাহাকে পত্র লিখিতে হইবেক তাহার জাতি কুল বিদ্যা বিভব বিবেচনা পূর্ব্বক যথা যোগ্য গদ্য পদ্য রচিত পত্র লিখিতব্য হইবে, রাজপত্র হইলে লেখক রাজাজ্ঞা-নুসারে পণ্ডিতগণের সহিত বিচার পূর্ব্বক সর্ব্বতোভাবে পত্রের ভাব বর্ণ নির্দ্দোষ করিয়া সামান্য পত্রে পাণ্ডু-লেখ্য করত অর্থাৎ মুসাবেদা রাজাকে শ্রবণ করাইয়া

তস্থ মনোনীত বিজ্ঞাত হইয়া তদাজ্ঞা বশতঃ শুভপত্র লিখিবেক।

যথা পত্রকৌমুদ্যাং। দিনদ্বয়ং ত্রয়ম্বাপি বিচার্য্য পণ্ডিতেন বৈ। স্বভ্রান্তে দূষণং জ্ঞাত্বা বিলিখেৎ পত্র পুস্তকে॥ সামান্যপত্রে সংলিখ্য রহসি শ্রাবয়েন্নৃপং। নৃপাজ্ঞয়া শুভে পত্রে বিলিখেদ্রাজলেখকঃ॥ (সুগমার্থ বচনে বোদ্ধব্যং।)

অথ লেখন প্রকার মাহ।

আদৌ লিপ্যারম্ভে রাজলেখক বা বিচক্ষণ জনগণ স্বীয় স্বীয় লিপির কুশল ও তদ্বর্ণিত কার্য্য মঙ্গলার্থ অঙ্কুশাকৃতি লিখিয়া তন্মধ্যে বিন্দুদান করত তদধোভাগে সপ্তাঙ্ক লিখিয়া তদনন্তর শ্রীযুক্ত ইষ্টদেব নাম লিখিবে। যথা ৭ ° শ্রীশ্রীকালী, ৭ ° শ্রীশ্রীকৃষ্ণ।

তথাচ পত্রকৌমুদ্যাং। অঙ্কুশং প্রথমং দদ্যান্মঙ্গলার্থং বিচক্ষণঃ। মধ্যে বিন্দু সমাযুক্ত মধঃ সপ্তাঙ্কসংযুতং॥ (অস্যার্থবচনে বোদ্ধব্যং।)

অনন্তর সপ্তাঙ্কের কিঞ্চিদধোভাগে পুনঃ সপ্তাঙ্ক লিখিয়া তৎপরে স্বস্তি বিন্যাস করিয়া ব্যক্তিভেদে এক দ্বয় ত্রয়ম্বাপি চতুষ্টয় পঞ্চ বা ষট্ শ্রী লিখিবেক, অধুনা শ্রী শব্দ পত্রপৃষ্ঠে নব্য রীত্যনুসারে লিখেন কেহ বা তদ্বিনিময়ে রেখা মাত্র দান করেন তাহা অকর্ত্তব্য অতএব দেবতার নামের নিম্নভাগে যথা বিধি ব্যবধান রাখিয়া এই রূপ লিখিবেক তদ্যথা।

৭ স্বস্তি শ্রীঃ শ্রীঃ শ্রীঃ।

স্বস্তীতি বাণী ইদানীং অনেকে আশীর্ব্বচন জ্ঞান ক-রেন তদর্থ পূর্ব্বে লেখা হইয়াছে ফলতঃ মঙ্গলবাচী শব্দঃ।

তদনন্তর রাজলেখক বান্যলেখক গদ্য পদ্য পদন্যাস ক্রমে ভাষা বা সংস্কৃতে যাহাকে পত্র লিখিবে তাহার কল্যাণকর বাক্য লিখিয়া আত্ম মঙ্গলামঙ্গল বাক্য লেখ্য হইবে সম্বন্ধ বা বয়ো গরিষ্ঠ হইলে আদৌ আত্মাভিবাদন বিজ্ঞাপন করতঃ কল্যাণ যাচ্ঞা করিবেক অতঃপর আত্ম সন্দেশ বিষয় লিখিয়া তৎপরে কীর্ত্তি প্রীতি বর্ণন পুরঃসর যদ্দিবসীয়া পত্রিকা তাহা লিখিয়া সমাপ্ত করিবেক। এতা-বতা শাস্ত্র সন্দর্ভ সুজ্ঞাত হওত যে রাজন অথবা সজ্জন পত্র প্রেরণ করেন তাঁহারা উত্তম যশঃ প্রাপ্ত হয়েন তদ্বি-পর্য্যয় তজ্জন বা তদ্রাজা অমাত্য সহিত দুর্যশোভাজন হয়েন।

যথা পত্রকৌমুদ্যাং। তদধঃ স্বস্তি বিন্যস্য ততো গদ্যং সুশোভনং। ততঃ শ্রীশব্দকপাণি পদন্যাস ক্রমং লিখেৎ।। ভাষয়া সংস্কৃতেনৈব কুশলং বিলিখেৎ সুধীঃ। ততঃ শুভাশুভাং বার্ত্তাং সংস্কৃতৈঃ প্রাকৃতৈ স্তথা।। ততঃ প্রমাণ সন্দেশং ততো বার্ত্তাং নিয়োজয়েৎ। কীর্ত্তি প্রীতিযুক্তং পদ্যং ততঃ কিমধিকাদিকং।। পত্রপ্রেষণ শ্লোকঞ্চ অঙ্ক মা-সাদি সংযুতং। সর্ব্বেষামেব পত্রেষু লিখনঞ্চৈব মীরিতং সর্ব্বেষামেব পত্রাণাং বিধিং জ্ঞাত্বা লিখেত্তু যঃ। স্বদেশে কীর্ত্তিমাপ্নোতি তথা দেশান্তরেষ্বপি।।

তথাহি রত্নাবল্যাং। এবং শাস্ত্রক্রমং জ্ঞাত্বা যো লি-

খেদ্রাজপত্রকং। স রাজ মন্ত্রিভিঃ সার্দ্ধং যশঃ প্রাপ্নোত্যনু-ত্তমং ॥ শাস্ত্রসন্দর্ভ মজ্ঞাত্বা যো লিখেদ্রাজপত্রকং। স রা-জ মন্ত্রিভিঃ সার্দ্ধং দুর্যশো মহদাপ্নুয়াৎ ॥

উক্ত প্রমাণদ্বয়ার্থ সুগম সুতরাং তদর্থানুবাদ করণে প্রয়োজনাভাব।

অথ রাজপত্রের পদন্যাস প্রকার।

যথা পত্রকৌমুদ্যাং। মহারাজাধিরাজঞ্চ দানশৌণ্ডং তথৈব চ। তথা সচ্চরিতং যোজ্যং কল্পবৃক্ষাদিকং ন্যসেৎ ॥ যথা যোগ্যানুসারেণ তথৈব গুণ ভেদতঃ। রাজপত্রেষু স-র্ব্বেষু পদন্যাসক্রমং বিদুঃ ॥

অস্যার্থঃ। মহারাজাধিরাজ মহামান্য ভূপালাগ্রগণ্য কল্পবৃক্ষ সদৃশ বদান্য সকল সৌজন্য বিশিষ্ট শিষ্টপালক দুষ্টনাশকেত্যাদি কীর্ত্তি গুণ শীলভেদে পদন্যাস পূর্ব্বক রাজপত্র লিখিবে।

অথ মন্ত্রিপত্রের পদন্যাস।

প্রবরং গুণ ভেদেন তথা সচ্চরিতাদিকং। বিন্যস্য বি-লিখেৎ প্রাজ্ঞো মন্ত্রিপত্রে পদ ক্রমং ॥

অস্যার্থঃ। বিবিধ বিদ্যোপার্জ্জন জন্য গুণিগণাগ্রগণ্য বিশিষ্টাশেষ জন প্রতিপালনে বদান্য রাজহিতৈষী মহা-মান্য ইত্যাদি।

পণ্ডিতপত্রের পদন্যাস।

সংখ্যাবদ্বন্দিত পদং শাস্ত্রার্থ নিপুণাদিকং। পণ্ডিতা-নাঞ্চ পত্রেষু বিলিখেদ্বৈ পদ ক্রমং ॥

অস্যার্থঃ। যে জন যচ্ছাস্ত্রে বিপশ্চিৎ তস্য পত্রে

তত্ত্বচ্ছারিতাখ্যা ব্যাখ্যা করিবেক যথা স্মৃতি শ্রুতি মীমাং-সেতীহাসেতি অথবা সাংখ্য পাতঞ্জল বেদ বেদান্তাদি শাস্ত্রে নিপুণতর ইত্যাদি নিয়মানুসারে পত্র লিখিবে।

গুরুপত্রের পদন্যাস।

সাংখ্য সিদ্ধান্ত নিপুণং স নমস্কারকং পদং। বিন্যস্য বিলিখেৎ প্রাজ্ঞো গুরুপত্রে পদ ক্রমং॥

অস্যার্থঃ। প্রণাম পুরঃসর সাংখ্য সিদ্ধান্তে নিপুণতর ইত্যাদি পদন্যাস পূর্ব্বক প্রাজ্ঞজন গুরুপত্র লিখিবে।

যথা। স্বকরুণয়া শিষ্যগণস্যাজ্ঞানান্ধকার সংহারকারক জ্ঞানাঞ্জনেন জ্ঞানচক্ষু রুন্মীলক ব্রহ্মতত্ত্ব বিধায়ক নির্ব্বাণ কারক জনন মরণ যাতনা নিবারক ভক্তবৎসল ভক্তকল্পদ্রু-মেষ ইতি।

স্বামিপত্রের পদন্যাস।

প্রবর্য্যং স নমস্কারং প্রাণপ্রিয়াদিকং পদং। বিন্যস্য বিলিখেদ্ধীমান্ স্বামিপত্রে পদক্রমং॥

অস্যার্থঃ। নমস্কার পূর্ব্বক প্রাণাপেক্ষা প্রকৃষ্টরূপে শ্রেষ্ঠ প্রভু ইত্যাদি পদন্যাস করিবেক।

যথা। স্বকীয়-সৌন্দর্য্য বাঙ্মাধুর্য্য কাব্যরসেন কাম কামিনীরঞ্জক মদৈহিক পারলৌকিক সুখ প্রদায়ক সুর-সিক প্রাণাধিক শ্রীমন্নাথেষু ইত্যাদি।

ভার্য্যাপত্রের পদন্যাস।

প্রাণপ্রিয়া পদং সাধ্বীং তথা সচ্চরিত্রাদিকং। ভার্য্যা-পত্রে লিখেদ্বিদ্বান্ পদ ক্রম মনুত্তমং॥

অস্যার্থঃ। প্রাণপ্রিয়া সাধ্বী ও তাহার সুন্দর আচরণ বর্ণন পূর্ব্বক পদন্যাস করিবে।

যথা। সমস্ত সুশীলালঙ্কারভূষিতা পুলোমজা পাঞ্চালাত্মজা প্রায় পতিরতা স্বৎ সদৃশা ভাবানুভাবিনী কমলাক্ষি কুটিলকটাক্ষি কন্দর্পবশকারিণী শ্রীমতী সতী অমুকা মম প্রেমহেমধামেষু বা স্বর্ণলতিকেষু ইত্যাদি।

পুত্রপত্রের পদন্যাস।

প্রাণপুত্র পদং তদ্বৎ তথা সচ্চরিতাদিকং। আশীর্ব্বচন সংযুক্তং পুত্রপত্রে পদক্রমং॥

অস্যার্থঃ। প্রাণ তুল্য ও তৎ সচ্চরিত্র বর্ণন ও আশীর্ব্বচন দ্বারা পদন্যাস পূর্ব্বক পিতা পুত্রকে পত্র লিখিবেন।

যথা নিখিল কল্যাণাগার মমেয় প্রাণাধার নিজ কীর্ত্তি পুণ্যে পবিত্রীকৃত কুলপাবনেষু বা বংশাবতংসেষু ইত্যাদি।

যতি বা সন্ন্যাসিপত্রের পদন্যাস।

সর্ব্ববাঞ্ছা বিনির্ম্মুক্তং সর্ব্বশাস্ত্রার্থপারগং। সন্ন্যাসি যতিপত্রেষু বিলিখেচ্চ পদক্রমং॥

অস্যার্থঃ। সকল বিষয়েচ্ছা শূন্য সর্ব্বশাস্ত্রে নৈপুণ্যাদি পদ বিন্যাস পূর্ব্বক সন্ন্যাসি যতিকে পত্র লিখিবে।

যথা। নিখিল বিষয়ামিষলালস বর্জ্জিত সমস্তেন্দ্রিয়ানুরাগজিত বেদ বেদান্ত শাস্ত্রার্থ বিপশ্চিৎ সর্ব্বভূত হিতৈষী নির্ম্মলান্তঃকরণ সন্ন্যাসী মহানুভবেষু।

পিতৃপত্রের পদন্যাস।

প্রভুবর্য্যং নমস্কারং তথা সচ্চরিতাদিকং। বিন্যস্য বিলিখেৎ পুত্রঃ পিতৃপত্রে পদক্রমং।

অস্যার্থঃ। প্রণাম পুরঃসর প্রভু পদ বিন্যাস করিয়া তৎ সচ্চরিত্রাদি লিখিয়া পুত্র স্বজনককে পত্র লিখিবে।

যথা। পরমারাধ্য পূজনীয় বা পূজ্যতম, ইন্দ্রাদয়ঃ দিক্‌পাল দেবাদ্যধিক পূজ্যতম মম কাম পূরক চতুর্ব্বর্গ প্রদায়ক শ্রীমজ্জনকশ্বরেষু।

সামান্যপত্রের পদন্যাস।

সামান্য ভৃত্যশত্রূণাং বিনিযোজ্যামুকং প্রতি। শাস্ত্রাবশেষিত পদং ছাগতুল্যাদিকং তথা।

অস্যার্থঃ। সামান্য ভৃত্যপত্রে তাহার নাম লিখিবেন। যথা। শ্রীঅমুক প্রতি আগে প্রয়োজন বিশেষ।

এবং শত্রু প্রতি ছাগ তুল্য হেয় বুদ্ধে পদন্যাস করিবেন। শাস্ত্রানুসারে যথাযোগ্য ব্যক্তি ভেদে পত্রাদি পদন্যাস লেখা হইল তদৃষ্টে সুধী সকলে স্ব স্ব বুদ্ধ্যনুরূপে সম্বন্ধ অনুসারে গরিষ্ঠাগরিষ্ঠ ও অসম্বন্ধীয় মনুষ্যকে বিবেচনা দ্বারা পত্র লিখিবেন।

অথ পত্র গ্রহণ প্রকার মাহ।

যথা পত্রকৌমুদ্যাং। রাজপত্রং নয়েন্মূর্দ্ধি ললাটে পত্র মন্ত্রিণাং। গুরুপত্রং নয়েন্মূর্দ্ধি ব্রাহ্মণানাং তথৈব চ॥ যতি সন্ন্যাসিনাঞ্চৈব স্বামিনশ্চ তথৈব চ। সাদরেণৈব যত্নেন তথা মূর্দ্ধনি ধারয়েৎ॥ ভার্য্যা পুত্রস্য মিত্রস্য হৃদয়ে ধারয়েৎ সুধীঃ। অরীণাং কণ্ঠদেশে তু পত্রধারণ মীরিতং॥ এতে বাঞ্চৈব পত্রাণা মুক্তং ধারণ লক্ষণং। অন্যেষামপি পত্রাণাং নিয়মোনাত্র দর্শিতঃ॥

অস্যার্থঃ। শাস্ত্রজ্ঞ জনগণ, রাজন, ব্রাহ্মণ, গুরু, যতি, স-

ন্যাসি ও স্বামিপত্র প্রাপ্তানন্তর আদর পুরঃসর শিরসোপরি ধারণ করিবেক মন্ত্রি পত্র ললাটে ধারণ কর্ত্তব্য, পুত্র মিত্র কলত্রাদি পত্র হৃদয়ে ধারণ কর্ত্তব্য অরি পত্র কণ্ঠে ধারণানন্তর পাঠ করিবেক এতদ্ভিন্নান্য সামান্য জনগণের পত্র গ্রহণের নিয়ম দর্শিত হইল না যেহেতু প্রয়োজনাভাব।

অথ পত্র পঠন প্রকার মাহ।

পত্রকৌমুদ্যাং। পত্রং ধৃত্বা নমস্কৃত্য পূর্ব্বাগ্রং স্থাপয়েৎ সুধীঃ। দক্ষিণাগ্রেণ সদসি নৃপাগ্রে রাজলেখকঃ॥ পত্রং বিতত্য সদসি দ্বিবারং মনসা পঠেৎ। স্ফুটং পশ্চাৎ প্রবক্তব্য মক্ষোভোরাজলেখকঃ॥ রহসি শ্রাবয়েৎ পত্রং শুভঞ্চ যদি বাশুভং। পত্রং শ্রুত্বা বিদিত্বার্থং সভায়াং শ্রাবয়েত্ততঃ॥ রহস্য পত্রং রহসি নৃপাগ্রে শ্রাবয়েদ্দ্বিজঃ। অশুভং নৈব সদসি শুভং পত্রং নৃপাজ্ঞয়া॥ এবং ক্রমেণ পত্রার্থং শ্রাবয়িত্বা দ্বিজোত্তমঃ। নৃপতেঃ সন্নিধৌ স্থিত্বা নৃপাজ্ঞা মনুবর্ত্ততে॥

অস্যার্থ। পত্র হস্তে ধারণ পূর্ব্বক পাঠক সরস্বত্যুদ্দেশে প্রণাম পুরঃসর পূর্ব্বাগ্রে অর্থাৎ স্বীয়াভিমুখে পত্র দক্ষিণাগ্র করত সভা সন্নিধানে মনসে বারদ্বয় পাঠ করিয়া বিদিতার্থ হইয়া সভাগ্রে অক্ষোভ হইয়া শ্রবণ করাইবে। অশুভ কিম্বা গোপনীয় পত্র হয় রাজাকে নির্জ্জনে বিদিত করিবে। শুভ পত্র ও রাজাজ্ঞা প্রাপ্ত হইয়া পাঠ করিবেক অশুভ পত্র কদাপি সভাগ্রে শুনাইবে না।

লেখক লক্ষণং।

যথা পত্রকৌমুদ্যাং। ব্রাহ্মণো মন্ত্রণাভিজ্ঞো রাজনীতি

বিশারদঃ। নানা লিপিজ্ঞো মেধাবী নানা ভাষা সমন্বিতঃ॥ মন্ত্রণা চতুরো ধীমান্ নীতিশাস্ত্রার্থ কোবিদঃ। সন্ধিবিগ্রহ ভেদজ্ঞো রাজকার্য্যে বিচক্ষণঃ॥ সদা রাজহিতান্বেষী রাজ-সন্নিধি সংস্থিতঃ। কার্য্যাকার্য্য বিচারজ্ঞঃ সত্যবাদী জিতে-ন্দ্রিয়ঃ॥ স্বরূপবাদী শুদ্ধাত্মা ধর্ম্মজ্ঞো রাজধর্ম্মবিৎ। এব মাদি গুণৈর্যুক্তঃ স এব রাজলেখকঃ॥

অস্যার্থঃ। সদ্বংশোদ্ভব ব্রাহ্মণ মন্ত্রণাভিজ্ঞ ও রাজ-নীতিজ্ঞ নানা দিগ্দেশীয় অর্থাৎ অযোধ্যা কোশলা পাঞ্চাল মগধ ম্লেচ্ছ তুরুস্ক ইত্যাদি দেশের নানাক্ষরীয় লিপি প-ঠনে পটুতর ধারণাবতী মতিযুক্ত অর্থাৎ স্মারক নানা দেশীয় ভাষা কথনে পারক সন্ধি বিগ্রহ ভেদক অর্থাৎ স্ববুদ্ধে রাজাদিগকে পরস্পর বিরোধে প্রবর্ত্তক ও নিবর্ত্তক মন্ত্রণা চতুর ধীমান্ নীতিশাস্ত্রে বিদ্বান্ রাজহিতৈষী ভূপ সমীপ বাসী স্পষ্ট ও সত্য বাক্য ভাষী জিতেন্দ্রিয় অর্থাৎ যাহার মন আদি ইন্দ্রিয় পরস্ত্রী আদি লোভে নিবর্ত্ত আর ও রাজধর্ম্ম তৎপর॥

তথাচ রাজনীতি রত্নাবল্যাং। নৃপানুবর্ত্তী সততং নৃপ-বিশ্বাস রক্ষকঃ। নৃপতে র্হিতমন্বেষী স এব রাজলেখকঃ॥ (অস্যার্থ বচনে বোদ্ধব্যং।)

প্রাড়্বিবাক প্রমাণ ও শূদ্রজাতির রাজ-কার্য্য নিয়োগে দোষ।

মহীপতি স্বীয় অস্বাস্থ্যোপলক্ষে বা অন্য কারণবশাৎ আত্ম প্রতিনিধিত্বে রাজকার্য্য সম্পাদনার্থে বেদবিৎ বিদ্বান্ বিপ্রকে নিযুক্ত করিবেন এবং অর্থী প্রত্যর্থীর

দায়াদির নির্ণয়ার্থ ও উত্তমর্ণ অধমর্ণের মধ্যে ঋণ বৃদ্ধি বিষয়ক বিরোধ নিষ্পত্যর্থ দ্বেষ বৈষম্য বর্জ্জিত পক্ষপাত রহিত বিদ্বান্ ব্রাহ্মণকে প্রাড়্বিবাক কার্য্যে নিয়োজিত করিবেন কদাপি শূদ্রজাতিকে নিযুক্ত করিবে না। এতাবতা নিম্নে লিখিত প্রমাণাৎ পূর্ব্বাপর দ্বিজাদিই রাজকার্য্য সম্পাদক সপ্রমাণ হইতেছে অতএব ব্রাহ্মণের রাজকার্য্য স্বীকারে দোষাভাব।

যথা মানবধর্ম্মশাস্ত্রে অষ্টমাধ্যায়ে মনু প্রোক্ত।

যদা স্বয়ং ন কুর্য্যাত্তু নৃপতিঃ কার্য্যদর্শনং। তদা নিযুঞ্জ্যাদ্বিদ্বাংসং ব্রাহ্মণং কার্য্যদর্শনে॥ যস্য শূদ্রস্তু কুরুতে রাজ্ঞো ধর্ম্ম বিবেচনং। তস্য পশ্যতি তদ্রাষ্ট্রং পঙ্কে গৌরিবপশ্যতঃ॥

অস্যার্থ। যদা কার্য্যান্তরাকুল রোগাদি যুক্ত রাজা স্বয়ং কার্য্য দর্শনং ন কুর্য্যাত্তদা তদ্দর্শনার্থ বিদ্বান্ ব্রাহ্মণং নিযুঞ্জিত। তদা যস্য রাজ্ঞোধর্ম্মবিবেচনং শূদ্রঃ কুরুতে তস্য পশ্যতে এবপঙ্কে গৌরিব তদ্রাষ্ট্র মবসন্নং ভবতি॥

তথাচ কাত্যায়ন।

যত্র বিপ্রো ন বিদ্বান্ স্যাৎ ক্ষত্রিয়ং তত্র যোজয়েৎ। বৈশ্যং বা ধর্ম্মশাস্ত্রজ্ঞং শূদ্রং যত্নেন বর্জ্জয়েৎ॥ [অস্যার্থঃ প্রমাণে বোদ্ধব্যং।]

যদ্যপি প্রাগুক্ত প্রমাণ অস্মৎ গ্রন্থে সঙ্কলনে নিষ্প্রয়োজন প্রত্যুত গ্রন্থগৌরব তথাপি অধুনা রাজকার্য্যকারী বিপ্রদিগকে শূদ্রাদিরা তত্তজ্জনের তৎকার্য্য স্বীকারে দোষারোপ করেন ইদানীং তদ্বাক্য বারণার্থ উক্ত প্রমাণ সপ্রয়োজনক অবশ্যই হইবে।

পুস্তকমাণ অর্থাৎ পরিমাণ।

যোগিনীতন্ত্রে। মাণং বক্ষ্যে পুস্তকস্য শৃণু দেবি সমাসতঃ। মানেনাপি ফলং বিদ্যাদমানে শ্রী হঁতা ভবেৎ॥ হস্তমাত্রং মুষ্টিমাত্র মাবাহু দ্বাদশাঙ্গুলং। দশাঙ্গুলং তথাষ্টৌ চ অতঃ হীনং ন কারয়েৎ॥ (অস্যার্থ সুগমো বচনে বোদ্ধনাং।)

ভূমৌ লিখনাদি নিষেধ মাহ।

তত্রৈব। ন ভুমৌ বিলিখেদ্বর্ণং মন্ত্রং ন পুস্তকং লিখেৎ। ন মুক্তা পুস্তকং স্থাপ্যং ন মুক্ত মাহরেত্তু তৎ॥ ভূকম্প গ্রহণে চৈব অক্ষরং বাথ পুস্তকং। ভূমৌ তিষ্ঠতি দেবেশি জন্ম জন্ম সুমূর্খতা॥ তদা ভবতি দেবেশি তস্মাত্তৎ পরিবর্জ্জয়েৎ॥

ভিন্নপত্র মোক্ষণে নিষেধমাহ।

লিঙ্গপুরাণে। সপ্তাব্দয় শ্চতুর্ব্বেদা ধর্ম্মপাদং তথাংগো। স্তেষাঞ্চ লংঘনে রাজন্ যৎপাপে লিপ্যন্তে নৃণাং॥ তুল্যপাপ মবাপ্নোতি অন্যপত্রান্য মোক্ষণে॥

অর্থাৎ স্বনামিক পত্র ভিন্ন যে পত্র অন্য কর্ত্তৃক অন্যে লিখিত হয়, তাহা মোক্ষণ পূর্ব্বক পাঠ করিলে বিশ্বাসঘাতকতা জন্য উক্ত পাপে লিপ্ত হইতে হয় উক্ত বিধ্যনুসারে অধুনা অস্মদাদির মধ্যে ৭৪।৷ পাপ স্মরণার্থ লিখিত হয় তাহা অমূলক কার্য্য নহে।

লেখনী প্রমাণ।

পত্রাদি প্রমাণ চিহ্ন কোণ কর্ত্তনাদি পূর্ব্বে লিখিত হইয়াছে কিন্তু লেখনী প্রমাণ দর্শিত হয় নাই ফলতঃ নানা-

নুরূপ ইদং গ্রন্থে তৎ প্রমাণ প্রয়োজনাভাব হইলেও পাঠক মহাশয়দিগের মনোরঞ্জন কারণ লিখিতেছি হৃষ্ট-চিত্তে দৃষ্ট করিবেন।

যথা যোগিনীতন্ত্রে তৃতীয়ভাগে সপ্তম পটলে।

বংশসূচ্যা লিখেদ্বর্ণং তস্য হানি র্ভবেৎ ধ্রুবং। তাম্র-সূচ্যা তু বিভবো ভবেন্ন তৎক্ষয়ো ভবেৎ॥ মহালক্ষ্মী র্ভবেন্নিত্যং সুবর্ণস্য শলাকয়া। বৃহন্নলস্য সূচ্যৈব মতিবৃদ্ধিঃ প্রজায়তে॥ তথা অগ্নিমৈর্দ্দেবি পুত্রপৌত্র ধনাগমং। রৈ-ত্যেন বিপুলা লক্ষ্মীঃ কাংস্যেন মরণং ভবেৎ॥ অষ্টাঙ্গুল প্রমাণেন দশাঙ্গুলমেবাংথবা।

বংশোদ্ভবা ও কাংস্য নির্ম্মিত লেখনী বর্জ্জন পুরঃসর অষ্টাঙ্গুল প্রমাণে তাম্র স্বর্ণ রৌপ্য এবং নল ও চিত্রকাষ্ঠ অর্থাৎ ওয়াস্তিকৃত লেখনী দ্বারা পত্রাদি লিখিবেন।

শব্দস্য প্রয়োগমাহ।

স্বনাম পরনামোচ্চারণ বা লিখন পূর্ব্ব শ্রীশব্দ প্রয়োগ শিষ্ট ব্যবহার পূর্ব্বাপর প্রসিদ্ধ শ্রীশব্দ লক্ষ্মী বাচকত্ব হেতু-ত্বাৎ নাম পূর্ব্ব তদ্দানে সুতরাং নামের ঔৎকার্য্য উদয় হয় নামের সহিত তৎ শব্দের পৃথক্ কল্পনায় বৈয়র্থ্যাপত্তি সম্ভাবনা বিসর্গান্ত শ্রীশব্দ নাম পূর্ব্বে সমাসে এক পদ জন্য বিসর্গের লোপ দ্বারা তদাপত্তি বিরহ, বক্তা বা লেখকের মনোগত চিন্তার তাৎপর্য্যাধীন তৎশব্দ লিঙ্গ-ভেদে শ্রীযুক্ত শ্রীমতি ইত্যর্থ বোধক হয়, যেমত গো ব্যাঘ্র গঙ্গাবাসী নৃপ শার্দ্দূলী পীতাম্বরেত্যাদি শব্দ ভিন্ন পদ ক-রণে ভিন্নার্থ জ্ঞাপক অথচ এক পদ দ্বারা বাক্য লক্ষণা-

নুসারে গো ব্যাঘ্র শব্দার্থ গোস্থ ব্যাঘ্র গঙ্গাবাসী গঙ্গাতীর বাসী নৃপশার্দ্দূল ব্যাঘ্রবৎ পরাক্রমী রাজা পীতাম্বরি পীত অম্বরং যস্ত্র অর্থাৎ শ্রীকৃষ্ণ এতাবতা শ্রী. শ্রীমৎ শ্রীমান, শ্রীমন্ত, শ্রীযুক্ত, শ্রীযুত, শ্রীয়া শ্রীল, এতচ্ছব্দার্থতুল্য শাস্ত্রানুসারে নিষেধা প্রাপ্তসত্বেও স্বনাম পূর্ব্বে শ্রীশব্দ ব্যতিরেকে শ্রীমান শ্রীযুক্ত শব্দাদি নিয়োগ অস্মদ্দেশীয় শিষ্ট ব্যবহার বিরুদ্ধ, কিন্তু প্রাচীন গ্রন্থকারেরা আত্ম নামে শ্রীমৎ শ্রীমান শব্দ ব্যবহার করিয়াছেন। যথা শ্রীমান বররুচি ধীমান তনোতি পত্রকৌমুদীং। শ্রীমৎ শ্রীযুক্ত শব্দ লিঙ্গভেদে অর্থাৎ স্ত্রীনামে যোজিত হইলে শ্রীমতী শ্রীযুক্তা লিখিত হইবে, অজীবিত মনুষ্যের নামোল্লেখ করণে বা লিখনে ঈশ্বর বা ঠাকুর শব্দ ব্যবহৃত, যদ্যপি তৎ প্রমাণাদির অধুনা অপ্রাপ্তি হউক তথাচ শিষ্টগণের বলবদ্ব্যবহার অলংঘ্য মনুষ্যগণের জীবনাবচ্ছিন্ন কাল পর্য্যন্ত সাংসারিক বৈষয়িক বাসনা বশতঃ স্বতঃ শ্রীআকাঙ্ক্ষা, সুতরাং স্বনামে পরনামে শ্রীদান বিধেয়কর্ত্তার লোকান্তর প্রযুক্ত আকাঙ্ক্ষার শূন্যত্ব এবং পাপ পুণ্য বশতঃ তাঁহার প্রেতত্ব দেবত্ব প্রাপ্তি হউক তথাপি তৎসন্তানাদির তৎপ্রতি ঈশ্বরত্ব প্রাপ্তির অভিমান উদয় হয় অতএব ঠাকুর বা ঈশ্বর শব্দ প্রয়োগ অযুক্ত নহে।

অপিচ দীর্ঘকাল লোকান্তর গত গ্রন্থকারগণের নাম পূর্ব্বে শ্রীপ্রয়োগ হয় তৎকারণ তাহাদিগের কৃত গ্রন্থ বর্ত্তমান প্রযুক্ত তাহাদিগের কীর্ত্তি জীবিতা, এতাবতা তদ্ব্যবহার বিধেয় শ্রীশব্দের স্ত্রী পুং উভয় লিঙ্গে তুল্য

প্রয়োগ, যথা শ্রীহরি শ্রীদুর্গা শ্রীরাম শ্রীকৃষ্ণ নামক কতিৎ জনগণ শ্রীশব্দ নামের ঘটকীভূত জ্ঞান করতঃ স্বনামে যুগ্ম শ্রীদান করেন অর্থাৎ শ্রীশ্রীরাম লিখেন কিন্তু রাম কৃষ্ণ নাম দ্বন্দ্ব দ্ব্যক্ষর এতাবতা ভ্রামক বুদ্ধি জন্য তাদৃশ ব্যবহার দের নামোচ্চারণে বা লিখনে কিম্বা গৌরবার্থ পরনামে যুগ্ম শ্রীদান করণ বিধেয় তাহাতে পৌনরুক্তি দোষাভাব, যেহেতু বিষাদে, বিস্ময়ে, প্রমাদে, হর্ষে, ভয়ে ও বাক্য দৃঢ় করণার্থে পৌনরুক্তি ব্যবহার আছে, দেখ সর্প ও বজ্রভয় বারণ কারণ গরুড় ও জৈমিনি শব্দ পুনঃ২ উচ্চারিত হয় বাক্য দৃঢ় কারণ পৌনরুক্তি এতদ্রূপে প্রয়োগ যথা।

হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলং।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা॥

আক্ষেপোক্তি এতদ্রূপে ব্যবহৃত যথা।

গতং জন্ম গতং জন্ম গতং জন্ম নিরর্থকং।
শ্রীগোবিন্দপাদদ্বন্দ্বং ভজনং ভাবনং বিনা॥

দৈন্যোক্তি এইরূপে কথিত হয়, যথা।

পতিতং পামর চাস্মি পাপাত্মা পাপভাজনঃ।
অপারে ঘোরসংসারে ত্রাহি মাং মধুসূদন॥

অতএব পরনাম পূর্ব্বে শ্রীল শ্রীযুক্ত শব্দ বিন্যাসে লেখক দোষার্হ নহেন কেননা তদ্দ্বারা লেখকের স্বীয় দীনতা এবং যাহাকে লেখা যায় তাহার সম্ভ্রম প্রকাশ পায় ভক্ত্যর্থ স্তুত্যুক্তি বিধেয়ে যেমত "নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমোনমঃ।" অতএব বর্ত্তমান প্রমাণানুসারে যে যে

স্থলে পৌনরুক্তি যুক্তিযুক্ত ও বিধেয় তাহা পাঠকবর্গের অবগতি হইবে যথা॥

বিষাদে বিস্ময়ে হর্ষে তথা দৈন্যাবধারণে।
প্রমাদে সম্ভ্রমে চৈব দ্বিস্ত্রিরুক্তং ন দুষ্যতি॥

শ্রীশব্দ প্রয়োগে বিশেষ স্থানানি।

দেবং গুরুং গুরুস্থানে ক্ষেত্রং ক্ষেত্রাধিদেবতা।
সিদ্ধং সিদ্ধাধিকারাংশ্চ শ্রীপূর্ব্বং সমুদীরয়েৎ॥

অর্থাৎ দেবতা গুরু এবং তাঁহারদিগের বাসস্থল পুণ্যক্ষেত্র এবং ক্ষেত্রাধিষ্ঠিত দেবতা সিদ্ধপীঠ ও সিদ্ধাধিকারীর নামে শ্রীপূর্ব্ব করিয়া লিখিবেক যেমত শ্রীকৃষ্ণ শ্রীগুরু শ্রীপাঠ ভাটপাড়া শ্রীক্ষেত্র, শ্রীপুরুষোত্তম, ইত্যাদি গুরুশব্দার্থ মন্ত্রদ বিদ্যাশিক্ষক বিপ্র সম্বন্ধ গরিষ্ঠ অর্থাৎ পিতা মাতা পিতামহ জ্যেষ্ঠভ্রাতরৌ মাতুল শ্বশুরাদয়ঃ ও স্বজাতীয় বয়ঃ বৃদ্ধ ও বিদ্যাবৃদ্ধ ইত্যাদি গণের নাম শ্রীহীন করা অকর্ত্তব্য।

ইতি শ্রীরাজনারায়ণ ভট্টাচার্য্য বিরচিতে বিজ্ঞা-
নাঞ্জনে প্রথম কোর্ষ্ঠে পত্রলক্ষণ নামক
প্রথম পরিচ্ছেদ সমাপ্ত।

পত্র প্রশস্তিঃ।

রাজপত্র প্রশস্তিঃ।

যথা। পত্রকৌমুদ্যাং। ৭ স্বস্তি গীর্ব্বাণনরচূড়ারত্ন রাজিরোচিশ্চুম্বিত চন্দ্রচূড়চরণনখেন্দুবিম্বচন্দ্রিকা সন্দো-

হাস্বাদ চতুরচেতশ্চকোরবর, বিষম সমর সঞ্চরতঃ প্রবল-তরতুরগখুরপুটপটলদলিত ভূপৃষ্ঠোত্তিষ্ঠদ্ধুম্রিষ্ঠ ধূলিবারধূব-রিত সকল হরিদন্তর খরতরনখরবাণ বিত্রাসিত প্রত্যর্থী পৃথ্বীপতি স্বার্থপ্রার্থিতানুকম্পা। সুধা সম্পাতানবরত বিদ্ব-দ্দারিদ্র্যবিদ্রাবণদ্রবিণ রাশি বিশ্রাণন সমুপার্জ্জিত যশো মরলাবলি কবলিত বলিদধীচি সঞ্চিত যশো মৃণালজাল ভূভালকুলতিলক শ্রীযুক্ত মহারাজাধিরাজেষু।

অস্যার্থঃ। দেবতা সমূহের চূড়াস্থ রত্নশ্রেণী জ্যোতিঃ স্ফুরণক দেদীপ্যমান বিশ্বেশ্বরচরণ বিরাজিত নখরূপ সিতকর করাস্বাদনে যাহার চিত্ত চকোরবর তুল্য চতুর হইয়াছে এবং বিষম যুদ্ধে ভ্রাম্যমাণ যাহার প্রবলতর ঘোটকবর সমূহের খুরপুটপটল দ্বারা দলিত ভূতল হইতে উত্থিত ধূলিকরণক দিগ্মণ্ডল ধূসরিত হইয়াছে এবং ভুজদণ্ড ধৃত খরতর নখরূপ বাণ ভয়ে ত্রাসিত বিপক্ষ রাজা সকল স্বীয় স্বীয় অর্থ প্রদান পূর্ব্বক যাহার অনুগ্রহ গ্রহণে প্রার্থিত আছেন। এবং অনবরত করুণামৃত সিঞ্চন করতঃ পণ্ডিতদিগে দারিদ্র্য নাশক ধনরাশি দান দ্বারা যশো-রূপ হংসশ্রেণী কর্ত্তৃক বদান্য বলিরাজা ও দধীচি মুনির সঞ্চিত যশো মৃণাল ভক্ষিত হইয়াছে এবম্ভূত রাজকুল-তিলক শ্রীযুক্ত মহারাজাধিরাজেষু।

২ প্রশস্তিঃ।

৭ স্বস্তি ভগবচ্চরণারবিন্দদ্বন্দ্ব মকরন্দসন্দোহাস্বাদা-নন্দিত মনোমৌলেন্দ্রাবলি গীর্ব্বাণগণ দারিদ্র্যবিদ্রা-বণদ্রবিণ রাশি বিশ্রাণনোপার্জ্জিত যশঃ সুধাধান ধরা-

লঙ্ঘ্য ধরামণ্ডল প্রবলপ্রতাপ বীতিহোত্রজ্বালাকপাল কবলীকৃত শাত্রব সুলভত্রাতেষু।

অস্যার্থঃ। শ্রীশ্রীগোবিন্দপদারবিন্দ দ্বন্দাবস্থিত মকরন্দ রসাস্বাদনে যাহার চিত্তরূপ ভ্রমর আনন্দিত হইয়াছে এবং ভূদেবগণের দারিদ্র্য নাশক ধনদানোপার্জ্জিত নিজ যশোরূপ চন্দ্র কিরণ করণক পৃথিবীমণ্ডল উজ্জ্বল করিয়াছেন। এবং যাহার প্রবলপ্রতাপ স্বরূপ অনলশিখা করণক শত্রুরূপ পতঙ্গ সমূহেরা দগ্ধীভূত হইতেছে এবম্ভূত মহারাজেষু।

৩ প্রশস্তিঃ।

৭" স্বস্তি শ্রীমদ্দোর্দ্দণ্ড সংলগ্ন কোদণ্ডাভিঘাত ভ্রমদিক্করিগ্রাব বিদ্রাবিতাশেষ শত্রুজাল বিপক্ষদাবদাবানল গজঘণ্টা রণৎকার নির্জ্জিত সকল ভূপাল সৌন্দর্য্য নির্জ্জিত মার যশঃপুর কর্পূরাসারপুরিত সংসার সমস্ত প্রক্রিয়া বিরাজমান প্রবলপ্রতাপ মহারাজাধিরাজ সচ্চরিত্রেষু।

অস্যার্থঃ।

যাহার হস্তধৃত ধনুকের ধ্বনিতে দিগ্‌গজ সকল ভয়ে ভ্রাম্যমাণ হইয়া শত্রুসমূহকে ত্রাসিত করিতেছে এবং বিপক্ষ স্বরূপ বনদাহনে যাহার তেজোদাবানল প্রায় পটুতর হইয়াছে। যাহার গজকণ্ঠালগ্ন ঘণ্টাধ্বনিতে বিপক্ষ পক্ষীয় রাজাগণের সৌন্দর্য্য নির্জ্জিত অর্থাৎ ভয়ে শ্রীহীন হইতেছে ইত্যাদি প্রক্রিয়া বিরাজমান মহারাজ স্বীয় সৌন্দর্য্যে কন্দর্পের যশোনাশ পূর্ব্বক কর্পূর সদৃশ শুভ্র ও

সৌরবান্বিত যশোদ্বারা সংসার সৌরবামোদিত করি-তেছেন।

৪ প্রশস্তিঃ।

৭ স্বস্তি শ্রীমদতিপ্রচণ্ড নিজভুজদণ্ডসংলগ্ন কোদণ্ডশর কাণ্ডতাণ্ডবখণ্ডিতারি নিখিলভুবনয় ভূপাল মৌলিমুকুট মণিময়ূখমালা বিলসিত চরণপঙ্কজেষু।

অস্যার্থঃ

নিজ প্রচণ্ড ভুজদণ্ডধৃত কোদণ্ড অর্থাৎ ধনুকস্থিত বাণ কাণ্ডের তাণ্ডব অর্থাৎ নৃত্যদ্বারা অরিমণ্ডল খণ্ডিত এবং সমস্ত পৃথিবীস্থ রাজাগণের মুকুট বিরাজিত রত্না-বলির মালাতে যাহার চরণে প্রজ্জ্বলিত অর্থাৎ পৃথিবীর রাজাগণেরা যাহার পদানত হইয়া স্ব স্ব শিরস্থ মণিসমূহের দ্বারা চরণে সুপ্রকাশ করিতেছে এবম্ভূত মহারাজেষু।

৫ প্রশস্তিঃ

সমস্তানন্দমন্দিররমোপমারমণ পরিচর্য্যাপরায়ণান্তঃ-করণাবাপ্ত সমস্ত বৈভব নিজ যশঃপুর কর্পূরপূরিত দিগ-ন্তর হরিদন্তরালেষু।

অস্যার্থঃ।

সকল সুখের আলয় যে লক্ষ্মী তাহাতে রমণশীল যে-বিষ্ণু তাহার পূজা পরায়ণান্তঃকরণ যাহার এবং সমস্ত বৈভব প্রাপ্ত যশোরূপ কর্পূর তৎদ্বারা দিক সকলের মধ্যে স্থান পূরিত অর্থাৎ যাহার যশে দিঙ্মণ্ডল শুভ্রবর্ণ ও সৌরবামোদিত হইয়াছে।

৬ প্রশস্তিঃ।

নানাবিধভারতী সম্ভারসম্ভাবিতাভিনব বদনারবিন্দ গুণিজনবিশ্রামধাম ত্রিভুবনবিখ্যাতনামপূরিত যাচককাম-সকল গুণগুণালঙ্কৃত স্বাশ্রিতজনাঃ কল্পবৃক্ষেষু।

অস্যার্থঃ।

নানা প্রকার বচনাধার বদনাম্বুজ গুণিগণের প্রশংসা স্থান অর্থাৎ গুণিগণের সতত গুণ প্রশংসক এবং বিশ্রাম ধাম এবং যাচকগণের কামপূর্ণ হেতু বিখ্যাত নাম যুক্ত সকল গুণে অলঙ্কৃত এবং আশ্রিত জন সম্বন্ধে কল্পবৃক্ষ তুল্য এবম্ভূতেষু।

৭ প্রশস্তিঃ।

উজ্জ্বলকুলিকণৎকাল করালবালাঞ্চল পঞ্চাস্য খণ্ডিতারাতি দন্তাবল রণগলদ্রক্ত সংপাত শোণায়িতীকৃত গোত্র গাত্রেষু।

অস্যার্থঃ।

দীপ্তি বিশিষ্ট শব্দায়মান ভয়ঙ্কর বাণ স্বরূপ সিংহ যৎকর্ত্তৃক শত্রুদিগের দন্তাবল অর্থাৎ হস্তী সকল নিহত ও তদ্গলত রক্ত ধারা দ্বারা ধরিত্রীগাত্র রক্তাভিষিক্ত হইয়াছে যৎকর্ত্তৃক এবম্ভূতেষু।

৮ প্রশস্তিঃ।

অবিরত বিততবিতরণ বিতণ্ডিত সুরসরিল্লহরী গুণগণেষু শ্রীমহামহিমেষু।

অর্থাৎ। অবিরত অতিশয় ধন বিতরণ দ্বারা বাগ-

জল্পিত অর্থাৎ তুচ্ছীকৃত গঙ্গার তরঙ্গ গুণ সমূহ যৎ কর্ত্তৃক এবম্ভূত মহামহিমেষু।

৯ প্রশস্তিঃ।

৭ ॱ স্বস্তি যশোমরালাবলিমণ্ডিত সংসারকাসার সৌ-জন্যৌদার্য্যাদি বিবিধানবদ্য গুণাগার সজ্জনহৃদয়লতা-লম্বন সহকাক্রুত বিরচিতানেক প্রত্যর্থী পার্থিবান্ধকার শ্রীযুক্ত মহারাজেষু।

অস্যার্থঃ।

যাহার যশোরূপ হংসাবলি দ্বারা সংসার স্বরূপ সরো-বর সংমণ্ডিত অর্থাৎ সুশোভিত হইয়াছে এবং যিনি সৌজন্য ও ঔদার্য্যাদি গুণে অন্বিত ও গুণের গৃহ স্বরূপ হইয়াছেন। এবং সাধু সমূহের সদয় হৃদয় স্বরূপ লতা তাহার আলম্বন বিষয়ে যিনি স্বতঃ সহক অর্থাৎ সমর্থ এবং অশ্রুত অর্থাৎ অশ্রবণ দ্বারা বিরচিত শত্রুরাজাদি-গের অন্ধকার যৎ কর্ত্তৃক এবম্ভূত মহারাজেষু।

১০ প্রশস্তিঃ।

৭ ॱ স্বস্তি শ্রীপুরন্দরাদি বৃন্দারকবৃন্দবন্দ্য শ্রীগোবিন্দ পাদদ্বন্দারবিন্দ নিস্যন্দমানানন্দ মকরন্দতুন্দিল মধুব্রত কল্পেষু।

অস্যার্থঃ।

ইন্দ্রাদির দিকপাল দেব দ্বারা বন্দনীয় শ্রীগোবিন্দ পাদপদ্ম হইতে গলিত উত্তম মকরন্দ তাহার পান দ্বারা পরিপূর্ণোদর ভ্রমর তুল্যেষু॥

১১ প্রশস্তিঃ।

৭ স্বস্তি প্রতপৎ প্রতাপ তপনোত্তাপিত প্রত্যর্থী স্বার্থা পূর্ব্বতর সৌর্য্য সমীকৃত পার্থযশস্তোম সোম ধ্বনিত ধরণীমণ্ডল সন্ততঃ বিচারিত পাষণ্ডমণ্ডলাঃ সন্তোষিতা খণ্ডন বিবিধবিদ্যা নবদ্যবন্দনন্দ্য সরণ শক্তা রাধিত শ্রীমন্নারায়ণচরণারবিন্দ শ্রীমন্মহামহিমেষু।

অস্যার্থঃ।

প্রতপ্ত প্রতাপ তপন অর্থাৎ প্রতাপ স্বরূপ সূর্য্য তদ্দ্বারা সন্তাপিত প্রত্যর্থী যৎকর্ত্তৃক এবং শৌর্য্য বীর্য্য দ্বারা অর্জুনের যশঃ সমীকৃত করতঃযশশ্চন্দ্রের দ্বারা নিশ্বোদিত হইতেছে। যৎকর্ত্তৃক এবং ধ্বনিত ধরণী মণ্ডলে নিরন্তর বিচার দ্বারা পরাজিত পাষণ্ড সমূহ তদ্দ্বারা শচীপতির আনন্দ জন্মিতেছে যৎকর্ত্তৃক এবং বিদ্বান জনের বন্দনীয় অর্থাৎ শ্রেষ্ঠ এবং আরাধিত শ্রীকৃষ্ণপাদপদ্ম নিরন্তর শরণাগত এবম্ভূত মহারাজেষু।

১২ প্রশস্তিঃ।

৭ স্বস্তি কনকাকার তুরঙ্গনাদ্যনেক বিধ বিধি বোধিত বিতরণ কৃতার্থী স্বার্থ গীয়মান যশঃ প্রকাশী কৃতশামণ্ডলেষু।

অস্যার্থঃ।

যাহার অশ্বাগার কনকাকার অর্থাৎ কনকাই ঘোটকে পূর্ণিত এবং বিধি বোধিত রূপে ধন বিতরণ দ্বারা কৃতার্থী কৃতঅর্থী অর্থাৎ যাচকগণ দ্বারা গীয়মান যশঃ তাহাতে দিঙ্মণ্ডল প্রকাশীকৃত হইয়াছে যৎকর্ত্তৃক এবম্ভূত।

১৩ প্রশস্তিঃ।

৭ স্বস্তি শ্রীমদ মন্দমেদুর মন্দাকিনী মধুরতরতরঙ্গ-ব্রাত নিরন্তর শীকর সংসিক্ত মন্দারকুসুম নিস্যন্দিত ম-করন্দবিন্দুসন্দোহ স্বহৃদয় শেষশায়ীচরণ স্মরণ রসিক নিজ চরিত্র চমৎকার স্মরণ বিশ্বারি আসীন বলিদধীচি রাধেয় গুণবর্ণেষু।

অস্যার্থঃ। পরম সুন্দর নিবিড়তর মধুর গুণ বিশিষ্ট মন্দাকিনীর তরঙ্গশীকর অর্থাৎ গঙ্গাজলের ফেণাভিষিক্ত ও আর্দ্রীভূত পারিজাত পুষ্পজাতরসবিন্দুপানে প্রচুর-তর আনন্দিত হৃদয় যাহার। এবং শেষশায়ী শ্রীকৃষ্ণের চরণারবিন্দে ধ্যাননিষ্ঠ। যিনি স্বীয় শুদ্ধ চিত্ত সংযুক্ত দ্বারা বিশ্বসংহার বিশ্বেশ্বরকে বশীভূত করিয়াছেন এবং বলি দধীচি কর্ণ তুল্য গুণবর্ণযুক্ত বদান্যেষু।

১৪ প্রশস্তিঃ।

৭ স্বস্তি শ্রীগুণগণ বিরাজমান হয়চমূ পুরঃসর ভটকটক বিজয়যাত্রাবসর জৈত্র ভুজঙ্গজিহ্বায়মান পৃথ্যাকৃষ্ট কো-দণ্ড বদ্ধাসাদিত শরকাণ্ডাখণ্ডিত খণ্ডনাখণ্ডল গর্ব্বিতা-রাতি নির্ভিন্ন চণ্ডকরমুণ্ডেষু।

অস্যার্থঃ। গুণ সমূহের দ্বারা দেদীপ্যমান ঘোটকা চমু পুরঃসর ভট কটক অর্থাৎ অগ্রসর শত্রুপক্ষীয় যোদ্ধা গণেরে জয় নিমিত্ত যাত্রাযুক্ত ও ক্ষণমাত্রে জয়শীল এব-ভূত। সর্পজিহ্বা তুল্য দুরাকর্ষণীয় ধনুর্ব্বদ্ধবাণ সমূহের নিক্ষেপ দ্বারা শক্র সম গর্ব্বিত শত্রু সমূহের চণ্ডকর মুণ্ড

অর্থাৎ চন্দ্রকান্ত মণি নির্ম্মিত মুকুট বিশিষ্ট মস্তক খণ্ডন অর্থাৎ ছেদন হইয়াছে যৎকর্ত্তৃক এবম্ভূতেষু।

১৫ প্রশস্তিঃ।

৭ স্বস্তি চতুরুদধি মহীমণ্ডলা হরণীয় কুণ্ড প্রচণ্ড প্রতাপ বীতিহোত্র দুয়মান মহাসি জিহ্বাস্রাবিত স্বারি মুণ্ডখণ্ড পুরোডাসপূরিত রণ ধরণীকৃত মণ্ডলোদ্ভূতাগ্রভাগগ্রহণ মহোগ্র গ্রহীবভক্ত ভৈরব কৃতশীরাশংসন সম্ভূত মহাভ্যুদয়েষু।

অস্যার্থঃ। ইক্ষু দুগ্ধ ঘৃত দধি সাগরচতুষ্টয়ে বেষ্টিত ভূমণ্ডল যাহার যজ্ঞকুণ্ড মহাখড়্গ স্বরূপ জিহ্বাযুক্ত প্রতাপ অনলে প্রজ্জ্বলিত, এবং অনলশিখা অর্থাৎ খড়্গ দ্বারা ছেদিত শত্রু গণের মণ্ড খণ্ড সকল হোমীয় দ্রব্য তদ্দ্বারা পূর্ণিত রণস্থলে কৃত মণ্ডল অর্থাৎ যজ্ঞস্থল। ঐ শত্রু নাশক যজ্ঞের অগ্রভাগ গ্রহণার্থ অত্যন্ত উগ্রগ্রাহীভূত অর্থাৎ কুম্ভীরাকার বিকটাস্য হাস্য যুক্ত ভৈরব গণ আশীর্ব্বাদ দ্বারা যাহার মহামঙ্গল জন্মাইতেছে এবম্ভূতেষু।

১৬ প্রশস্তিঃ।

৭ স্বস্তি মত্তমাতঙ্গ তরলতর তুরঙ্গরিঙ্গণ রসিক করণ ধীর কর কার্য্য মানস, কর্ণিকার্ণী নারাচ ছেদিতারি গণ গলদ সৃকপান কৃপাণাক্ষীর যক্ষ রাক্ষস বিক্ষোভিতা ক্ষিতিধর ক্ষুব্ধ সিন্ধু সমুচ্ছলত্তুঙ্গ তরঙ্গ তুন্দিল কল্লোলাস্ফাবিত ব্রহ্মাণ্ডমণ্ডপাকাণ্ড কম্পিত ব্রহ্মাদি দেব ভ্রমা বিভুক্ত ভূতপতিতাণ্ডব ডম্বুর বিডম্বিত মৃড় মৃড়ানী বিভ্রমেষু।

শ্রীমহারাজাধিরাজ মহাভাব চরিত্রেষু।

অস্যার্থঃ। মত্তহস্তী ও প্রবলতর ঘোটকের ক্রীড়া বিষয়ে ও ফল সাধন যোগ্য অশ্বমেধাদিযাগ এবং পণ্ডিত কর্ত্তৃক আচরিত ধর্ম্ম কর্ম্ম বিষয়ে আহ্লাদিতাশয় যুক্ত এবম্ভূত এবং কর্ণিকা নারাচ অর্থাৎ ফলক বিশিষ্ট বাণ বর্ষণে ক্ষত বিক্ষত ও ছেদিত শত্রু সমূহের গলৎরক্ত পানে উন্মত্ত খড়্গতুল্য যক্ষ রক্ষগণ কর্ত্তৃক ক্ষোভবিশিষ্ট ভূধর ও অকূপার অর্থাৎ রক্তারক্তীকৃত রণস্থানে ভৈরবের নৃত্যদর্শনে ভ্রমযুক্ত সমুদ্র প্রলয় কাল জ্ঞানে ঊর্দ্ধ চালিত ঢেউ দ্বারা ব্রহ্মাণ্ড মণ্ডপকে জলাভিষিক্ত করিতেছে তদ্দৃষ্টে অকাল কল্পান্ত লয় জ্ঞানে ব্রহ্মাদি দেবতার ভ্রম তাহাতে আবির্ভূত ভূতপতি ডমর ডম্বুর ডংকৃতি বাদ্য দ্বারা সুনদৃশী মহা ভৈরবীর সহিত নৃত্য যুক্ত তাহাতে বিলাস বিশিষ্ট মহারাজাধিরাজ মহাভাব চরিত্রেষু।

১৭ প্রশস্তিঃ।

৭ স্বস্তি শ্রীমদ্বৃন্দারকবৃন্দবন্দিত পদারবিন্দদ্বন্দ্ব শ্রীগোবিন্দানন্দিত মানস স্ফুরদ্দোর্দ্দণ্ডচণ্ডিম অনবরত খণ্ডীকৃত বিপক্ষ রাজন্য লক্ষাবীরতা তুল্য রত্ন বিতরণ প্রভাব সঙ্কোচিত কামধেনু কল্পদ্রুম চিন্তামণিগণ মহামহিমেষু।

অস্যার্থঃ। অমরগণ বন্দিত শ্রীগোবিন্দ পদযুগলে আনন্দিত মনো যাহার এবং স্ফূর্ত্তি বিশিষ্ট বাহুদণ্ডের চণ্ডিম অর্থাৎ উগ্রতা দ্বারা খণ্ডিত অর্থাৎ রণে নিহত লক্ষ২ ক্ষত্রিয় যৎকর্ত্তৃক। এবং নিরন্তরাতুল্য মঙ্গলরত্নগণ যাচক জনে দান প্রভাবে অর্থাৎ যশোদ্বারা

কামধেনু কল্পবৃক্ষ চিন্তামণিগণ সঙ্কোচিত যৎকর্ত্তৃক এবম্ভূত মহামহিমেষু ॥

১৮ প্রশস্তিঃ।

৭ স্বস্তিঃ যশোজালবালমরালধবলিত দিগন্তরালকরকলিত করালকরবালকর্ত্তারি শিরঃসহস্র স্বর্ণতামরসাভ্যর্চ্চিত শশিভাল সৌশীল্যপাঠীয় তরুমলয় সত্যার্জ্জবধ দিপূরিত ভুবনয়া জিহ্ম ব্রাহ্মধর্ম্মাধার গাম্ভির্য্যাধরীকৃত পারাবার শ্রীমহারাজাধিরাজসচ্চরিত্রেষু।

অস্যার্থঃ। যাহার যশঃ সমূহ মরালবাল অর্থাৎ হংসশাবক দ্বারা দিগ্মধ্য ধবলিত বা শুক্লীকৃত এবং করকলিত অর্থাৎ হস্ত ধৃত করবাল করণক শত্রু সমূহের শিরঃকৃত্য অর্থাৎ শিরশ্ছেদন হইতেছে। এবং যৎকর্ত্তৃক সহস্র কনকপদ্মে চন্দ্রশেখর পুজিত ও পাঠীয় তরুর ন্যায় শীলতায় ও পর্ব্বত মলয়ার ন্যায় সত্যধর্ম্ম ঋজুতায় ধরাতল পুরিত ও গাম্ভীর্য্যতার পারবারধরীকৃত অর্থাৎ সাগরাপেক্ষা ধীর। অজিহ্ম অর্থাৎ কুটিলতা রহিত ব্রহ্মসম্বন্ধীয় ধর্ম্মের আধার স্বরূপ শ্রীমহারাজাধিরাজ সচ্চরিত্রেষু।

১৯ প্রশস্তিঃ।

পরাবারোপম পরমাদর চরিত্র বিত্তবিতরণ নির্জ্জিত জগজ্জন যশোরাশিহংসী শোভাভাবিতা শশিসীমন্তিনী কর্ণলতিকেষু:

অস্যার্থঃ। সাগরতুল্য পরম উদার চরিত্র এবং ধন দান দ্বারা সংসারের মনুষ্যের দারিদ্র্য নির্জ্জিত ও যশোরাশিহংসশ্রেণী প্রায় সুশোভিত ও জগতে প্রকাশিত হইয়াছে যৎ

কর্ত্তৃক এবম্ভূত ও শশিসীমন্তিনীর কর্ণলতিকা অর্থাৎ রোহিণীর কর্ণভূষণস্থ মুক্তাগুচ্ছ স্বরূপ লতিকা তুল্যেষু॥

২০ প্রশস্তিঃ।

৭ স্বস্তি প্রচণ্ডভুজদণ্ডখণ্ডিতাশেষ দেবতারাতিঃ পরেশ পদপঙ্কজোপলব্ধ ধ্যানোপলব্ধ বিজ্ঞান বিদ্যোতিতান্তঃ করণ সমাসাদিত পরমাহ্লাদদাতিরেক দলিতেচ্ছানেক শাস্ত্রবাদোপাধিসাধিতাপবর্গমার্গেষু।

অস্যার্থঃ। প্রকৃষ্ট উগ্রভাগুণ বিশিষ্ট বাহুদণ্ডে ছেদিত দেবতারাতি অর্থাৎ দৈত্য সমূহ নিহন্তৃ যৎকর্ত্তৃক। এবং পরেশ অর্থাৎ পরমপুরুষ বিষ্ণুপাদপদ্ম উপলব্ধ অর্থাৎ তদ্বিষয়ক ধ্যানৈক চিত্ত ও তদ্দ্বারা বিজ্ঞান তাৎপর্য্য তদা কারিতা চিত্তবৃত্তিদ্বারা প্রকাশিত অন্তঃকরণ যাহার এবং সমাসাদিত অর্থাৎ প্রাপ্ত পরমাহ্লাদ সমূহ হইতে প্রকাশিত ইচ্ছা যাহার, এবং শাস্ত্রবাদোপাধিসাধিতাপবর্গমার্গ অর্থাৎ বেদশাস্ত্র প্রতিপাদ্য ব্রহ্ম উপাধি তদ্দ্বারা সাধিত ও প্রাপ্তমোক্ষপথ যৎকর্ত্তৃক এবম্ভূত মহারাজেষু।

২১ প্রশস্তিঃ।

৭ স্বস্তিঃ সমস্তানন্দমন্দির গুণবৃন্দসুন্দর মুকুন্দপদারবিন্দদ্বন্দ মন্দমেদুরমকরন্দবিন্দুমৈলন্দীকৃত হৃদয়ারবিন্দসম্ভূত বিভবাধরীকৃত সুরকুলতিলক সৌভাগ্যসম্ভারেষু।

অস্যার্থঃ। সকল আনন্দের আলয় শ্রীকৃষ্ণের পাদপদ্ম-যুগল-যুক্তগুণসমূহ অর্থাৎ সত্বাদি গুণসমূহ পাদপদ্মদ্বয় যাহাতে সুন্দর ও ঘনতর মধুরবিন্দু পানাসক্ত ভ্রমর তুল্য মন যাহার, এবং হৃদয়ারবিন্দসম্ভূত বিভব অর্থাৎ

হৃৎপদ্মে প্রকাশিত ইষ্টদেবতা স্বরূপ ঐশ্বর্য্য তদ্দারা তুচ্ছীকৃত ইন্দ্রের সৌভাগ্য সমূহ যৎকর্ত্তৃক।

২২ প্রশস্তিঃ।

অতিপ্রচণ্ডকুণ্ডলীদণ্ড প্রচণ্ডদোর্দ্দণ্ড কুণ্ডলীকৃত কোদণ্ড শরকাণ্ডতাণ্ডবখণ্ডিতারিমণ্ডল প্রোদণ্ডমুণ্ডমণ্ডিতাখণ্ডল সমোচ্চণ্ডচণ্ড দুগ্ধনিধি সমুদ্বেলাখণ্ডন ডিণ্ডিরপিণ্ড পাণ্ডুকুণ্ডযশঃ স্বনিখিল সো ভুবলয় ভূপাল রত্নহীর রণধীর মৌলিমালাবিলসিত চরণাম্বুজেষু।

অস্যার্থঃ। অতি উগ্রগুণযুক্ত সর্প তুল্য বাহুদণ্ড দ্বারা কুণ্ডলীকৃত অর্থাৎ নম্রীভূত ধনুর্যোজিত শরসমূহের তাণ্ডবক্রীড়া অর্থাৎ ইতস্ততশ্চালনে খণ্ডিত অরিমণ্ডল যৎকর্ত্তৃক এবং প্রকৃষ্টরূপে উদ্ধত মুণ্ড দৈত্যগণে মণ্ডিতাখণ্ডল অর্থাৎ যেমন দুরন্ত দৈত্যগণে বশীভূত করতঃ ইন্দ্র স্বর্গভোগ করিতেছেন তেমন অরি সকল পরাজিত করতঃ আখণ্ডল তুল্য ইত্যর্থঃ। এবং অত্যুচ্চ দুগ্ধ সাগরতীর ও গভীরনীর খণ্ডন দ্বারা ডিণ্ডিরপিণ্ড অর্থাৎ তজ্জনিত দুগ্ধবৎ শুভ্রফেণ তুল্য ও পাণ্ডু কুণ্ড অর্থাৎ কর্ণ তুল্য যশস্বী। এবং সকল পৃথিবী মণ্ডলের রাজাগণ স্বীয়২ শিরস্থ শশায়মান হীরক রত্ন ভূষিত মস্তক মালায় যাহার চরণ নিরাজন অর্থাৎ পূজা করিতেছেন এবম্ভূত।

২৩ প্রশস্তিঃ।

৭° স্বস্তিঃ শ্রীমদ্গৌরীনাথচরণারবিন্দসান্দ্র মান মকরন্দ সন্দোহপানানন্দিত শান্তমধুব্রত বিবিধগুণোপার্জ্জিতকীর্ত্তি সুধাংশুকিরণাদ্ধবলীকৃত ধরামণ্ডল নিজতেজ স্তোম ধর্ষী-

কৃতরাতি প্রচয়োতুঙ্গ তুরঙ্গবারণচমূনিচয় বিস্ফারিত রণগরিমাগ্রগণ্যাগণ নীয়বর নিখিল শাস্ত্রাভ্যাসে দীপ্ত বাগ্‌জাল পণ্ডিতব্যাপ্ত গোষ্ঠ ব্যবহিত মহেন্দ্রধামাশেষ দানাহৃত বলিকর্ণাবদাত যশঃপটলেষু।

অন্বয়ার্থঃ। শ্রীচন্দ্রচূড়চরণপদ্ম হইতে ক্ষরিত মকরন্দসমূহ পান দ্বারা আনন্দিত মন ভ্রমর যাহার এবং নানাপ্রকার বিদ্যা দ্বারা উপার্জ্জিত কীর্ত্তি স্বরূপ চন্দ্রকিরণ দ্বারা ধবলীকৃত ধারামণ্ডল যৎকর্ত্তৃক আত্মীয় তেজযঃ পটলপ্রভাতে গর্ব্বখর্ব্বীকৃত শত্রু সমূহ যৎকর্ত্তৃক এবং তুঙ্গ অর্থাৎ উচ্চতর অশ্ব হস্তিচমূ অর্থাৎ হস্তী ঘোটক রথ সেনানি সমূহের আস্ফালন দ্বারা যুদ্ধস্থানে রণ গরিমারূপ অহঙ্কারে অগ্রগণ্য বর এবম্ভূত এবং সকল শাস্ত্রাভ্যাস দ্বারা প্রকাশিত সদ্বাক্য বিশিষ্ট ও পণ্ডিত কর্ত্তৃক ব্যাপ্ত গোষ্ঠা অর্থাৎ অমরাবতীতুল্য অতিশয় শোভিতা যাহার সভা পণ্ডিতগণ মণ্ডিতা। এবং নিজ ভাণ্ডার হইতে নানা প্রকার ধন বিতরণ দ্বারা বলি কর্ণাদির আহৃত শুক্লবর্ণ যশো যশঙ্ক ইত্যর্থঃ।

২৪ প্রশস্তিঃ।

৭ স্বস্তিঃ পুরিতঃ প্রতপৎ প্রতাপতপনোগ্ধ সরিৎ প্রচুরতরদোষানুগত প্রত্যর্থী পার্থিবান্ধকার সমররাজি রোচিত প্রবাহগাপগাপতি প্রভূত যশশ্চন্দ্রচন্দ্রিকো দ্যোতিত সংসার বহুতর করগ্রহণাত্মসাৎকৃতানেকবিধরাজ মণিমুক্তাদি বহুবিধানর্ঘদ্রবিণ সমর্পণ সন্তোষিত বহুদেশীয় বিবুধসমাজ প্রত্যুহস্পৃহনীয় রূপণীয় লাবণ্যানিলয়রাজ্যার্জ্জব

ধর্ম্মকর্ম্মাদিভরিত ভুবনয় শ্রীমহারাজাধিরাজ দানশৌণ্ডের।

অস্যার্থঃ। সর্ব্বোতোভাবে প্রচণ্ডমার্ত্তণ্ড প্রায় স্বীয় প্রতাপ তপনদ্বারা বিবিধ শত্রু রাজা সমূহকে সরিৎ প্রায় শোষণ করিতেছেন এবং নিবিড়ান্ধকার সমর শ্রেণীরূপ সরিৎপতি সাগরোদ্ভূত যশঃ সুধাকরকর করণক সংসার দেদীপ্যমান করতঃ মণিমুক্তাদি বিবিধ কর গ্রহণ ও আত্মসাৎ পূর্ব্বক নানাদিগ্দেশীয় কন্দর্পের বাঞ্ছনীয় রমণীয় লাবণ্য আলয় অর্থাৎ মনোহর সুন্দর পণ্ডিত সমূহের বহু ধন অর্পণ দ্বারা সন্তোষ করিয়া সত্য সরলতা ও ধর্ম্মকর্ম্মাদি দ্বারা পৃথ্বী পূর্ণা করিয়াছেন এবম্ভূত দানশীল মহারাজাধিরাজের।

২৫ প্রশস্তিঃ।

৭ স্বান্তঃ প্রতাপতপনোত্তাপিত প্রত্যর্থী পার্থিব সার্দ্ধ মুকুট কোটিকর্ষিত চরণনখকান্তিকর্ব্বুরিত পাদ পীঠ সঙ্ঘ হনাদেশিত বিবিধ রিপু রাজকুমার আখণ্ডল পরিবর্দ্ধ পরম স্বর্ণভূমী বিতায়মানরূপ সম্পাদাকর্ণন্ মন্দীভূতাভিমার যশস্তোম সোম ধবলিত ধরণী বান্তবা বিদ্বদ্বৃন্দবর্ণ্যমানকীর্ত্তি প্রকরসৌন্দর্য্যগাম্ভীর্য্যৌদার্য্যাদি বহুবিধগুণ মনোহর শ্রীমহারাজের।

অস্যার্থঃ। যাহার প্রতাপ তপনতাপে তাপিত ও ভীত শত্রু রাজাগণ স্বীয় স্বীয় অর্দ্ধ শিরস্থ মুকুট দ্বারা নখ কান্তিযুক্ত চিত্র বিচিত্রিত সিংহাসনস্থ চরণযুগল আকর্ষণ করিতেছেন এবং শত্রুরাজপুত্রগণেরা সম্যক্ প্রকারে

যাঁহার আজ্ঞাধীন হইয়া বাহনাদির অর্থাৎ অশ্বাদির আহারীয় তৃণ আহরণ করিতেছে। এবং ইন্দ্রের সভাতুল্য সভামধ্যে নৃত্য নিপুণা স্বর্গনর্ত্তকীগণ কর্ত্তৃক যাহার রূপ ও ঐশ্বর্য্য বিস্তার বর্ণন গীত শ্রবণ দ্বারা সর্ব্বতোভাবে কন্দর্পের যশঃ মন্দীভূত হইয়াছে এবম্ভূত এবং যশশ্চন্দ্র জ্যোতিঃ করণক শুক্লীকৃত ধরণীমণ্ডল যৎকর্ত্তৃক এবং পণ্ডিতগণ কর্ত্তৃক যাহার কীর্ত্তি সমূহ বর্ণিতে এবং গাম্ভীর্য্য ও ঔদার্য্যাদি মনোহর গুণ ভূষিত শ্রীমহারাজেষু।

২৬ প্রশস্তিঃ।

স্বস্তিঃপ্রবলবলাহকনিকায় প্রতীকায় গণ্ডস্থলাধিরত বিগলন্মেরেয় ধরাপুরিতাখণ্ডভূমণ্ডল দস্তাবলপটল সমুদায় প্রলয় প্রভঞ্জন প্রতিমজবার্থর্ব্বগর্ব্ব গন্ধর্ব্বগণ খরক্ষুণ্ণক্ষৌণীতলোচ্ছলিত ধূমপটল মহোন্নতিপটিম। সম্বর্দ্ধিতমার্ত্তণ্ডমণ্ডল তিরস্কারগরিম সমুদ্রয়িত। বিবিধ বৈজয়ন্তীচয় চারুচেলাবলি চিত্রিত বিহায়স্থলপাদরয়াৎ সংজাত সমুদায়িত চামীকর শতশ্চন্দ্রচর্ম্মানিচয় চমৎকারসম্ভাবিত ত্রিলোকীতল সম্বর্ত্তসমরভ্রমভারনিচয় নিজধ্বজিনীনায়কগণ সমর বিজয় সমৃদ্ধসমীহগোপুর নিঃসরণ বৃত্তান্তাকুল ভয়বিকলি তাজিবাতানয়। পারাবারাগত বিপ্রক্ষীক ভূপালকুলবাম লোচনানয়নাবলিবিগলিতাশ্রুধারা সমুৎপাদিতা পারাবারাবারস্ফূর্ণ্যংপ্রতপৌর্ব্ব বৈশ্বানরজ্বালাবলি ত্রিগুণবলবিবরবিষরেষু।

অস্যার্থঃ। প্রবল বলাহক নিকায় প্রতিকায় অর্থাৎ বর্ষাকালীন বর্ষণে বিশিষ্ট বারিবাহাবলির ত্রিকায়স্থল

যে পর্ব্বত তত্তুল্য মহাকায় বিশিষ্ট হস্তী সমূহের গণ্ডস্থল হইতে নিরন্তর গলিত মন্ত তন্দ্বারা পূরিত পৃথ্বীমণ্ডল যৎ-কর্ত্তৃক এবং হস্তী সমুদ্র একত্রী করণের দ্বারা প্রলয়কালীয় বায়ু তুল্য অত্যন্ত বেগ ও অহঙ্কার বিশিষ্ট ঘোটক সমূহের খুরদ্বারা ক্ষণিত ক্ষ্মাতল হইতে ঊর্দ্ধে চালিত ধূমবৎ ধুলি সমূহের অতিশয় উন্নতি বিষয়ে পটুতর এবং সম্বর্দ্ধিত মা-র্ত্তণ্ড অর্থাৎ মধ্যাহ্নকালীন সূর্য্যমণ্ডলের তিরস্কার জননে গুরুত্ব গুণযুক্ত মুদ্রা অর্থাৎ অঙ্কুরী তদ্বিশিষ্ট এবং নানা প্র-কার মনোহর পতাকা ও বস্ত্রসমূহের দ্বারা চিত্রিত বিচি-ত্রিত নভোমণ্ডল যৎকর্ত্তৃক এবং যাহার সমূহ সৈন্যের পুনঃ২ পাদচালন দ্বারা সমুদ্র উদ্ভব হইয়াছে এবং স্বর্ণের শতচন্দ্র অর্থাৎ পৃষ্ঠ ভাগে স্বর্ণ নির্ম্মিত চন্দ্রাকার বিন্দ বিশিষ্ট ঢালসমূহের আশ্চর্য্য কিরণে পরাভূত ত্রিলোকীস্থল যৎ-কর্ত্তৃক এবম্প্রলয়কালীন মহাক্রম সদৃশ নিজরজিনী সেনা-নায়কগণের দ্বারা যুদ্ধ বিজয় রূপ সম্পত্তি তদ্বিষয়ে চেষ্টা-ন্বিত এবং পরদ্বার নির্গমন কালীন ব্রুত্রাস্তাকুল অর্থাৎ নিজ অমাত্যগণ সহিত মন্ত্রণাবিষয়ে ব্যগ্র ও তদ্বিষয়ে ভয় বিহ্বল পরসৈন্য পক্ষে বায়ু তুল্য এবং নিজগ্রহ স্বরূপ সমুদ্র যাহা রিপুরমণীগণের অজস্র অশ্রুধারাজাতা তটিনী দ্বারা সম্বর্দ্ধিত তাহাতে স্ফূর্ত্তিযুক্ত বাড়বাগ্নির ন্যায় উগ্র-তাগুণ বিশিষ্ট এবম্ভূত এবং ত্রিগুণিবিবর বিষয়েষু অর্থাৎ সৃষ্টিস্থিতি প্রলয়ে ত্রিগুণাধারেষু।

২৭ প্রশস্তিঃ।

৭ স্বস্তিঃ প্রচণ্ডদোর্দ্দণ্ডখণ্ডীকৃতারাতিমণ্ডলাখণ্ড গণ্ডে

স্ফুরু মুক্তামণ্ডলীমণ্ডিত সংগ্রামাঙ্গনবিক্রমাণ করবর ভৈরবগণ চর্য্যমাণানেকবিধবারণবাহাদিকায়কার বক্রতর চক্র চংক্রমণ দুরতিক্রমণীয় ক্রমাসৃগপগাপত্তি প্রভূতযশশ্চন্দ্র চন্দ্রিকাবিদ্যোতিতাখিল জগন্মণ্ডল বিবিধদ্রবিণপিণসম্বাধিত সুরিসমূহ স্তূয়মানাবদাতাবর্ত্তিকীর্ত্তি নর্ত্তকী নর্ত্তনলীলাপলেপিতা জরবর্য্যাণিকা যাতিহার্য্য গীতধুরীণোশর্ব্বশ্চাদি বেশ্যাজন সবিলাস গীয়মান গুণগণশ্রবণান্দোলিতা খণ্ডল শ্রবণকুণ্ডলপূরিত প্রস্থূপি প্রতাপতপনোত্থাপিতারাতি ভক্তি সমধ্যাসিত নিকুঞ্জগুঞ্জ গুঞ্জচ্চঞ্চরীকচয়চুম্বিতাধরবিম্ব রিপুরাজসুন্দরী সুন্দরকুচকুম্ভালোকন জায়মান স্পর্দ্ধাবর্দ্ধমানোত্তর দ্বিরদমদোদক পূরপূরিত রিপুরমণী নয়ননীরকল্লোলিনী কদুষ্ণ কল্লোলমানা সভ্ট তুহিনগিরি বসতি কিন্নরাদি বিস্তীর্ণ স্তুতিকথাকর্ণক সন্তুষ্ট। সৌন্দর্য্য সম্পাদাকর্ণন তদ্‌ভৃজায়মা নানেকবিধ বিধিবিধিভূক্ত। মনসিজশাসনাসম্ভ্রাবলোকন কণিনীকাকুলাকুলামরনব গোপিরবরবর্ণিনীবর্ণিত রূপরীতি শ্রবণ স্পর্দ্ধমান প্রদ্যুম্ন প্রস্তুত সৌন্দর্য্যগাথা প্রমুদিত শ্রীমন্নারায়ণচরণকিঙ্কর শ্রীমহারাজাধিরাজ মহাদানশোণ্ডেষু।

অস্যার্থঃ। প্রচণ্ড বাহুদণ্ডে খণ্ডীকৃত শত্রুগণের সিহত হস্তী সমূহের গণ্ডস্থল হইতে নিকৃত্য মুক্তামণ্ডলির দ্বারা যুদ্ধস্থল মণ্ডিত অর্থাৎ শোভিত অথচ যে রণভূমিতে দীপ্তি বিশিষ্ট শ্রেষ্ঠ ভৈরবগণ চর্য্যমাণ অর্থাৎ ইতস্ততঃ ভ্রমণ করিতেছে তদ্দৃষ্টে ভীত বৃহৎ কায় ও আস্ফালন বিশিষ্ট বিবিধ হস্তি ঘোটকের পুনঃং গমনে ও দুরাক্রম

গীয় পদ বিহরণে ক্রমশঃ পৃথিবী বিদারণ ও রিপুসৈন্য মর্দ্দনে শোনিতসাগর সৃষ্টি হইয়াছে ও তাহা হইতে উদ্ভূত রণ জয়রূপ যশশ্চন্দ্রোদয় তদ্দ্বারা জগৎ দেদীপ্যমান হইয়াছে অর্থাৎ রণজয় যশঃ পৃথিবী ব্যাপ্ত হইয়াছে যৎ কর্ত্তৃক এবম্ভূত। এবং ভূরিং দ্রবিণ অর্পণে সন্তোষিত সুরিসমূহে শুক্লবর্ণ স্তুতি রূপ কীর্ত্তির নর্ত্তনলীলায় নিত্য লিপ্ত এবম্ভূত এবং আমরবর্গা নিকায়া অর্থাৎ দেবরাজ বাসবাবাসে গীত বহনে নিপুণতরা মনোহরা স্বর্গনারাঙ্গনার দ্বারা যাহার গীয়মান যজুরবে অদিতিনন্দন কর্ণভূষণ আন্দোলন হইতেছে। এবং যাহার প্রতাপ প্রচণ্ড মধ্যাহ্ন মার্ত্তণ্ড প্রায় বিপক্ষপক্ষকে সন্তপ্ত ও শোষণ করিতেছে এবং ক্রিয়াকুঞ্জে গুঞ্জৎ শব্দায়মান মধুকর নিকর যাহার বিম্বাধর চুম্বনে চঞ্চলচিত্ত হইয়াছে এবং আলোয়িত কবরী রিপুরাজসুন্দরী সকলের সুন্দরকুচাবলোকনে স্পর্দ্ধান্বিত দিক্করিগণ মদজলে পুর পূর্ণিত করিতেছে। রিপুরমণীর নিরন্তর নেত্রনীরধারা দ্বারা জাত কল্লোলিনীর উষ্ণজলে যিনি উন্মজ্জন করিতেছেন এবং তুহিনগিরি অর্থাৎ হিমালয় পর্ব্বতবাসী কিন্নরাদির স্তুতিগানেযিনি সন্তোষিত হইতেছেন। যাহার সৌন্দর্য্য সম্পদ দানদ্বারা কুন্তীপুত্র কর্ণের দাতৃত্ব নম্রীভূত হইয়াছে। এবং বহুবিধ বিধি বিধানে বিধিভূত অর্থাৎ বিধানকর্ত্তা হইয়াছেন। মনসিজ শাসন অর্থাৎ পুষ্পধম্বের পঞ্চপুষ্পক বাণে জিত হইয়াছেন এবং যাহার অবলোকনে অতস্যকুলাবরবর্ণিনী অর্থাৎ দেবপত্নীরা অভিনব রসায়ন বাক্যে যাহার রূপ

রীত বর্ণনা করিতেছে যচ্ছুবণে স্পর্দ্ধাবর্দ্ধ কন্দর্প খর্ব্বগর্ব্ব হইয়া যাহার মাধুর্য্য সৌন্দর্য্য গাথা অর্থাৎ রূপ বর্ণিত গীত প্রস্তুত করতঃ যাহাকে আমোদিত করিতেছে। এবম্ভূত শ্রীমন্নারায়ণচরণকিঙ্কর শ্রীমহারাজাধিরাজ মহাদান শীলেষু।

২৮ প্রশস্তিঃ।

৭° স্বস্তিঃ প্রচণ্ডভুজদণ্ডখণ্ডখণ্ডীকৃতারাতিমণ্ডল বাতগুণ-গোন্মুক্ত মুক্তামণ্ডলীমণ্ডিত সংগ্রাম ভূমণ্ডল হৃদ্যতমানবদ্য গীতধুরীণ গন্ধর্ব্বগণগীয়মান গুণশ্রবণাম্লানিতাখণ্ডল শ্রবণ কুণ্ডলপিষ্টপ প্রসৃমর শুভ্রতর যশস্তোমমাধুরীকৃত দ্বিজরাজ প্রত্যর্থী প্রোতসারণাদেশিতপাদপ্রণত বিবিধ রাজসমাজ সুরবরালয়া লেপীকৃত কীর্ত্তি কন্দর্পরমণীয়মূর্ত্তি শ্রীযুক্ত মহারাজ সচ্চরিতেষু।

অস্যার্থঃ। যাহার অতি প্রবল বাহুদণ্ড কর্ত্তৃক খণ্ডখণ্ডীকৃত শত্রুদিগের মত্তহস্তি সমূহের গণ্ডস্থল হইতে পতিত মুক্তাবলিতে রণস্থল ভূষিত হইয়াছে এবং অতিশয় হৃদয়ঙ্গম বিশিষ্ট গীতবাহী গন্ধর্ব্বগণ কর্ত্তৃক যাহার গুণগান অজস্র গীয়মান যচ্ছুবণে মঘুচীসূদন কর্ণভূষণ ম্লান অর্থাৎ মলিন হইতেছে। এবং বিশ্ব ব্যাপ্ত যাহার শুভ্রযশো দ্বারা মাধুরীকৃত দ্বিজরাজ অর্থাৎ চন্দ্রমাধুর্য্যগুণবিশিষ্ট হইয়া আছেন। শত্রুদিগকে প্রকৃষ্টরূপে উৎসারণ অর্থাৎ উচাটন বিষয়ে স্বসৈন্য আদেশিত ও তন্ম প্রাণিত রাজাগণ যাহার করুণাবদ্ধ এবম্ভূত ক্রিয়া দ্বারা কীর্ত্তিবালয় পর্য্যন্ত

লিপ্তকীর্ত্তি এবং কন্দর্প তুল্য রমণীয় মূর্ত্তি বিশিষ্ট শ্রীযুক্ত মহারাজ সচ্চরিত্রেষু।

২৯ প্রশস্তিঃ।

৭ স্বস্তিঃ ত্রিভুবনভবনভাব ভবান শ্রীমন্নারায়ণারুণ চরণকঞ্জকিঞ্জল্কজাললীনলোলুপ মধুপায়মান মানস রসেষু।

অস্যার্থঃ। স্বর্গ মর্ত্ত্য পাতাল স্বরূপ ভবন অর্থাৎ গৃহ তন্মধ্যে নৃত্য গীত বিষয়ে ভাবন অর্থাৎ বিলাস বিশিষ্ট এবং নারায়ণের অরুণচরণকঞ্জ অর্থাৎ প্রাতঃকালোদিত সূর্য্য তুল্য চরণপদ্ম তৎ কেশর সমূহে লীন ও অত্যন্ত লুব্ধ মধুপায়মান মানসরসেষু অর্থাৎ তদ্বিষয়ে ভ্রমরতুল্য চিত্তরসিকেষু।

৩০ প্রশস্তিঃ।

৭ স্বস্তিঃ যশশ্চন্দ্রিকোদ্দ্যোত বিদ্যোতিত জগন্মণ্ডল কীর্ত্তি নর্ত্তকী রমণীয়শ্রবণকুণ্ডল ভূরিভূরিধনার্পণ সন্তোষিত ভূদেবনিকরখণ্ডিত রিপুমণ্ডলমুণ্ডমালামণ্ডলীমণ্ডলারাধিত শঙ্কর বিবিধবিদ্যা বদনসদ্মা শরণ সদারাধিত হরিচরণ শ্রীমহারাজেষু।

অস্যার্থঃ। যাহার যশশ্চন্দ্র কিরণে ত্রিলোকীমণ্ডল দেদীপ্যমান এবং কীর্ত্তিরূপা কমনীয় নর্ত্তকীগণের রমণীয় কর্ণকুণ্ডল করণক অত্যুজ্জ্বল হইতেছে। এবং যৎকর্ত্তৃক দীন ব্রাহ্মণগণ ভূরিং ধনার্পণে সন্তোষিত হইতেছেন এবং খণ্ডিত অর্থাৎ খণ্ডখণ্ডীকৃত অহিতকারী শত্রুমুণ্ডমালে শঙ্করের চরণ নিরাময় অর্থাৎ আরাধিত হইতেছে। এবং

বিবিধবিদ্যা বিশিষ্ট বদনে বন্দনীয় ও অন্তঃকরণে স্মরণীয় শ্রীকৃষ্ণের পাদপদ্ম যৎকর্ত্তৃক পুজিত হইতেছে।

ইতি শ্রীরাজনারায়ণ ভট্টাচার্য্য বিরচিতং বিজ্ঞানঞ্জনে প্রথম কোষ্ঠে রাজপ্রশস্তি নামক দ্বিতীয় পরিচ্ছেদ সমাপ্তঃ।

অথ মন্ত্রি প্রশস্তিঃ।

৭॰ স্বস্তিঃ শ্রীমৎ সমস্তসৈন্যসামন্তসেবক নির্ব্বাহকেষু। ১। কোষ গোকুষীবলগজবাজীগৃহপরিবার হয়হেতুনীতি নিপুণেষু।

অস্মদ্বিধানৈক নিকেতন শ্রীঅমুক মন্ত্রী প্রবরেষু ৩।

লেখন পাঠ।

আশীরাশি নিবেদকোয়ং। বর্ণভুতোৎত্রত্যং ভবদা বেদয় তত্রত্যং ভব্যমব্যাহত মন্বাদিনমনুক্ষণং পৃচ্ছামিস্ম উদন্তশ্চ।

উক্ত প্রশস্তিঃ ও পাঠার্থসুগম এতাবতা বিস্তরেণাল মিতি রাজা আত্ম প্রধান সচীবগণকে উক্ত বিধানে ও ত ন্যুন পদস্থ পদনিযুক্ত ভৃত্যবর্গে তাহাদিগের পদানুসারে অনুক্রমে পত্র লিখিবেন কিন্তু অন্যান্য জনগণ মন্ত্রিপ্রতি তাঁহার সদ্গুণ সচ্চরিত্র বর্ণন পুরঃসর তুষ্টিকর পত্রলিখিবেন।

অথ পণ্ডিত প্রশস্তিঃ।

৭॰ স্বস্তিঃ শ্রীমন্নারায়ণনলিনচরণ স্মরণ তপনতাপ বিলাসিত নিতান্তাশান্ত শান্ত ধান্ত মনবনপটলেষু।

অস্যার্থঃ। শ্রীনারায়ণ চরণাম্বুজ স্মরণ স্বরূপ সূর্য্য তত্তেজে স্বীয় অন্ধকারাবৃত অশান্ত দুরন্ত মনোকল্মষ সমূহের বিনাশ করিতেছেন এবম্ভূতেষু।

৭ স্বস্তিঃ ধর্ম্মপদ্যোতীকৃত গীর্ব্বাণ গুরু স্বস্ববংশোচিতাচারনিষ্ঠা কনিষ্ঠীকৃত বশিষ্ঠ বিশ্বামিত্রাদি মুনি বরিষ্ঠেষু।

অস্যার্থঃ। স্বীয়ধর্ম্ম অর্থাৎ বেদাধ্যয়ন যাজনেত্যাদি ও পঞ্চ যজ্ঞাদি ক্রিয়া ও নিজকুলোচিত সদাচরণে বিশ্বামিত্র বশিষ্ঠ ও দেবগুরু অপেক্ষায় গুরুতর ও জ্ঞাননিষ্ঠ এবম্ভূত পণ্ডিত প্রবরেষু।

অথ গুরু প্রশস্তিঃ।

৭ স্বস্তিঃ শ্রীরমারমণ পদপার্থেরুহ নিঃসরন্মকরন্দ মধুপায়মান মানসেষু। অস্যার্থঃ সুগম।

২ প্রশস্তিঃ।

বিবিধ বিদ্যা বিদ্যোতিতাখিল গুণগণালঙ্কৃত বেদবেদান্তপারগ স্বাশ্রমোচিতাচারসম্পন্ন পরমহংস পরিব্রাজকার্য্য সেব্যমান শ্রীগোবিন্দস্বরূপ গুরুচরণারবিন্দেষু।

অস্যার্থঃ। নানাপ্রকার বিদ্যাদ্বারা প্রকাশিত গুণগণ বিশিষ্ট বেদবেদান্তপারক স্বকীয়াশ্রমোচিত ধর্ম্মনিষ্ঠ ও পরমহংস পরিব্রাজকার্য্য সেব্যমান শ্রীগোবিন্দ স্বরূপ গুরুচরণাম্বুজেষু।

অথ ভার্য্যায়াঃ স্বামী প্রশস্তিঃ।

৭ স্বস্তিঃ শ্রীমদ্বন্দ্যাম প্রেম হেমভূষিতাঙ্গদাদি ভক্তজনের

নেত্রয়োরধি দেবতেষু কামস্য পরিণামেষু মমাপরূপেষু
শ্রীস্বামিচরণারবিন্দেষু। অস্যার্থঃ সুগম।

পাঠ।

শ্রীগোবিন্দ ইবেন্দিরায়াঃ মহেন্দ্র ইব পুলমজায়াঃ
প্রতিদিনং বর্দ্ধমানা সমারাধন প্রণাম পূর্ব্বমাস্তাং।

অস্যার্থঃ। শ্রীকৃষ্ণের প্রিয়া লক্ষ্মী ও ইন্দ্রের শচী ইহা
দিগের তুল্য প্রতিদিন বৃদ্ধিভূতা সতীসম্য প্রকারাধনা
পূর্ব্বক প্রণামং আস্তাং ইত্যর্থঃ।

ভার্য্যা প্রশস্তিঃ।

৭ স্বস্তিঃ মৎ সমস্ত প্রেমাপরলাবণ্যমূর্ত্তৌ প্রিয়ত-
মায়াং নেত্রযুগলস্য কণিনিকায়ামিব চন্দ্রস্য ক্ষণদায়ামিব
কমলাকরস্থ কমলিন্যামিব পথিকস্য ছায়ামিব তৃষার্ত্তস্য
শীতলামৃতধরায়ামিব মনসা প্রেমধামেষু।

অস্যার্থঃ। সকল প্রেম ও লাবণ্য মূর্ত্তি যুক্তা নেত্র
যুগলের তারা চন্দ্রের রাত্রি কমলাকরের লক্ষ্মী পথিক
জনের ছায়া তৃষ্ণার্ত্তজনের শীতল অমৃতধারার ন্যায় প্রিয়
তমা মম প্রেমধামেষু।

পত্রি পাঠ। শুভাশীরাশি নিবেদয়ন্তু সর্ব্বদা।

পিতরং প্রশস্তিঃ।

৭ স্বস্তিঃ শ্রীমত্তিনব বশম্বদচিত্ত চিহ্নিত স্বীয়ানুরাগা
সুরঞ্জিতানুগৃহীত স্বগৃহবর্গেষু ॥ ১ ॥ নিজচরণসরোজ
রঞ্জিত পরাগাস্মদাদি ভালস্থল বিশাল ভাগ্য সম্ভাবকেষু।

অর্থাৎ। শ্রীযুত অভিনব বশীভূত চিত্তদ্বারা চিহ্নিত।
অর্থাৎ। চিহ্নাবিষ্ট এবং স্বীয়ানুরাগ দ্বারা অনুরঞ্জিত।

অর্থাৎ। শোভিত এবং স্বগৃহবর্গ অনুগ্রহিত যৎকর্তৃক এবম্ভূতেষু।

নিজ চরণ অর্থাৎ মহাশয়ের চরণপদ্ম শোভিত পরাগ অর্থাৎ রেণু দ্বারা আমাদিগের ভালস্থল শোভিত তদ্দ্বারা অতিশয় উন্নতি বিষয়ে সম্যপ্রকারে ভাবনাবিশিষ্টেষু।

পত্রি পাঠ।

৭ স্বস্তিঃ অকিঞ্চিৎকর কিঙ্করস্য মম বদ্ধকরসম্পুটস্য বেণীপৃষ্ঠ লগ্নাঃ সপ্তাঙ্গ প্রণতয়ঃ সহস্র মজস্রং বিজ্ঞাপঞ্চ। অর্থাৎ কুকর্ম্মাবৃত্ত করপুটীকৃত বেণীপৃষ্ঠ সংযুক্ত অকিঞ্চন কিঙ্কর সপ্তাম প্রণতয়ঃ সহস্রেং বিজ্ঞাপঞ্চ অলং বিস্তরেণ।

পুত্রং প্রতি প্রশস্তিঃ।

৭ স্বস্তিঃ শ্রীবিশ্বেশ্বরচরণ সরোরুহানুগ্রহ সমাসাদিতাতি বিততনাবস্ত বিদ্যাবিলাস পীযূষ পরম্পরা ভাবকানুপম মাধুরী ধুরীণ বিবিধ গুণালঙ্কৃত নিজবংশাবতংস সকল বিশ্বাস বিধান নিজ কুল পবিত্রীকৃতাত্ম প্রায়েষু অথবা শুদ্ধাচার পরিপূরিত পুত্রেষু।

অস্যার্থঃ। বিশ্বেশ্বরের চরণ পঙ্কজের অনুগ্রহ দ্বারা প্রাপ্ত উত্তমা অতি বিস্তৃতা বিদ্যা তাহার বিলাস স্বরূপ অমৃততুল্য ও পরম্পরা অনুশীলন দ্বারা উপমাশূন্য মধুরতার বহন দ্বারা নানাপ্রকার গুণে অলঙ্কৃত নিজবংশাবতংস সকল বিশ্বাসের স্থান এবং নিজকুল পবিত্রীকৃত মম সমেষু।

পাঠ। শুভাশিষাং রাশয়ঃ সন্তু বিজ্ঞাপ্যঞ্চ।

পুত্রকে আত্মস্বরূপ বর্ণনায় দোষাভাস যেহেতু পূর্ব্ব

পণ্ডিতেরা পৌরাণিক দার্শনিকেরা পুত্রকে আত্মপ্রায় কহিয়াছেন এবং মন্বাদি গ্রন্থে তদ্রূপ দৃষ্ট হইতেছে তথাচ শ্রুতি আত্মৈব পুত্রনামাসীতি যথা মনুপতি ভার্য্যাং সংপ্রবিশ্য গর্ভোভূত্বেহজায়তে জায়ায়া শুদ্ধি জায়াত্বং যদস্যাং জায়তে পুনঃ অথাচ বহ্বৃচ ব্রাহ্মণং পতির্জ্জায়াং প্রবিশতি গর্ভোভূত্বেহ মাতরং তস্যাং পুনর্নবোভূত্বা দশমে মাসি জায়তে। তজ্জায়া জায়া ভবিত যদস্যাং জায়তে পুনঃ। পতিঃ শুক্ররূপেণ ভার্য্যাং সংপ্রবিশ্য গর্ভতা মাপাদ্য ভার্য্যায়াং পুত্ররূপেণ জায়তে ইত্যর্থঃ।

সন্ন্যাসী যতি প্রশস্তিঃ।

৭ স্বস্তিঃ শ্রীমৎ পরমহংস পরিব্রাজকার্য্যকরণ নিপুণতা পরাঙ্মুখেষু। ১। বিষ বিষয় দোষ দর্শন দূষিত প্রপঞ্চ রচনা বিভবেষু।

অস্যার্থঃ। শ্রীযুক্ত পরমহংস অর্থাৎ পরমেশ্বর আরাধনা তৎপর এবং ষটপদ কুড়ু কুশলাদি নিপুণতা পরাঙ্মুখ এবম্ভূতেষু। ১। বিষ স্বরূপ বিষয় বিষয়ে দোষ দর্শন পূর্ব্বক দূষিত প্রপঞ্চ অর্থাৎ শুদ্ধ চৈতন্য রচনাভবেষু।

৭ স্বস্তিঃ শ্রীমদ্বেদবেদান্ত সাংখ্য সিদ্ধান্ত বদ্ধাদর প্রকৃতি পুরুষ বিবেক জ্ঞানশীলেষু। ১।

সংখ্যাবন্মুখ্য বন্দিত চরণারবিন্দ স্বাশ্রমোচিতচার পরিপালন পবিত্রীকৃত ধরিত্রীতলেষু।

অস্যার্থঃ। সাংখ্য বেদান্ত সিদ্ধান্ত শাস্ত্রে বদ্ধাদর ও প্রকৃতি পুরুষ অর্থাৎ ব্রহ্ম বিবেক জ্ঞানশীলেষু। ১। যাহার চরণারবিন্দ শ্রেষ্ঠ পণ্ডিতগণ দ্বারা বন্দিত, এবং নিজ আশ্রম

উচিত আচার পালনে পৃথিবীমণ্ডল পবিত্রীকৃত যৎকর্ত্তৃক এবম্ভূতেষু।

পত্রি পাঠ।

৭ স্বস্তিঃ মম বেণীসংলগ্ন সাষ্টাঙ্গ প্রণাম সহস্র সহস্রং নমো নারায়ণেতি মন্ত্রেণ কলিত মস্তু।

অস্যার্থঃ। আমার অষ্টাঙ্গ পৃথিবী সংলগ্ন পূর্ব্বক সহস্র২ প্রণাম নমো নারায়ণ ইতি মন্ত্রে কলিত মস্তু।

ইতি মন্ত্র ব্রাহ্মণে প্রণব পূর্ব্বক নমো নারায়ণ ইতি পাঠ করিবেন ও লিখিবেন যেহেতু তাঁহারা প্রণবোচ্চারণে অধিকারী।

ভৃত্য প্রশস্তিঃ।

৭ স্বস্তিঃ শ্রীভগবৎচরণ পরায়ণ সকল দ্রবিণাধি রক্ষক গোমহিষাদি প্রতিপালক নিখিল বংশানুসেবক বশম্বদ শ্রীঅমুক ভৃত্যং।

অস্যার্থঃ। শ্রীশ্রীনারায়ণচরণ নিতান্তানুরক্ত ভগবত্তক্ত ধনাদিরক্ষক, গবাদিপালক সকল বংশানুসেবক এবং বশম্বদ অমুক ভৃত্য ইত্যর্থঃ।

অথারি প্রশস্তিঃ।

৭ স্বস্তি সমরাঙ্গণ ভট্ট প্রতিভট্টা যশঃপরিপূরিত সকলসামন্ত রাজধানী বিজৃম্ভিতা বীরত্ব শস্ত্রাবশোষিত নিজবংশানুরক্ষক সতত পরিত্রস্ত শরণাগতামুকং প্রতি॥

অস্যার্থঃ। যুদ্ধস্থানে বিপক্ষপক্ষীয় যোদ্ধাগণের তেজদ্বারা অযশঃ পূর্ণিত রাজধানী সম্বন্ধে বিশেষ রূপে অলসীভূত এবং বীরত্ব রহিত এবং শস্ত্রাবশোষিত অর্থাৎ

অস্ত্রাদি পরিত্যাগ পূর্ব্বক দন্তে তৃণীকৃত ও নিজবংশাঙ্কু রক্ষক সর্ব্বতোভাবে ত্রাসিত এবং শরণাগত অমুক প্রতি।

অথ বিবেকিনাং প্রশস্তিঃ।

৭ স্বস্তি ভগবৎ পদপঙ্কজ পূজনোপচিত পুণ্য পুঞ্জ পবিত্রীকৃতান্তঃকরণ দিগ্বিলাসিনীবিসর ধর্ম্মিল্লমিলন্মল্লী-মালাকলা যশোম্বুবন্ধি নিরবধি বসু বিশ্রাননাধরীকৃত সুর পুর ভূমিরুহেষু।

অস্যার্থঃ। শ্রীভগবানের পাদপদ্ম পূজনোচিত সঞ্চিত পুঞ্জ পুণ্য দ্বারা পবিত্রী কৃতান্তঃকরণ যাহার। এবং দিগ্বি-লাস বিশিষ্ট কেশজাল মিলিত মল্লিকামাল সদৃশযশো বিশিষ্ট এবং নানাধন বিতরণদ্বারা সুরতরুর দাতৃত্ব অ-ল্পীকৃত মহাত্মনেষু॥

অথ শঙ্কেত পল্লবী ভাষ।।

তত্র অকারাদি ক্ষকারান্তাঃ অষ্টোবর্গাঃ। অ, ই, উ, এ প্রথমো বর্গা। ১। ক খ গ ঘ ঙ দ্বিতীয়বর্গাঃ। ২। চ ছ জ ঝ ঞ তৃতীয়বর্গাঃ। ৩। ট ঠ ড ঢ ণ চতুর্থ বর্গাঃ। ৪। ত থ দ ধ ন পঞ্চম বর্গাঃ। ৫। প ফ ব ভ ম ষষ্ঠবর্গাঃ। ৬। য র ল ব স-প্তমবর্গাঃ। ৭। শ ষ স হ ল ক্ষ অষ্টমবর্গাঃ। ৮। তত্র প্রথম বর্গাঙ্কং দত্ত্বা দ্বিতীয় মক্ষরাঙ্কং দত্ত্বা তৃতীয় বর্গাঙ্কং দত্ত্বা অক্ষর সংযত্তোবোধ্যঃ।

অথাচ রামং পশ্যেত্যত্র। ৭২২। ৬৫১১। ৬১১। ৮১৭ এবমঙ্কাঃ লিখনীয়াঃ রামোজয়তি। ৭২২। ৬৫৯। ৩৩১। ৭১১। ৫১৩। পঞ্চাক্ষরাণাং স্থানে পঞ্চঙ্কা বোধ্যাঃ রামং পশ্য ইত্যস্যার্থঃ যথা সপ্তম বর্গের দ্বিতীয় বর্ণ রকার

তৃতীয় বর্ণ আকারঃ তত ষষ্ঠবর্গের পঞ্চম বর্ণ মকরঃ তত্বঃ একাদশ বর্ণ অনুস্বার।

ইতি শ্রীরাজনারায়ণ ভট্টাচার্য্য রচিতং বিজ্ঞানাঞ্জনে বিবিধ প্রশস্তি নামক তৃতীয় পরিচ্ছেদ সমাপ্তং।

কীর্ত্তিবর্ণন শ্লোকাঃ।

জয়ত্যমরসুন্দরী নয়নবারি সম্বর্দ্ধিতঃ প্রতাপ তরুকল্লসত্তরুণরাজহংসচ্ছবিঃ। অলব্ধ মহিমাবধিঃ পরবধূ বিলাসান্তকৃৎ জনাধিপ নমস্কৃতঃ সকলদেশ নাথো ভবান।।

অস্যার্থঃ। দেবাঙ্গনা গণের নয়ননীরে সম্য প্রকারে বৃদ্ধিভূত প্রতাপতরু অর্থাৎ প্রতাপ স্বরূপবৃক্ষঃ এবং দীপ্তি বিশিষ্ট নবীন রাজহংসাবলির ন্যায় যশোভূষিত এবং অপরিমিত মহিমান্বিত ও পরস্ত্রী সম্ভোগাভিলাষ নাশক এবং নানা দেশীয় রাজাগণ কর্ত্তৃক নমস্কৃত ও সকল দেশ নাথ এবম্ভূত জয় যুক্ত ভবান্।।

২ শ্লোকঃ।

জয়ত্যসমসাহসঃ সকললোকশোকান্তকৃৎ সহস্রকর ভাস্কর স্ফুরিত চারুচাপায়ুধঃ। বিনম্র নৃপমস্তকচ্যুত বিকাশি পুষ্পাবলিঃ বিকীর্ণ মধুশীকরস্নপিত পাদপীঠো ভবান্।।

অস্যার্থঃ। অতুল্য সাহসিক ও সকল লোক শোক নাশক এবং সূর্য্যের ন্যায় দীপ্তমান মনোহর ধনু যোজিতাস্ত্র সমূহের দ্বারা নম্রীভূত ভূপগণের মস্তক পতন দ্বারা প্রকাশিত পুষ্পশ্রেণী প্রায় তাহা হইতে গলিত মধুকণা তত্

দ্বারা প্রক্ষালিত পাদপীঠ যাহার এবম্ভূত হে মহারাজ জয়যুক্ত হও ॥

৩ শ্লোকঃ।

জয়ত্যমল মৌক্তিকদ্যুতি বিরাজিতোরঃস্থলো বিপক্ষ নৃপতিপ্রিয়ামুখসরোজচন্দ্রোদয়ঃ। গজেন্দ্রপতি বাহনঃ কলুষ কন্দনির্ম্মূলনঃ জনাধিপ নমস্কৃতো নিখিল ধর্ম্মশাস্ত্রে ভবান্ ॥

অর্থাৎ। নির্ম্মল মুক্তা রচিত হার তাহার দীপ্তি দ্বারা শোভিতা বক্ষঃস্থল এবম্ভূত পদ্মবদনা রিপুরাজাঙ্গনা গণের মুখ যাহার দর্শনে প্রকাশিত হইতেছে অর্থাৎ সূর্য্য তুল্য। এবং গজেন্দ্রপতি বাহন ও পাপমূল নির্ম্মূলন কর্ত্তা এবং নানা দিগেদশীয় রাজা কর্ত্তৃক নমস্কৃতঃ এবং সকল ধর্ম্মশাস্ত্র তুল্য জয়যুক্ত হও।

৪ শ্লোকঃ।

জয়ত্যখিল যাচকাবলি বিকাশি কল্পদ্রুমঃ পুরন্দর পরাক্রমো বিবুধবৃন্দ চিন্তামণিঃ। অচিন্ত্য গুণাবস্তরঃ সকল বৈরিসীমন্তিনী কপোলকলকোল্লসৎ তিলক সঙ্গহারী ভবান্।

অস্যার্থঃ। সকল যাচকদিগের নিমিত্ত পৃথিবীতে কল্পবৃক্ষ তুল্য প্রকাশিত এবং ইন্দ্রের সদৃশ পরাক্রম শালী এবং বেদজ্ঞগণের পক্ষে চিন্তামণি তুল্য এবং অচিন্ত্য গুণ বিশিষ্ট অথবা অচিন্ত্য গুণ ব্রহ্ম তাহার জ্ঞান বিস্তার কর্ত্তা এবং শত্রুদিগের অবলাবলির গণ্ডস্থল তু-

ষিত অলকা তিলকা সমূহের হরণকর্ত্তা এবম্ভূত ভবান্ জয়যুক্ত।

৫ শ্লোকঃ।

নির্ম্মাংসং মুখমণ্ডলে পরিমিতং মধ্যে লঘুং কর্ণয়োঃ স্কন্ধে বন্ধুরম প্রমাণ মুরসি স্নিগ্ধঞ্চ রোমোদ্গমে। পীনং পশ্চিম পার্শ্বয়োঃ পৃথুতরং পৃষ্ঠে বিধানং জলে রাজা বাজিন মর্হতি প্রতিভটং গন্তুং প্রশস্তং গুণৈঃ।

অস্যার্থঃ। মাংস শূন্যবদন পরিমিত মধ্যস্থান কর্ণ যুগল ক্ষুদ্রঃ স্কন্ধদেশ স্থূল এবং মধ্যদেশে অনিম্ন রোম সকল কোমল উভয় পার্শ্ব সূক্ষ্ম পৃষ্ঠ স্থূলতর এবম্ভূত ঘোটক সমূহের বিধান পূর্ব্বক পরসৈন্য যুদ্ধে গমনে যোগ্য ভবতি।

৬ শ্লোকঃ।

দত্ত্বা সর্ব্বগুণং ত্বদীয় হৃদয়ে ব্রহ্মোভবন্নির্গুণং স্বীয়ং স্বং প্রতিপাদ্য দিক্ পটধরঃ শ্রীচন্দ্রচূড়ো ধ্রুবং। অঙ্গাভ্যাঞ্চব্যতীর্য্য হন্ত মদনো নামাপ্য নঙ্গোভবত্তামেব ক্ষিতি পালবর্য্য মনিশং বেধাব্য ধত্তাদ্বয়ং।

অস্যার্থঃ। ব্রহ্ম স্বকীয় সত্ত্বরজস্তম গুণত্রয় ত্বদীয় হৃদয়ে অর্পণ পুরঃসর নির্গুণ অর্থাৎ ত্রিগুণাতীত হইয়াছেন এবং মহাদেব স্বীয় ঐশ্বর্য্যভূষণ তোমাকে অর্পণ করিয়া দিগম্বর নামধারণ করিয়াছেন এবং কন্দর্প আত্ম অঙ্গের জ্যোতিঃ অর্পণ করত অনঙ্গ নামক হইয়াছে এবং স্বীয় ঐশ্বর্য্য ও গুণ বিধাতা তোমাতে বিধান করিয়া অদ্বৈত নাম ধারণ করিয়াছেন অতএব তুমি ও তথাপি অদ্বিতীয় ইতিভাব।

৭ শ্লোকঃ।

ধীর ক্ষীরসমুদ্র সান্দ্রলহরালাবণ্য লক্ষ্মীদ্বিষ স্তুৎ-কীর্ত্তে স্তুলনাং কলঙ্ক মলিনো ধর্ত্তে কথং চন্দ্রমাঃ স্যাদেবং ত্বদরাতি সৌধশিখর প্রোদ্ভূত শষ্পাঙ্কুর গ্রাসাসক্ত মতিঃ পতেদ্যদি পুন স্তস্যাঙ্কশায়ী মৃগঃ।

অস্যার্থঃ। হে ধীর ক্ষীরসমুদ্রের নিবিড়তর লহরী লাবন্য অর্থাৎ স্নিগ্ধতাগুণ বিশিষ্ট শোভা তাহাকেও দ্বেষ করিতেছে যে তোমার কীর্ত্তি তাহার তুল্যতা ধারণে চন্দ্রমা অশক্ত যে হেতু চন্দ্র কলঙ্ক স্বরূপ মৃগ বিশিষ্ট অতএব যদি ত্বদীয় শত্রুগণের সৌধ অর্থাৎ অট্টালিকোপরি নূতন তৃণ জন্মে ও তাহা ভক্ষণে যদি আসক্তমতি হইয়া চন্দ্রকে ত্যাগ করিয়া ঐ মৃগ আইসে তবে তব কীর্ত্তির তুলনা পণ্ডিতেরা চন্দ্রকে দিতে পারেন অন্যথা নেতি ভাবার্থঃ।

৮ শ্লোক।

কৈলাসোদর কুন্দকম্বুকরকা কর্পূর হারস্মিতা উচ্চৈ দ্বারণ রাজহংস কুমুদ ক্ষীরোদনীর দ্যুতিঃ। কীর্ত্তিস্তে সুর সুন্দরী মুখ বিধুজ্যোৎস্নাবলি বাভিতো মুদ্রানা তনুতে সু-রেন্দ্রনন্দন স্তোমাম্বু জানাম্বিয়ং।

অস্যার্থঃ। হে মহারাজ কৈলাস পর্ব্বতের সোদর অর্থাৎ সদৃশ শুভ্রবর্ণ এবং কুন্দপুষ্প ও শঙ্খ ও করকা অ-র্থাৎ শিলকর্পূর ও মুক্তাহারতুল্য তব কীর্ত্তি শুক্লবর্ণা এবং উচ্চৈঃশ্রবা ও ঐরাবত এবং রাজহংস ও কুমুদাবলি এবং দুগ্ধসাগরের ক্ষীরের ন্যায় শুক্লজ্যোতিঃ বিশিষ্টা। এবং

দেবাঙ্গনাগণের মুখচন্দ্রের জ্যোৎস্না সমূহের দ্বারা বিভূষা এবং ইন্দ্রের নয়নপদ্ম সমূহ তদ্দ্বারা মুদ্রিতা ইতি ভাব।

৯ শ্লোকঃ।

ত্বদোর্দ্দণ্ড ভব প্রতাপরবিনা তপ্তাঃসন্তোনিশং বাঞ্ছন্তু স্তরুজীবনে ভুবিতলে লব্ধান কুত্রাকুলাঃ। কৃত্যাচাপ্যব-গাহনং ক্ষিতিপতেঃ কারুণ্যবারাং নিধৌ সেবন্তে রিপবঃ পুন স্তব ভুজচ্ছায়াং মথাহ্লাদিনীং।

অস্যার্থঃ। হে মহারাজ তব বাহুদণ্ড ভব প্রতাপ স্বরূপ সূর্য্য তদ্দ্বারা শত্রু সমূহ অত্যন্ত সন্তপ্ত হইয়া বৃক্ষচ্ছায়া ও জলবাঞ্ছা করত অপ্রাপ্ত হেতুক ব্যাকুল হইয়া তব করুণা সাগরাবগাহন পুরঃসর তব ভুজচ্ছায়াবলম্বন করিতেছে।

১০ শ্লোকঃ।

ফুল্লৎকুন্দ কদম্বকম্বুকরকা কৈলাস কাশামরশ্রেণী তীর্থ বিড়ম্বিকীর্ত্তিনিকর ধ্বস্ত ত্রিলোকী তমাঃ। গোপীনাথ পদারবিন্দ বিগলন্মাধ্বীক ভৃঙ্গায়িতাজাতোদীন দয়ালু-কল্প বিটপী মান ভবান্ ক্ষ্মাতলে।

অর্থাৎ। হে মহারাজ তব কীর্ত্তি পৃথিবীতলে জাত বিকশিত কুন্দকদম্বশ্রেণী শঙ্খকরকা ও কৈলাস পর্ব্বত কুশ ও অমরশ্রেণীতীর্থ অর্থাৎ শ্বেতগঙ্গাজল তাহাকেও বিড়ম্বনা করত তব কীর্ত্তি ত্রিলোকের অন্ধকার সংহার করিতেছে এবং গোপীনাথপাদপদ্ম হইতে গলিত মাধ্বীপানে ভ্রমর ও দীন সম্বন্ধে কল্পবৃক্ষতুল্য ইত্যর্থঃ।

১১ শ্লোকঃ।

ভবদমল কীর্ত্তিং পুণ্যমূর্ত্তং শশাঙ্কঃ প্রথম দিবস জন্মা-

বিক্ষমানোভিমর্থাৎ। প্রতি দিবস কলাভিঃ পুর্ণিতো যৎ কলঙ্কী মুহুরতি শিশুভাবং চন্দ্রমা নো জহাতি।

অস্যার্থঃ। হে মহারাজ তব নির্ম্মল কীর্ত্তি ও পুণ্য মুর্ত্তি দর্শনে চন্দ্রমার শিশুভাব দূর হয় নাই অর্থাৎ শুক্লা প্রতিপদে জাত তারাপতি তব কীর্ত্তি স্বরূপ অতি নির্ম্মল দ্বিতীয় আত্মরূপ সন্দর্শনে জাত ক্রোধ হইয়া তদপেক্ষে পবিত্র হওনাভিলাষে প্রতিপদাদি ক্রমে প্রতি দিবস আপনাঙ্গ একৈক কলা বৃদ্ধি করিয়া পুর্ণিমায় পুর্ণঅঙ্গ দর্শন পুর্ব্বক আত্ম অঙ্গ কলঙ্কীজ্ঞানে পুনর্ব্বার অনুক্রমে তদঙ্গ ক্ষয় করেন অতএব পক্ষদ্বয়ে চন্দ্রের আগমাত্মিকাও নিগমাত্মিকা কলার হ্রাসবৃদ্ধি আছে কিন্তু তব কীর্ত্তি চন্দ্র পক্ষ দ্বয়ে অক্ষীণ ও অকঙ্কী ইত্যর্থঃ।

অথ প্রীতি শ্লোকঃ।

ইয়ং প্রীতির্ব্বল্লী হৃদয় ভুবি দৈবাৎ সমুদিতা তথা যত্নাদ্রক্ষ্যা মৃদুনবরসা পায় বহুসা। তথৈবৈনাং স্ফীতঃ পিশুনজন দুর্ব্বাক্যদহনো হরতস্ত্যাং শোষং ব্রজতি নচিরেণাপিচ যথা।

অস্যার্থঃ। এই প্রীতি স্বরূপলতা যদি দৈবযোগে হৃদয় ভুমিতে উদয় হয় তবে যত্ন দ্বারা তাহাকে রক্ষা করিবা সেই প্রণয়লতা কিভূতা যথা অভিনব শৃঙ্গারাদি রসপানে প্রচুরা অথচ খলজন দুর্ব্বাক্য স্বরূপ জ্বলন দ্বারা শোষিতা।

অথ নবিচ লক্ষণং পত্র কাদম্বরী গ্রন্থে।

প্রত্রানাং রঞ্জনং তঙ্গং প্রমাণং ত্যাগ এবচ, সমান্যো তন ভেদজ্ঞঃ স পত্রনবিচঃ স্মৃতঃ। রাজ্ঞাং রাজবধুনাঞ্চ তথৈ

ব পাত্রমন্ত্রিণাং, পত্রচিহ্নঞ্চ বেত্ত্যয়ঃ স পত্রনবিচঃ স্মৃতঃ ।। গুরুপণ্ডিতসন্ন্যাসীভৃত্যাদীনাং তথৈবচ, পত্রচিহ্ন প্রদাতায়ঃ স পত্রনবিচঃ সুধীঃ ।।

অস্যার্থঃ। রাজা রাজরাণী রাজমন্ত্রী তথা গুরু পণ্ডিত সন্ন্যাসী ও ভৃত্যবর্গাদির পত্র রঞ্জন পত্র ভঙ্গ পত্র প্রমাণাদি সামান্য উত্তম মধ্যম ভেদে যে ব্যক্তি বিজ্ঞাত হয়েন তাহাকে পূর্ব্ব পণ্ডিতেরা পত্রনবিচ আখ্যায় ব্যাখ্যা করেন।

তুরাক্কানবিচ লক্ষণং।

রাজনীতিচন্দ্রিকায়াং সামান্যোত্তম মধ্যানাং পত্রানাং নৃপ মন্ত্রিণাং লিখনং যো বিজানাতি তুরাক্কানবিচঃ সভু।

গুরু পণ্ডিত সন্ন্যাসী পিত্রাদিনাঞ্চ যোষিতাং পত্রাণাং লিখনং বেত্তি তুরাক্কানবিচঃ সভু। হস্তস্থিতানাং পত্রাণাং জানাতি লক্ষণং স্ফুটং। শুদ্ধাশুদ্ধন্তু যো বেত্তি তুরাক্কানবিচঃ কৃতী।

অস্যার্থঃ। গুরু পণ্ডিত সন্ন্যাসী পিত্রাদি ও ভার্য্যাদির পত্র লিখনে পটুতর এবং অন্যের পত্র হস্তগত মাত্র পত্রের লক্ষণ বিদিত হইতে পারেন এমত কৃতীজন পত্র তুরাক্কানবিচঃ নামে বিখ্যাত হয়েন।

অথ কুর্ফীয়ানবিচ লক্ষণং।

তথাচ রাজনীতিচিন্তামণৌ শাস্ত্রজ্ঞো নীতিনিপুণঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ। যাথার্থবাদী ধর্ম্মাত্মা কুর্ফীয়ানবিচঃকৃতি। বদ্যপণ্ডিতসন্ন্যাসীভিক্ষগার্থকবেশবান। কুব্ব

পোবাক্যহীনশ্চ কুকীয়ানবিচঃ সন্তু॥ ভীষ্মাঙ্গুলিত সর্ব্বা-ঙ্গোমুণ্ডী জটিলবেশবান। 'চারুরূপধয়ো যোসৌ কুকীয়া-নবিচঃ সন্তু॥ অস্যার্থঃ সুগম।

অথ সৈন্য গণনা।

আখ্যা	হস্তী	রথ	ঘোটক	পদাতি
পত্তি	১	১	৩	৫
সেনামুখ	৩	৩	৯	১৫
গুল্ম	৯	৯	২৭	৪৫
গণ	২৭	২৭	৮১	১৩৫
বাহিনী	৮১	৮১	২৪৩	৪০৫
পৃতনা	২৪৩	২৪৩	৭২৯	১২১৫
চমু	৭২৯	৭২৯	২১৮৭	৩৬৪৫
অনীকিনী	২১৮৭	২১৮৭	৬৫৬১	১০৯৩৫
অক্ষৌহিণী	২১৮৭০	২১৮৭০	৬৫৬১০	১০৯৩৫০

পত্তি সঙ্খ্যানুক্রমে অনীকিনী পর্য্যন্ত ক্রমে ত্রিগুণীকৃত হইবে অনীকিনীর দশ সংখ্যক সৈন্য একত্রীকৃত হইলে এক অক্ষৌহিণী হয়।

নমস্কার প্রণামাদির বিশেষ মাহ।

বর্ত্তমান দ্বিতীয় কোষ্ঠান্তর্গত গুর্ব্বাদি পত্রাদি পত্রে প্রণা মশব্দে পদন্যাস পূর্ব্বক সবর্ণ সমতুল্য মনুষ্যের পত্র পদ-ন্যাস নমস্কার বাক্যে লিখিত হইয়াছে কিন্তু শাস্ত্রানুসারে উক্ত উভয় বাক্যের নমস্য জন সম্বন্ধে তুল্য শক্তি সুতারাং প্রয়োগে হানি বিরহ তথাচ অস্মদ্দেশীয় ব্যবহার বিরুদ্ধ ঘটনাশঙ্কা নিবারণ কারণ পাঠক গণের বিজ্ঞাপনার্থ প্রণা-

মাদি বাক্যের বিশেষ বক্ষমাণ প্রমাণাদি দ্বারা দর্শিত হং ইল তদ্দৃষ্টে যাহার যাদৃশ অভিপ্রায় সিদ্ধ হইবে তাদৃশ স্বস্ব পত্রে পদন্যাস করিবেন। প্রণাম।

যথা বিষ্ণুধর্ম্মে।

জানুভ্যাঞ্চৈব পাণিভ্যাং শিরসা চ বিচক্ষণঃ। কৃত্বা প্রণাম দেবেশ সর্ব্বান্ কামা নবাপ্নুযাৎ॥

নমস্কার।

উত্তমাধম মধ্যম ভেদে কায়িক বাচিক মানসিক ত্রিবিধ প্রকার নমস্কার মুখ্য তন্মধ্যে ত্রিকোণ ষট্‌কোণ অর্দ্ধচন্দ্র প্রদক্ষিণ দণ্ড পঞ্চাঙ্গং এবং অষ্টাঙ্গং এবং উগ্র ইত্যাদি নমস্কার ভেদ তদ্‌যথা।

কায়িক নমস্কার।

গন্ধর্ব্বতন্ত্রে। জানুভ্যা মবনীং গত্বা সংস্পৃশ্য শিরসা ক্ষিতিং। ক্রিয়তে যো নমস্কার প্রোচ্যতে কায়িকস্তু সঃ॥

বাচিক নমস্কার।

পরেষাং গদ্যপদ্যাভ্যাং নমস্কারো যদা ভবেৎ। স বাচিকো নমস্কারো বিজ্ঞেয়া বীরবন্দিতে॥

মানসিক নমস্কার।

চেতসা ভক্তিসংযোগাৎ মানসিকো নমঃ স্মৃতঃ।

দণ্ড নমস্কার।

ত্যক্ত্বা সমাসনং স্থানং পশ্চাত্যাত্বা নমস্কৃতঃ। নিপত্য দণ্ডবদ্ভূমৌ দণ্ড ইত্যুচ্যতে বুধৈঃ॥

দণ্ডবৎ অষ্টাঙ্গ নমস্কার।

তথৈব দণ্ডবদ্ভূমৌ নিপত্য হৃদয়েন চ। চিবুকেন মুখে

নাথ নাসায়া হনুকেন চ ॥ চক্ষুষা চার্থকর্ণাভ্যাং ব্রহ্মরন্ধ্রেণ টৈব হি। তদষ্টাঙ্গমিতি প্রোক্ত যন্তূমিং স্পৃশতে ক্রমাৎ ॥

অষ্টাঙ্গ নমস্কার।

মেরুতন্ত্রে। হস্তাভ্যাং চরণাভ্যাঞ্চ জানুভ্যাং বক্ষসা তথা। মূর্দ্ধা দৃষ্ট্যা তথা বাচা চিত্তে চাষ্টাঙ্গ ঈরিতঃ ॥

নৃসিংহপুরাণে।

উরসা শিরসা দৃষ্ট্যা বচসা মনসা তথা। পদ্ভ্যাং করাভ্যাং জানুভ্যাং প্রণামোঽষ্টাঙ্গ ইষ্যতে ॥

পঞ্চাঙ্গ নমস্কার।

গন্ধর্ব্বতন্ত্রে। হস্তজানুশিরোবাক্যধীভিঃ পঞ্চাঙ্গ ঈরিতঃ ;

উগ্র নমস্কার।

ব্রহ্মরন্ধ্রেণ সংস্পর্শঃ ক্ষিতের্য্যস্যা নমস্কৃতেঃ। স উগ্র ইতি বিজ্ঞেয়ো বিষ্ণোস্তুষ্টিপ্রদায়ক।

উক্ত নমস্কার প্রকরণে ত্রিকোণ ষট্‌কোণ অর্দ্ধচন্দ্র ও প্রদক্ষিণ এতচ্চতুর্ব্বিধ নমস্কার লক্ষণান্বিত প্রমাণ সঙ্কলনে অস্মদাদির প্রয়োজনাভাব। শাস্ত্রানুসারে প্রণাম নমস্কারের মধ্যে বিশেষ তারতম্য অদৃষ্টবা কেবল শব্দ শক্ত্যানুসারে কিঞ্চিদুৎকর্ষত্বাপকর্ষত্বের ভ্রম অনেকের আছে যে হেতু নমঃশব্দ পূর্ব্বে প্র, প্রদানাৎ প্রণম অর্থাৎ প্রকৃষ্টরূপে নমস্কার বোধ হয় কিন্তু প্রসিদ্ধ শব্দে তাদৃশ যুক্তি যুক্তিবিরুদ্ধ যেমন স্ব স্বত্বধ্বংশ পূর্ব্বক পরঃস্বত্বোৎপত্তির্যায়তাং ঈদৃশেচ্ছয়া যো দ্রব্যত্যাগ তদ্দানং অতএব দানশব্দের পূর্ব্বে প্র প্রয়োগে প্রদান শব্দের যদি প্রকৃষ্ট রূপে দান বোধ জন্মে তবে স্বভাবতঃ দানশব্দের শক্তির লাঘব সম্ভাবনা যদ্যপি

নমঃশব্দ প্রণম শব্দাপেক্ষে লঘুতর হইত তবে পুরাণাদিতে নমঃ ব্রহ্মণ্যদেবায় নারায়ণং নমস্কৃত্য নমঃ শিবায় ইত্যাদি প্রয়োগ হইত না অতএব নমঃ শব্দের হেয়ত্ব সম্ভাবিত হইলে তত্তদ্গ্রন্থকারেরদিগের ঈশ্বরভক্তির লাঘব সম্ভাবনা, যাহা হউক গন্ধর্ব্বতন্ত্রীয় বক্ষমাণ প্রমাণাবলোকনাৎ পাঠক মহাশয়েরদিগের তৎসংশয় চ্ছেদন হইবে যথা। দেব মানুষগন্ধর্ব্বাঃ যক্ষরাক্ষসপন্নগাঃ নমস্কারেণ তুষ্যন্তি মহাত্মানঃ সমন্ততঃ নমস্কারেণ লভতে চতুর্ব্বর্গং মহোদয়ং নমস্কারেণ দীর্ঘয়ুরচ্ছিন্না লভতে প্রজা ইত্যাদি। শিরোঞ্জলি সংযোগোপি নমস্কারেতি কুচিদেক শাস্ত্রাভিপ্রায় কেবল সমবয়স্ক স তীর্থাদির পরস্পরাভিবাদনার্থ বিধেয় গুর্ব্বাদি দেব সমীপে অকর্ত্তব্য ইতি। ॥

ইতি শ্রীরাজনারায়ণ ভট্টাচার্য্য রচিতং বিজ্ঞানাঞ্জনস্য প্রাচীন ব্যবহার নামক প্রথম কোষ্ঠ সমাপ্তং।

দ্বিতীয় কোষ্ঠ।

প্রথম কোষ্ঠে প্রাচীন ব্যবহার ও ভুরিং পদন্যাস প্রশস্তি প্রকার লিখিত হইয়াছে, ইদানীং নব্য ব্যবহার্য্য কাব্য মাধুর্য্য এবং বেদ বাদার্থ যুক্ত বাক্যে পত্রন্যাস পদন্যাস লেখ্য হইল গুণজ্ঞ বিজ্ঞবরেরা দোষাংশ সংশোধন পুর্ব্বক দৃষ্টি করিবেন।

রাজ প্রশস্তিঃ।

৭ স্বস্তিঃ ভুজবলগরিষ্ঠ ভুরিষ্ঠানিষ্টকারী ভুরি ভুমি পারিষাতক, শিষ্টাশিষ্টানেক গণৈক হিতাহিত কারক

শ্রীল শ্রীযুক্ত মহারাজাধিরাজ বিবিধ রাজরাজন্য সমাজ মান্য দৈন্যনাশক, পবিত্র পুণ্য পাবন নিজকুলতিলকেষু।

পত্রি পাঠ।

গত্যন্তর বিহীন দীনাগ্র জন্মন শ্রীকালীচরণ শর্ম্মণঃ ত্রয়ী বিহীতাশী রাশি বিনাশী কৃতাশেষ অশিবং শিবঞ্চাদৌ ক্ষীরদার্ণবসম্ভবা দেব দুর্লভা দৈত্যারিবল্লভা শ্রীমন্মহারাজাধিরাজস্য রাজকোষ বিরাজিতা জগৎ সেবিতা নিশ্চলা ভবত্বিতি প্রার্থিতং যস্মাৎ ভূমণ্ডলস্থ সমস্ত সাধু প্রজানাং ভদ্রাদ্বিশেষঃ।

২ দ্বিতীয় প্রশস্তিঃ।

৭ স্বস্তি প্রচণ্ডমার্ত্তণ্ড ভুজদণ্ডখণ্ডিতারিমণ্ডল প্রবল বলদর্পিতাহিতগণ দহনদাবানল দুর্ব্বলবলঃ শ্রীল শ্রীযুক্ত মহারাজাধিরাজ ভবার্জ্জিতামল পুঞ্জপুণ্যে পবিত্রীকৃত ধরিত্রীতল শৌর্য্য গাম্ভীর্য্যাখণ্ডল ভুল্যেষু।

পত্রি পাঠ।

ভব ভুজাশ্রিতানুগত শ্রীকীর্ত্তিচন্দ্র বর্ম্মণঃ বদ্ধকরাদর পুরঃসর প্রণামান্তর বিজ্ঞাপ্য মে তদ্বিশেষঃ শ্রীমন্মহারাধিরাজের মহৈশ্বর্য্য শৌর্য্য সৌন্দর্য্য ষড়ৈশ্বর্য্যান্বিত শ্রীশ্রীঅধোক্ষজ অহরহঃ বৃদ্ধিভূত করিতেছেন যাহাতে আশ্রিতানুগতগণের অভীষ্ট সিদ্ধিপরং।

৩ প্রশস্তিঃ।

মহামহিমাসীম পরাক্রমাধার ধীষণ ধারাধার অনুকম্পাগারঃ শ্রীল শ্রীযুক্ত মহারজাধিরাজ ধনদানুজ ভুজবল গরিষ্ঠেষু।

অনন্যাশ্রিত শরণাগত শ্রীচন্দ্রশেখর দত্ত ভূতি পৌনঃ পুণ্যভূমৌ পতিত নতশিরঃ বদ্ধকর প্রণাম পুরঃসর নিবেদন মেতদ্বিশেষঃ শ্রীমন্মহারাজের রাজকোষাবস্থিতা লোকা-ন্বিতা লোলান্বিতা নিশ্চলাছেন যাহাতে অস্মাকং ভব্যা-ন্বিশেষঃ।

৪ প্রশস্তিঃ।

অহরহঃ বহুধা বিত্ত বিতরণ বিদীর্ণ বিপ্রদৈন্য পটল ভুজবলদলিত বহুল বিপক্ষ ভূ ভুজবল শ্রীল শ্রীযুক্ত মহারাজাধিরাজ ভয়হরেভিয় পদপঙ্কজেষু।

আজ্ঞানুবর্ত্তী ভৃত্য শ্রীভবানীচরণ দাসবস্যে অভিবাদন পুরঃসর করপুট পূর্ব্বক আবেদন মিদং শ্রীশ্রীমহারাজাধি-রাজের অভয়পদারবিন্দ প্রসাদাৎ মদীয় কায়িক বৈষায়িক সমগ্র ভব্যং বিশেষঃ।

পূর্ব্ব ব্যবহারানুসারে চাতুবর্ণ সম্ভূত ব্যক্তি চতুষ্টয়ের উপাধি অর্থাৎ বিপ্রের দেবশর্ম্মা ক্ষত্রিয়ের ত্রাতৃবর্ম্মা বৈ-শ্যের গুপ্ত বা দত্ত ভূতি এবং শূদ্রের দাসবসু পত্রাদি হলে পরং লেখ্য হইল, তথাচ বিনা প্রমাণে পাঠকবর্গের মনে সন্দেহ উপস্থিত হওয়া সম্ভাবিত সন্দেহে তৎ প্রমাণ লিখিতেছি।

যথা যমঃ। শর্ম্মা দেবশ্চ বিপ্রস্য বর্ম্মাত্রাতা চ ভূভুজঃ ভূতিদত্তশ্চ বৈশ্যদাসঃ শূদ্রস্য কারয়েৎ।

তথাচ বিষ্ণুপুরাণেহপ্যুক্তং।

শর্ম্মবদ্ব্রাহ্মণস্যোক্তং বর্ম্মেতি ক্ষত্রসংযুতং।
গুপ্তদাসাত্মকং নাম প্রশস্ত বৈশ্যশূদ্রয়োঃ॥

এবং স্ত্রীয়োপাধি সম্ভোগ্যস্থলে ব্রাহ্মণাদি জাতিত্রয়ের স্ত্রী দেবী, ও শূদ্রের দাসী ক্রমশঃ চাতুর্বর্ণের স্ত্রীদিগের লিখিত হইবে তদিতর স্থলে, দেব্যা ও দাস্য লেখা বিধেয় ইতি।

ব্রাহ্মণগণ বেদ বিহিত আশীর্ব্বচনযুক্ত পদ রচন পূর্ব্বক পত্র স্বজাতীয় গুরুতরগণ ভিন্ন বয়ঃসম্বন্ধ ন্যূন জনকে এবং রাজন্যাদি জাতিত্রয় সম্ভব জনগণকে লিখিবেন, এবং ক্ষত্রিয়গণ স্বজাতীয় রাজাদের পত্রের সম্বন্ধাদি বিবেচনা পূর্ব্বক আশীর্ব্বচন ও অভিবাদনযুক্ত বাক্যবিন্যাস করিবেক, কিন্তু বৈশ্য শূদ্রাদি জাতিজগণেরা ক্ষত্রিয় রাজপাত্র সর্ব্বথা প্রণাম পূর্ব্বক পদন্যাস করিবেক, যদ্যপি লেখকাপেক্ষা বয়ঃক্রমে রাজা কনিষ্ঠ হয়েন তথাচ প্রণাম বাক্য বিন্যাসে দোষাভাব, যে হেতু প্রজাপালন ভূরক্ষণ কারণ দেবতারা নরাধিপ রূপে অবতার হয়েন।

যথা সপ্তমধ্যায়ে মনুরেবাপ্যুক্তং।

ইন্দ্রানিল যমার্কাণা মগ্নেশ্চ বরুণস্য চ।
চন্দ্রবিত্তে শয়োশ্চৈব মাত্রা নির্হৃত্য শাশ্বতী॥
অপিচ। বালোপিনাবমন্তব্যো মনুষ্য ইতি ভূমিপঃ।
মহতী দেবতাহেষা নররূপেণ তিষ্ঠতি॥

অস্যার্থঃ। ইন্দ্র বায়ু যম সূর্য্যাগ্নি বরুণ চন্দ্র কুবেরাদির শ্রেষ্ঠাংশ আকর্ষিত হইয়া রাজোৎপত্তি হয়। অপিচ রাজা বালক হইলেও মনুষ্যেরা তাঁহাকে মনুষ্য জ্ঞান ত্যাগ করিয়া সাক্ষাৎ দেবারূপায় দর্শন করিবেন।

মহিষী প্রশস্তিঃ।

নবনীলনীরজনিন্দিতোদিত নির্ম্মলনিভ নাগান্তকাসন নলিনচরণ নিঃসৃতরসপানপরায়ণী শ্রীমতী মহারাণী নারায়ণী নললনা সমেষু।

নিত্যাশীর্ব্বাদক শ্রীচণ্ডীচরণ দেবশর্ম্মণঃ পরমশুভাশিষাং রাশয়ঃসন্তু বিশেষঃ শ্রীমতী মহারাজ্ঞীর মহামঙ্গলোন্নতি শ্রীশ্রীচন্দ্রচূড়চরণে নিত্য পূজাবসানে প্রার্থনীয় তাহাতে অস্মদভীষ্ট সিদ্ধি পরং।

২ প্রশস্তিঃ।

বিবিধবিদ্বান দরিদ্রবিপ্র দৈন্যবহুদুঃখ বিধ্বংসিনীনিজার্জ্জিত পুঞ্জপুণ্যে পৃথ্বীপবিত্রাকারিণী শ্রীযুক্তা রাণী কাত্যায়নী মহানুভাবিকা যাচকজন কল্পলতিকেষু।

আজ্ঞাধীন শ্রীপ্রতাপচন্দ্র বর্ম্মণঃ প্রণতি পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চাদৌ শ্রীমতী মহারাজ্ঞীর করুণেক্ষণেই মদীয় সমগ্র ভব্যং বিশেষঃ।

৩ প্রশস্তিঃ।

ত্রিগুণাত্মক ত্রিদেবারাধিত ত্রয়ী বন্দিত শ্রীকালিকা চরণানুসেবিকা বেদাশ্রিত বর্গপালিকা শ্রীমতী মহামহিষী সুশীলালঙ্কারভূষিতা সাবিত্রী সমেষু।

আজ্ঞানুবর্ত্তী নিযোজ্য শ্রীচন্দ্রশেখর গুপ্তস্য প্রণাম পুরঃসর করপুট পূর্ব্বক নিবেদনীয় মিদং শ্রীমতী মহামহিষী চরণানুগ্রহাৎ অস্মদাদির সমস্ত কল্যাণ বিশেষঃ।

শূদ্রাদিরা সেবকস্য ইত্যাদি পাঠ লিখিবেন।

সামান্য রাজ প্রশস্তিঃ।

কুটিলকলিজাল-কলুষ-করালকাল বারণ শ্রীকালীচরণ পুজনোপচিতান্তঃকরণ শ্রীল শ্রীযুক্ত কালীচরণ রায় ভূমিপ মহাশয় শিষ্টাশিষ্টপালকনাশকেষু।

আজ্ঞাকারী শ্রীনরহরি শর্ম্মণঃ বিনয় পুর্ব্বক নমস্কারা নবেদন মিদং।

মহামহিমাসাগর যশঃশশধরঃ শ্রীযুত বাবু উমেশচন্দ্র রায় বাহাদুর অখণ্ড দোর্দ্দণ্ড প্রচণ্ডপ্রতাপেষু।

নিত্যাশ্রিত প্রতিপালিত শ্রীকৃষ্ণনাথ শর্ম্মণঃ চতুর্ব্বেদোক্ত পরমশুভাশিষাং বিজ্ঞাপনীয় মিদং।

প্রধান মন্ত্রী প্রশস্তিঃ।

কংসকুবলয়কেশীনাশন ভূরি ভূভারাবতারণাদি কারণ শ্রীনন্দনন্দনচরণপরায়ণ শ্রীযুত উমাচরণ চট্টোপাধ্যায় বিচক্ষণ সচিবগণ গণনাগ্রগণ্যেষু।

ভবন্মঙ্গলাকাঙ্ক্ষিণঃ শ্রীগুরুদেব শর্ম্মণঃ বেদবিহিত বিবিধাশিষ পুর্ব্বক বিজ্ঞাপ্য মিদং যুস্মদাযুরারোগ্য মহৈশ্বর্য্য বৃদ্ধি ভূতার্থ নিত্যপ্রার্থিত তাহাতে মদীয়মকুলম্বিশেষঃ

২ প্রশস্তিঃ।

জনপদজনগণহিতৈষী পরম ধর্ম্মরাজকর্ম্ম পারদর্শি শ্রীযুক্ত দেওয়ান রামগোবিন্দ গুপ্ত মহাশয় স্বজন সজ্জনানেক পালকবরেষু।

পাঠ পূর্ব্ববৎ।

বিবিধ বিবুধগণৈক নিলয় গুণিগণৈকাশ্রয় শ্রীযুক্ত

দেওয়ান বেদকণ্ঠ চট্টোপাধ্যায় মহাশয় অস্মদেকান্তাবলম্বনেষু।

পাঠ পূর্ব্ববৎ।

পরমারাধ্য পুজ্যবর মমাভীষ্ট সিদ্ধিকর শ্রীযুক্ত বাবু রামকমল বন্দ্যোপাধ্যায় বেদবন্দিত সুরপূজিত শ্রীঅংঘ্রি-পদ্মযুগলেষু। পাঠ।

অকিঞ্চন দীন সেবক শ্রীঅমুক বর্ম্মণঃ বা দত্ত বা দাস বসো প্রণাম সাষ্টাঙ্গ পূর্ব্বক নিবেদনঞ্চাদৌ নিখিল ভয় হর ভবচ্চরণানবরত ধ্যান করতঃ মদীয় ঐহিক পারত্রিকের সমস্ত ভদ্রং বিশেষঃ।

রাজা কর্ত্তৃক বিপ্র মন্ত্রী প্রশস্তিঃ।

শ্রীমন্নারায়ণচরণ পরায়ণ মম বিশ্বাসৈক নিকেতন পুরজন প্রজাগণ রক্ষক শ্রীযুক্ত অমুক চট্টোপাধ্যায় নামঃ মন্ত্রণাজ্ঞ সন্ধিবিগ্রহভেদজ্ঞ বেদজ্ঞ মহাশয় চরণেষু।

প্রণাম পূর্ব্বক বিজ্ঞাপাঞ্চ বিশেষঃ।

ক্ষত্রিয়াদি মন্ত্রী প্রশস্তিঃ।

নিখিল গুণমন্দির ধীরবর শ্রীযুত রামকিঙ্কর গুপ্ত মম বিশ্বাসধাম কার্য্যক্ষমেষু।

২ প্রশস্তিঃ।

সর্ব্বোপমা যোগ্য বিজ্ঞবর শ্রীযুত অমুক দাস বসো সচ্চরিত্রেষু।

লব্ধপ্রতিষ্ঠ শিষ্টবর শ্রীযুত অমুক বিশ্বাসালয়েষু।

সুপ্রতিষ্ঠিত শ্রীযুত অমুক সদাশয়েষু।

যশো গরিষ্ঠ শ্রীযুত অমুক সহৃদারচিত্তেষু।

পরম বিশ্বাসভাজনবর শ্রীযুত অমুক যশোগরিষ্ঠেষু।

বিজ্ঞাপ্যং প্রয়োজনং বিশেষঃ।

রাজা ভৃত্যপত্র আত্ম নাম পত্রপার্শ্বে লিখিবেন।

গুরু প্রশস্তিঃ।

৭ স্বস্তিঃ অপার দুস্তরকলুষাকর অসারসংসারপারাবার কর্ণধার শ্রীল শ্রীযুক্ত মদীশ্বর ঠাকুর মহাশয় স্বর্গাপবর্গপ্রদ শ্রীপদপল্লবেষু।

ইহ পারলৌকিক সুখসম্পদপদ মোক্ষদ পদযুগল ধ্যানৈকাগ্রচিত্ত নিত্যসেবক শ্রীরামসেবক শর্ম্মণঃ সাষ্টাঙ্গ দণ্ডবদ্ভূমৌ নিপত্য সঙ্খ্যাতীত প্রণাম পূর্ব্বক নিবেদনীয়মিদং শাশ্বত যুষ্মৎ শ্রীচরণাম্বুজ মৎহৃদিসরোজ মনঃ মলয়জেন পুজনোপচিত মানসেই মদীয় মানসীকাদি ত্রিবিধকিল্বিষ ভস্মীভুতং ভবেৎ।

গুরু প্রশস্তিঃ।

অনাদ্যাবিদ্যাধ্বান্ত অদান্ত নিতান্ত কৃতান্তান্তক ব্রহ্মজ্ঞান গরিষ্ঠ বরিষ্ঠ বশিষ্ঠাধিক তত্ত্বদর্শক শ্রীশ্রীযুক্ত শ্রীইষ্টদেব ঠাকুর মহাশয় সাধক সর্ব্বাভীষ্টপ্রদ শ্রীপদপঙ্কজেষু।

পরমাভাজন ক্রিয়াহীন দীন কিঙ্কর শ্রীকৃষ্ণকিঙ্কর শর্ম্মণঃ সাষ্টাঙ্গ প্রণিপাত ধূল্যাবলুণ্ঠিত মনো দেহ সংযুক্ত সংখ্যাতীত প্রণাম নিবেদনঞ্চাদৌ বিষম বিষয় বিষধর দংশিত প্রকৃতি বিকৃতিভাববশত স্বতঃ অহিতরত অকৃতিজন বিষজ্বলন সতত জ্বলিত হইয়া প্রার্থনা করিতেছি হে গুরো করুণামৃত ধারাসংপাতন দ্বারা বিষয়বিষ বিমুক্ত করিতে আজ্ঞা হউক।

গুরু প্রশস্তিঃ।

উদ্যাদাদিত্য সঙ্কাশান্বিত নিত্য জ্যোতির্ম্মন্দির-বিরা-জিত শবশক্ত্যাত্মক শিবত্বদায়ক সাধক সিদ্ধার্থকল্পতরু রূপধর শ্রীমন্মদীশ্বর পরাৎপর ঠাকুর মহাশয় সর্ব্ব দেবা শ্রয় সকল তীর্থময় শ্রীচরণাম্বুজেষু।

দিনেশ ঈশবন্দিত ধনেশ গণেশ সেবিত ভবচ্চরণারু বিন্দস্খলিত মকরন্দপানার্থতৃষিত মনঃ শ্রীরামকমল শর্ম্মণঃ সংখ্যাতীত সষ্টাঙ্গপাত প্রণামান্তর নিবেদয়ামি অসার বিশ্বসার শাশ্বত চরণধ্যান মাত্রেই ধর্ম্মার্থকাম মোক্ষ প্রা-প্নোতি অস্মাকং কিমভাবং বিশেষঃ।

গুরু প্রশস্তিঃ।

পঞ্চাস্য পদ্মনাভ পরমেষ্ঠী পূজিত প্রপঞ্চ পঞ্চক্লেশ রহিত পরম প্রতিভান্বিত পরমাত্মন শ্রীযুক্ত পরমগুরু মহানুভব তব সদৃশ পদপঙ্কজেষু।

পাঠ পূর্ব্ববৎ।

বেদবেদান্তাবর্ণিত ত্রিগুণাতীত বাসব বিরিঞ্চিবন্দিত নিরঞ্জন জ্ঞানাঞ্জনবিতরণ তপনতনয়ভয়ভঞ্জন ভক্তবৎ-সল শ্রীশ্রীযুক্ত গুরুদেব মহাশয় শ্রীপাদারবিন্দেষু।

অকিঞ্চন দীন সেবক শ্রীঅমুক শর্ম্মণঃ সাষ্টাঙ্গপাত সংখ্যাতীত প্রণামানন্তর করপুট পুরঃসর নিবেদনীয়ং।

গুরুপত্নী প্রশস্তিঃ।

৭॰ স্বস্তিঃ জগদুৎপত্তিপালন প্রলয় ত্রিতয়গুণাশ্রয় ত্রিদেববন্দিনী চন্দ্রার্কানল-লোচনী পরানন্দ-স্বরূপিণী শ্রীযুক্তা মদীশ্বরী জননী মোক্ষদ পদপঙ্কজেষু।

পাঠ।

১। স্বস্তিঃ যুষ্মদাশানুসেবিকা শ্রীমতী চন্দ্রমণি দেব্যা দণ্ডবদ্ভূমৌনিপত্য সাষ্টাঙ্গকোটয়ঃ প্রণাম পুরঃসর নিবেদয়ামি যুষ্মৎ শাশ্বত কৈবল্যদপদনখেন্দুবৃন্দ ধ্যানাবলম্বনাৎ মদীয় সদয় হৃদয়সরো মধ্যস্থ মনঃকুমুদ নিত্য প্রফুল্ল সুতরাং সর্ব্বদুঃখাভাবং বিশেষঃ

২ প্রশস্তিঃ।

জগজনজন্মিত্রী ধরিত্রী ধাতা বিধাত্রী জ্ঞাননির্ব্বাণ দাত্রী শ্রীমতী মদীশ্বরী ঠাকুরাণী নিখিলাখিল ভয়হর চরণারবিন্দেষু।

৩ প্রশস্তিঃ।

জননমরণ জাতনাবারিকা ভবানুভাবভাবিকা সাধকাভীষ্টসাধিকা ত্রিগুণাত্মিকা ঠাকুরাণী শ্রীপদপল্লবেষু।

পাঠ পূর্ব্ববৎ।

গুরুপুত্র প্রশস্তিঃ।

সুচিরারাধিত সুরগণ সংবন্দিত শ্রীমন্নাথ চরণারবিন্দ মকরন্দ পানানন্দিত মনঃ শ্রীল শ্রীযুক্ত ঠাকুর পুত্র মহাশয় ভবভয় ভীত ভক্তবৎসল শ্রীচরণপঙ্কজেষু।

সামান্য প্রশস্তিঃ।

পরমারাধনীয় শ্রীল শ্রীযুক্ত ইষ্টদেব মহাশয় ভবার্ণব তারক শ্রীপদপল্লবেষু।

২. প্রশস্তিঃ।

অজরামরার্চ্চনীয় শ্রীল শ্রীযুক্ত ঠাকুর মহাশয় জনন মরণ জাতনাহর শ্রীচরণার বিন্দেষু।

প্রাগুক্ত গুরু প্রশস্ত্যাদির পদন্যাস দৃষ্টে পাঠক মহাশয়েরা অত্যুক্তি জ্ঞান পরিত্যাগ করিবেন যেহেতু বিরিঞ্চি বাসবানন্ত বেদ বেদান্ত অনন্ত মহিমান্বিত গুরুদেবের মহিমা বর্ণনে অত্যন্তাশক্ত মন্ত্রদ ও মন্ত্র এবং তদধিষ্ঠাতৃ দেবতা অভেদ সুতরাং গুরুদেব সাক্ষাচ্ছিবাবতার নরাকার জননমরণান্বিত ইত্যাকার জ্ঞান মনুষ্যের দুরদৃষ্ট জনক ও নরক প্রাপক যদ্যপি পারম্পর্য্য ক্রমে গুরু পরমগুরু ও পরাপরগুরু ইতি ত্রিবিধ বাক্য ব্যবহার্য্য তত্তাৎপর্য্য এই মন্ত্রাধিষ্ঠাতা দেবতা গুরুমন্ত্র পরম গুরুমন্ত্রোৎপাদকগুরু পরাপরগুরু ফলতঃ ত্রিবিধোপাধি যুক্ত কেবল গুরুই হয়েন কেহ২ গুরুর পিতা ও পিতামহকে পরমগুরু ও পরাপর গুরু কহেন তাহা নিতান্তামুলক কেননা গুরুদেবজাত এবং মৃত নহেন নিত্য নিষ্কলের জনন মরণ অত্যন্ত অসম্ভব তবে যে গুরু মরণানন্তর তৎশ্রাদ্ধ ও তর্পণাদি কেহ২ করিয়া থাকেন তাহাও অভেদ জ্ঞানাভাবপ্রযুক্ত যেমন কাশ্যাদি মরণ স্থলেও মৃতদেহদাহ ও প্রেতত্ব মোচনার্থ পিণ্ডদান, গুরুর জনন মরণ দৃষ্টব্য হইলেও তাঁহার আবির্ভাব তিরোভাব মাত্র, যাদৃশ রামকৃষ্ণাদির শরীর ধারণ ও মরণ, তথাচ তদ্বিষয়ক ঐক্য জ্ঞানোদয়ার্থ শাস্ত্রাদির প্রমাণ নিম্নে লিখিত হইল তাহা পাঠকবর্গের অবশ্য সুশ্রবণীয় হইবে।

যথা মুণ্ডমালাতন্ত্রে পার্ব্বত্যুবাচ।

ঐক্যজ্ঞানং মহাদেব কথমুৎপাদ্যতে প্রভো।
নরাকৃতিং গুরুং মন্ত্রো দেবতা ধ্যানরূপিণী॥
মন্ত্রশ্চাক্ষররূপোহি কথমেকাং ভবেচ্ছিব।

শিব উবাচ।

একজাতিস্বরূপেণ স্বভাবাদেকজন্মতঃ।
এতেষাং ভাবযোগে তু একসাধন মেব হি ॥
গুরোর্জাতশ্চ মন্ত্রশ্চ মন্ত্রজাতা তু দেবতা।
অতএব বরারোহে দেবতায়াঃ পিতামহঃ।
পিতুশ্চ ভাবনাদ্দেবী যথাচৈব পিতুঃ পিতুঃ ॥

ইতি বচনাৎ গুরুমন্ত্র দেবতা ত্রয় ঐক্যজ্ঞানে সাধন কর্ত্তব্য এবং গুরু পরমগুরু অভেদ তথাপ্রোক্তং শাক্তানন্দ তরঙ্গিনী ধৃত মহিষমর্দ্দিনীতন্ত্রে।

গুরুঃ পরমগুরুশ্চৈব পরাপরগুরু স্তথা।
স্বগুরুঃ পরমেশানী সাক্ষাদ্ব্রহ্ম নসংশয়ঃ ॥
তৎপিতা পরমগুরুর্দেবী স্বয়ংবিষ্ণুঃ ক্ষিতৌ সদা।
তৎপিতা পরাপরগুরুঃ মহেশ্বর সমং সদা ॥

ইতি বচনদ্বয়ের অর্থ তাৎপর্য্য তুল্য সংস্থান হইতেছে ফলতঃ নরাকার রূপে গুরু পিতা ও পিতামহ পরমগুরু ও পরাপর গুরু এমত জ্ঞান করিবা না, ঐক্য জ্ঞানে ইষ্ট সাধন কর্ত্তব্য। তথাহি বৃহন্নীলতন্ত্রে দ্বিতীয় পটলে।

পরাপর গুরুনাঞ্চ নির্ণয়ং শৃণু পার্ব্বতি।
আদৌ সর্ব্বত্র দেবেশি মন্ত্রদঃ পরমোগুরুঃ।
পরাপর গুরুস্ত্বংহি পরমেষ্ঠিস্ত্বহং গুরুঃ।

অতএব গুরু মনুষ্য ইতিজ্ঞান অকর্ত্তব্য কেবল মোক্ষ-দাতৃত্ব কারণে কল্পিত নরাকার এতাবন্মাত্র।

তথাপি কামাখ্যাতন্ত্রে তৃতীয় পটলে।

মানুষে গুরুতা দেবী কল্পনা নতু মুখ্যতঃ।

মোক্ষো ন জায়তে দেবি মানুষে গুরুভাবনা ॥

গুরুতন্ত্রেপি।

ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ পার্ব্বতী পরমেশ্বরী, ইন্দ্রাদয় স্তথা দেবা যক্ষাদ্যাঃ পিতৃদেবতাঃ। গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বা গন্ধর্ব্বাঃ সর্পজাতয়ঃ। স্থাবরাজঙ্গমাশ্চান্যে পর্ব্বতাঃ সার্ব্ব ভৌতিকাঃ, এতেচান্যে চ তিষ্ঠন্তি নিত্যং গুরুকলেবরে।

তথা। ধ্যানমূলং গুরোর্মূর্ত্তি পূজামূলং গুরোঃপদং। মন্ত্রমূলং গুরোর্বাক্যং সিদ্ধিমূলং গুরোঃকৃপা; অতএব গুরু-পাদপদ্ম পূজনে বিশ্বপূজন ফলপ্রাপ্তি।

ব্রহ্মাণ্ডভাণ্ড মধ্যে তু যানি তীর্থানি সন্তিবৈ।
গুরোঃ পাদতলে তানি নিবসন্তি হি সন্ততং ॥

গুরু শব্দস্য ব্যুৎপত্তি এবং ফল মাহ।

রুদ্রযামলে।

গকারঃ সিদ্ধদপ্রোক্তা রেফঃপাপস্য দাহকঃ।
উকারঃ শম্ভুরিত্যুক্ত স্ত্রিতয়াত্মা গুরুঃ স্মৃতঃ ॥

কঙ্কালমালিনীতন্ত্রে প্রথম পটলেপি।

নির্গুণঞ্চ পরং ব্রহ্ম গুরু রিত্যক্ষর দ্বয়ং ॥

গুরুতন্ত্রেপি।

গুরু রিত্যক্ষরং যস্য জিহ্বাগ্রে দেবি বর্ত্ততে।
তস্য কিং বিদ্যতে মোহঃ পাঠোবেদস্য কিং বৃথা ॥
গকারোচ্চারমাত্রেণ ব্রহ্মহত্যা ব্যপোহতি।
উকারোচ্চারমাত্রেণ মুচ্যতে জন্মপাতকাৎ ॥
রেফোচ্চারণ মাত্রেণ উকারোচ্চরাণাৎ পুনঃ
বিসর্গোচ্চারণাৎ কোটিজন্মজং পাতকং হরেৎ ॥

পুরোহিত প্রশস্তিঃ।

৭ঁ স্বস্তি বেদবেদান্ত সিদ্ধান্তসম্মত শুদ্ধাচারান্বিত মম হিতান্বেষক শ্রীযুক্ত পুরোহিত ভট্টাচার্য্য মহাশয় শ্রীচরণাম্বুজেষু

২ প্রশস্তিঃ।

দুরারাধ্য বেদবিদ্যাধ্যাপক বেদার্থ বোধক যাজ্ঞ্য বল্কাধিক যাজ্ঞিক শ্রীযুক্ত পুরোহিত ভট্টাচার্য্য মহাশয় শ্রীচরণারবিন্দেষু।

৩ তৃতীয় প্রশস্তিঃ।

অখণ্ডস্বর্গ প্রাপকাশেষ কর্ম্মকাণ্ড প্রকাশ শ্রীযুক্ত বিদ্যারত্ন ভট্টাচার্য্য মহাশয় শ্রীচরণেষু।

পাঠ।

৭ঁ স্বস্তি অকিঞ্চন কিঙ্কর অথবা দীন ভৃত্য বা সেবক অথবা ভবচ্চরণাশীরাকাঙ্ক্ষিণ শ্রীব্রজমোহন শর্ম্মণঃ প্রণতয়ঃ সংখ্যাতীত নিবেদনীয় মিদং।

পণ্ডিত প্রশস্তিঃ।

বিবিধ বিদ্যোপার্জ্জিতামল যশঃ সোমস্তোম প্রাকাশীকৃত ভূমণ্ডল শ্রীল শ্রীযুক্ত তর্কপঞ্চানন ভট্টাচার্য্য অবিদ্যোদ্ভূতাদ্ভুত ব্যাধিনাশন চরণ সরোজেষু।

২ প্রশস্তিঃ।

বেদবেদান্তবিদ্যা মণ্ডিত পণ্ডিতগণাগ্রগণ্য শ্রীযুক্ত বিদ্যাবাগীশ ভট্টাচার্য্য মহাশয় বাগীশসমেষু।

৩ প্রশস্তিঃ।

গভীরক্ষীরসাগরনীর নির্ম্মল নিকর সৌজন্যাকর

ধীরবর শ্রীযুক্ত বিদ্যাভূষণ ভট্টাচার্য্য গৌতমী জনয় গৌত-মাচার্য্যেষু।

৪ প্রশস্তিঃ।

নিখিলশাস্ত্রাধ্যাপক পরমকারুণিক শ্রীযুক্ত কালীদাস কবিরত্ন ভট্টাচার্য্য মহাশয় সুরাচার্য্যকল্পেষু।

আশীরাকাঙ্ক্ষিণ শ্রীরামবল্লভ দেবশর্ম্মণঃ পরমাদর পুরঃসর নমস্কার নিবেদন মিদং।

সন্ন্যাসী প্রশস্তিঃ।

৭ঁ স্বস্তি অজাজিতামরাগোচর মহদহঙ্কার তত্ত্বাতীত নিত্যনিষ্ফলনিষ্ক্রিয়াত্মন তত্ত্বজ্ঞানান্বিত শ্রীমন্নারায়ণ তীর্থ স্বামী ভূসুরামর পূজিত শ্রীচরণারবিন্দেষু।

২ প্রশস্তিঃ।

৭ঁ স্বস্তি মহাভাবানুচরিত চিত্তাদ্বৈত ভাবনাবলিত চিত্তানুগত শ্রীযুক্ত বেদানন্তভারতী মহানুভব ভূদেব পূজিত স্বামিচরণারবিন্দেষু।

৩ প্রশস্তিঃ।

বাসনা বাসোচিত ভোগবিষয়ানুরাগ নিস্পৃহ মনঃ শ্রীযুক্ত পূর্ণানন্দ পুরী মহানুভব স্বাশ্রমোচিতাচার পালন পবিত্রীকৃত ভূতলেষু।

ওঁ নারায়ণায় নমঃ।

স্বস্তি সুরনরসেব্যমান স্বামিচরণধ্যানাবলম্বিত শ্রীঅ মুক শর্ম্মণঃ সাষ্টাঙ্গ প্রণাম পূর্ব্বক নিবেদন মিদং।

সর্ব্বজন বিজ্ঞাপন কারণ সন্ন্যাসী প্রশস্তি উপরে লি-খিত হইল তদৃষ্টে বিজ্ঞমহাশয়রা দণ্ডী বা সন্ন্যাসী মহানু

ভব সকলকে তাঁহাদিগের স্ব স্ব আশ্রমোচিত ধর্ম্ম দর্শনে গুণ বর্ণন পূর্ব্বক প্রশস্তি ও পদন্যাস করিবেন, শাস্ত্রানুসারে অবধূতাশ্রমান্তর্গত দশবিধ লক্ষণান্বিত দশযোপাধি যুক্ত সন্ন্যাসী আছেন পাঠক মহাশয় দিগের বিজ্ঞাপনার্থ তাহাও লিখিতেছি।

যথা। নির্ব্বাণতন্ত্রে চতুর্দ্দশ পটলে।

তীর্থাশ্রমবনারণ্যগিরিপর্ব্বতসাগর।
সরস্বতী ভারতী চ পুরীতি দশকীর্ত্তিতা॥

উক্ত দশবিধ সন্ন্যাসীর লক্ষণমাহ।

বৃহচ্ছঙ্করবিজয়ে।

ত্রিবেণীসঙ্গমে তীর্থে তত্ত্বমস্যাদি লক্ষণে।
স্নায়াত্তত্ত্বার্থভাবেন তীর্থনামা স উচ্যতে। ১।
আশ্রমগ্রহণে প্রৌঢ় আশাপাশ বিবর্জ্জিতঃ।
যাতায়াত বিনির্ম্মুক্ত এতদাশ্রমলক্ষণং। ২।
সুরণ্যে নির্ঝরে দেশে বনে বাসং করোতি যঃ।
আশাপাশবিনির্ম্মুক্তো বননামা স উচ্যতে। ৩।
আরণ্যে সংস্থিতো নিত্যং আনন্দনন্দনে বনে।
ত্যক্ত্বা সর্ব্বমিদং বিশ্ব মারণ্যলক্ষণংকিল। ৪।
বাসোগিরিবরে নিত্যং গীতাভ্যাসে হি তৎপরঃ।
গম্ভীরচলবুদ্ধিশ্চ গিরিনামা স উচ্যতে। ৫।
বসেৎ পর্ব্বতমূলেষু প্রৌঢ়ো যো ধ্যানধারণাৎ।
সারাৎ সারংবিজানাতি পর্ব্বতঃপরিকীর্ত্তিতঃ। ৬।
বসেৎ সাগর গম্ভীরো বনরত্ন পরিগ্রহঃ।
মর্য্যাদাশ্চনলঙ্ঘেত সাগরঃ পরিকীর্ত্তিতঃ। ৭।

স্বরজ্ঞানবশো নিত্যং স্বরবাদী কবীশ্বরঃ।
সংসারসাগরে সারাভিজ্ঞো যো হি সরস্বতী। ৮।
বিদ্যাভারেণ সম্পূর্ণা সর্ব্বভারং পরিত্যজেৎ।
দুঃখভারং ন জানাতি ভারতী পরিকীর্ত্তিতা। ৯।
জ্ঞানতত্ত্বেন সম্পূর্ণ পূর্ণতত্ত্বপদে স্থিতঃ।
পদব্রহ্মরতো নিত্যং পুরীনামা স উচ্যতে। ১০।

অস্যার্থঃ সুগম প্রমাণে বোদ্ধব্যং।

পিতৃ প্রশস্তিঃ।

নিখিলাখিল কলিকলুষনাশক স্বর্গাপবর্গদায়ক শ্রীল শ্রীযুক্ত মদীশ্বর ঠাকুর মহাশয় সুরেশারাধ্য পরেশ সদৃশা-শেষ পুণ্য জনকপদারবিন্দেষু।

২ প্রশস্তিঃ।

পাপাকরাপারানন্তাকুপারপারকর্ণধার শ্রীযুক্ত মত্তাৎ ঠাকুর মহাশয় সর্ব্বাভীষ্ট সাধক শ্রীপাদম্বুজেষু।

৩ প্রশস্তিঃ।

দুস্তর সংসারপারাবার নিস্তারক জ্ঞানমোক্ষদায়ক শ্রীযুক্ত মজ্জনক ঠাকুর মহাশয় শ্রীচরণসরসিরুহরাজেষু।

৪ প্রশস্তিঃ।

পরমারাধনীয় বা পরম পূজনীয় শ্রীযুক্ত পিতা ঠাকুর মহাশয় শ্রীচরণার বিন্দেষু।

পত্রি পাঠ।

অকিঞ্চিৎ কর কিঙ্কর বা ভক্তিহীন সেবক অথবা দু-রিতপুরিত দাস কিম্বা জবভীত ভৃত্য শ্রীরামতারণ শর্ম্মণঃ সংখ্যাতীত সাষ্টাঙ্গ প্রণতয়ঃ করযুগ সম্পুট পুরঃসর নিবে-

দন মিদং তব চরণারবিন্দ ধ্যানাবলম্বনে অদীয় ঐহিক পারত্রিক নিস্তার বিশেষঃ।

৭ স্বস্তিঃ প্রণয়াকাঙ্ক্ষিণ শ্রীচন্দ্রমোহন বর্ম্মণঃ তব মঙ্গলে অত্র মঙ্গল বিশেষঃ। শ্রীমতী সখী নাম্নী সখী বাচনিক কামকান্তা উর্ব্বশী শিশুশশী নিন্দিত তব রূপ গুণ শ্রবণে শ্রবণেন্দ্রিয় সুশীতল হইয়াছে কিন্তু শব্দ স্পর্শ রূপ রস গন্ধ পরীক্ষা বিধায়ে ইন্দ্রিয়াদির পরস্পর স্বাতন্ত্র্য প্রযুক্ত শ্রুতি সুখ বিরোধী চাক্ষুষ ক্রোধ হইয়া সর্ব্বেন্দ্রিয়াধীপ সঙ্কল্প বিকল্পাত্মক মনঃ সমীপে অভিযোগ পুর্ব্বক নিবেদন করিল, হে দেবরূপসি কামলতা রূপ গুণ কথা শ্রবণে শ্রবণ যাদৃশ শীতল হইয়াছে তাদৃশ উক্ত কামিনীর কমনীয় কমলাঙ্গ, লাবণ্য দর্শনে আমার তদঙ্গস্পর্শে ত্বচের তদ্দেহ লেপিত কস্তূরী কুঙ্কুম গন্ধ গ্রহণে নাসিকার এবং বক্ত্রামৃত রসপানে রসনার সুখোদয় সম্ভাবনা অস্মদাদির অভীষ্ট সিদ্ধার্থ আপনি অক্ষম নহেন মনোযোগ করিলেই রক্ষা পাই, রূপ গুণ বর্ণন শ্রবণ করতঃ মনঃ এমন বিমন যে স্বধর্ম্মাচারিণী মনোমোহিনী প্রবৃত্তি নিবৃত্তি উভয়ের বিরত হতবুদ্ধি প্রায় হইলে মনের ধর্ম্মপত্নী নিবৃত্তি নিবৃত্তি জনক বাক্যে কহিল, হে নাথ প্রমদামদে মগ্ন হইয়া বিপদে পতিত হইয়া কি আমাকে অনাথা করিতে বাঞ্ছা করেন তৎপরে কামপত্নী প্রবৃত্তি প্রবৃত্তি দান করিয়া কহিল হে নাথ সংসার সুখাকর

এবং জগদীশ্বর সুখময় দেখ শব্দ স্পর্শ রূপাদির সুখানুভা-বক মাতঙ্গ কুরঙ্গ ভৃঙ্গাদি বারম্বার গত প্রাণ হইতেছে ত-থাচ সুখাভিলাষে বীতরাগ নহে অতএব যাহাতে মনঃ প্রফুল্ল হয় তাহাই সদুচিত কার্য্য প্রবৃত্তি বাক্যে নির্ভর পুরঃসর চক্ষু রসনাদিকে আশ্বাস দানপূর্ব্বক মনোপি চিন্তা পরায়ণ আছেন এবং অবচ্ছেদাবচ্ছেদে তাবদিন্দ্রিয় অ-বিকল প্রযুক্ত মুহুর্ম্মুহুঃ অশ্রু স্বেদ কম্প হইতেছে। হে চারু চন্দ্রাননে হে মৃগলোচনে এক্ষণে চক্ষু কর্ণের বিবাদ ভঞ্জনার্থ দয়া প্রকাশিয়া বারমেক দর্শন দিয়া আশু মনঃস্থির করিবেন তৎপরে যদি মদীয় পূর্ব্ব সৌভাগ্য বশাৎ তদীয় প্রীতি মৎপ্রতি প্রকাশ হয় তবে তব রূপসাগরে চিন্তাজ্ব-লন জ্বলিত মনঃ অবগাহন উন্মজ্জন দ্বারা সুশীতল ও সু-তৃপ্ত হইবে এবং রসনা রসনামৃত পানে অমৃত হইয়া সতত তব গুণ রসালাপ দ্বারা হৃদি সন্তাপ দূর করিবে। পত্রোত্তর ঝটিত দান দ্বারা মান দান করিবেন। ফাল্গুণস্য পঞ্চম দিবসীয়া লিপিরিয়ং।

নায়ক প্রতি নায়িকার উত্তর।

৭° স্বস্তিঃ মমানুগ্রাহক শ্রীযুত বাবু চন্দ্রমোহন রায় মহাশয় সম্বরারি সম সুরসিকেষু।

৭° স্বস্তিঃ তদীয়ানুকম্পাভিলাষিণী শ্রীমতী কামলতা গু-প্তায়াঃ আদর পুরঃসর নমস্কার নিবেদন মিদং যুষ্মাদনু-গ্রহ প্রকাশিকা পত্রী প্রাপ্তে সম্বাদাবগত হইয়া দূতী দ্বারা আপনার মনোগত তত্ত্ব বিজ্ঞাত হইলাম মদীয় রূপলা-বণ্যচ্ছলে কৌশলে কাব্য বর্ণনদ্বারা স্বীয় চাতুর্য্য প্রকাশক-

রিয়াছেন কিন্তু পুরুষের তাদৃশ বাক্য বিশ্বাস যোগ্য নহে সে সকল লৌকিক মৌখিক স্নেহিক বাক্য শ্রবণ সুখকর বটে, এক দিবস সখীসন্নিধানে নানা কৌতুকালাপন কালে পরকীয়া রসানুরাগ প্রসঙ্গ হইয়াছিল সখী আন্তরিক ভাবানবধানে তৎকথা তব সমীপে উত্থাপন করণানন্তর আপনি যে প্রকার কাতরোক্তি দ্বারা পত্র বিন্যাস করিয়াছেন তাহাতে পরদুঃখকাতরা কামিনীরা নিতান্তই করুণার্দ্রিভূতা হয়েন যদ্যপি ত্বদীয় সৌজন্য শারল্য যশানুরাগ সর্ব্বত্রে বিদিত আছি কিন্তু পুনঃ২ স্বকার্য্য সাধক কামিনী বঞ্চক প্রতারক পুরুষেরা অবলাবলীকে স্তোভ লোভ দর্শাইয়া পরকীয়া প্রেমে প্রবর্ত্ত করাইয়া কার্য্যসাধনানন্তর পূর্ব্বানুরাগে বীতরাগ হইয়া অকুল কলঙ্কসাগরে নিক্ষেপ করিতে নির্দ্দয় সুতরাং দুর্জ্জনের দৌর্জ্জন্য দর্শনে সুজনেও বিশ্বাস জন্মে না। যথা। দুর্জ্জনে দূষ্য মনস বিশ্বাস সুজনে নহি বালঃ পায়স দগ্ধাস্য দধিফুৎকার ভুঞ্জতে। অর্থাৎ দুর্জ্জনে পীড়িত জনের সুজনেও বিশ্বাস নাই, যেমন দুগ্ধ পানে মুগ্ধ দগ্ধ মুখ বালক দধিও ফুৎকার পূর্ব্বক ভোজন করে, পরকীয় প্রেমসাগরে মজ্জনাভিলাষিণী কামিনীগণের ভূয়োভূয়ঃ ভয়স্থান দর্শন হইতেছে যে প্রেমসাগর স্বপতি স্বজন স্বরূপ প্রাণিশ্রাণী কুম্ভীর মকরে শক্রচক্র রূপ জলচক্রে কলঙ্কপঙ্কে এবং বিচ্ছেদ বাড়বানলে ব্যাপ্ত ভয়ঙ্কর ইহাতে নিমগ্না হইয়া কে কোথা নিরাপদে আছে, কামাতুরা কামিনীরা বরং কুল মান প্রাণভয়ে অভীতা কিন্তু বিচ্ছেদানলে অত্যন্ত কাতরা, ইহা পুর্ব্ব২ পণ্ডিতা কামিনীরা

করিয়াছেন, যথা, প্রেমৈব মাস্তবত্তুচেৎ পথিকেন নারং তত্রাপিচেৎ গুণবতা ন সহং কদাচিৎ। অস্তো বরান্ পুনর্ন্যা কদাপি ভঙ্গঃস্যাদেব বা ভবত্ববশ্যমবশ্যমায়ুঃ। অর্থাৎ হে সখি বরং প্রেম না হয় সেচ উত্তমং তথাপি পথিকের সহিত না হয় বরং পথিকের সহিত হউক তথাপি গুণবানের সহিত না হয় যদিস্যাৎ গুণজ্ঞের সহিত মিলন হয় তবে যেন বিচ্ছেদ না হয় যদি কদাচিৎ ভঙ্গ হয় তবে যেন দেবতা পরমায়ুঃ বশীভূত করেন, অর্থাৎ বিচ্ছেদাপেক্ষা মৃত্যু শতগুণে শ্রেয় ইত্যাদি কারণে আমি উক্তাভিলাষে নিরাশ আছি, আপনিও ক্ষান্ত হইবেন, পিত্রালয় দ্বারাদি দৌবারিকে বদ্ধ দর্শনাদির স্থানাভাব আগামি পৌর্ণমাসী দিবসে মাসীর বাটী সুখাগারে নৌকাযানে যাইব, অন্য সংবাদ দাসীর দ্বারা অবগত হইবেন, কিমধিকং নিবেদন মিতি ফাল্গুণস্য অষ্টাদশ বাসরীয়া লিপিরিয়ং।

নায়িকা দর্শনানন্তর নায়কের দ্বিতীয় পত্র।

৭ স্বস্তিঃ খঞ্জনগঞ্জনাক্ষি শ্রীমতী কামলতা গুপ্তা মহাভাবভাবিকা কামনায়িকা সমেষু।

৭ স্বস্তিঃ প্রেমাভিলাষিণ শ্রীচন্দ্রমোহন বর্ম্মণঃ তব সন্তোষে মদীয় জুষ্ট পরং তব রূপ গুণানুরাগ শ্রবণে মনোজ বাণে ব্যথিত চিত্তে স্থির করিয়াছিলাম যে দর্শনমাত্র গাত্র জ্বালা অদর্শন হইবে, পরে আপনার প্রেরিত শাঙ্কেতিক পত্র পাইয়া আশাপাশে বদ্ধ হইয়া শ্রবণানুরূপ, রূপচিন্তনে কিছুকাল হরণ করতঃ বারি প্রত্যাশায় বারিবাহ প্রতিকায় নভোমণ্ডলে চাতকপ্রায় তব দর্শনাকাঙ্ক্ষায় কলা যুথ

সাগরে স্থরনিম্নাভীরে তপস্বিবৎ নিরাহারে প্রচণ্ড মা-র্ত্তণ্ডতাপ সহিষ্ণু হইয়া উদয়াস্ত করিয়া সায়ং প্রাক্কালে তাগ্য কলে তব লাবণ্য দর্শন করতঃ জ্ঞান হত হইয়া এই মত বিতর্ক করিয়াছি।

যথা। কিমিন্দুঃ কিম্পদ্মং কিম মুকুর বিম্বং কিমুখং।
কিমজ্জে কিং ভৃঙ্গৌ কিম মথনবাণৌ কিমুদৃশৌ॥
কটৌ বা গুচ্ছৌ বা কনককলসৌ বা কিমুকুচৌ।
তড়িদ্বা তারা বা কনকলতিকা বা কিমবলা॥

অর্থাৎ বদনের প্রতি বিতর্ক হইল যে চন্দ্র হইবে, কিন্তু চন্দ্রোদয় দিবসে অসম্ভব বিশেষতঃ সকলঙ্ক, এতাবতা পদ্ম ভ্রম হইল কিন্তু জব শূন্য স্থলে বিশেষতঃ বসন্তকালে পঙ্কজোৎপত্তি সম্ভাবিত নহে তবে বুঝি দর্পণ হইবে কিন্তু দর্পণের কাঠিন্য গুণ ও স্বর্ণলতায় দর্পণারোপ দৃষ্টবা নহে সুতরাং অনুপমেয় বদন জ্ঞান হইল এবং নেত্র নিরী ক্ষণ করিয়া আদৌ পঙ্কজ জ্ঞান হইল কিন্তু বদনপদ্মে পদ্ম উদ্ভব অসম্ভব একারণ ভৃঙ্গ ও কন্দর্পবাণ ভ্রম হইয়া পরিশেষে নয়ন স্থির করিলাম তৎপরে তুমি নৌকাহইতে গাত্রোত্থান করিয়া যানারোহণকালে হার বন্ধনার্থ বাহু দ্বয় একবার উর্দ্ধীকৃত করিয়াছিল। সেই হলে পীনোন্নত পয়োধর দৃষ্টি করিয়া তাহাতে হস্তীগণ্ড ও চম্পকগুচ্ছ এবং স্বর্ণকলস ভ্রম হইয়াছিল প্রথমতঃ তোমাকে দর্শন করি-য়া তড়িৎ ভ্রম হইয়াছিল কিন্তু চঞ্চলা চঞ্চলা, তুমি স্থিরা একারণ তারা ভাবিয়াছিলাম কিন্তু তাহাও নক্ষত্রমণ্ডলচ্যুত ভূতলস্থ হওয়া সম্ভব নহে একারণ কনকলতা জ্ঞান হইল

কিন্তু স্বর্ণ সুকঠিন এতাবতা কমনীয়া কামিনী স্থির করি-লাম হে মনোরমে হে রামরম্ভোরু তবোপমা তোমাতেই সম্ভবে বুঝি বিশ্বজিত কন্দর্প ত্রিভুবন জয়পূর্ব্বক অমূল্য মণিরত্ন আত্মসাৎ করতঃ স্বর্ণকলসে পুর্ণিত করিয়া তব বক্ষঃ স্থলে কুচছলে স্থাপিত করিয়াছেন এবং সুধা সমুহ হরণ করিয়া তব বদনে এবং আপন শরাসন জ্রমধ্যে ও পঞ্চবাণ নয়নকোণে রাখিয়া তব অঙ্কে নিজাঙ্ক বিলয় পুর্ব্বক অ-নঙ্গ নাম ধারণ পুরঃসর স্বধন রক্ষা করিতেছেন ইহা অনু-ভবে স্থির হয়, দেখ পরের গোপন ধন পরে দর্শন করি-লে তাহার প্রতি অপরের ক্রোধ হয়, তাদৃশ আপনার কুচ নেত্র নিরীক্ষণমাত্র আমাকে ধনাপহারক জানিয়া কন্দর্প জাত ক্রোধ হওত নেত্রকটাক্ষচ্ছলে কালকূটাভিনিত বাণ নিক্ষেপ করিয়াছেন তজ্জ্বালায় জর্জ্জরীত হইয়াছি শ্রুতি আছে বিষস্য বিষমৌষধং অর্থাৎ যে বিষে ব্যাধি সঞ্চার সেই বিষ সংযোগমাত্রে নির্ব্বিষ হইব ইহা যুক্তিসিদ্ধ বটে. যথা অপূর্ব্বং দৃশ্যতে বহ্নি কামিন্যা স্তনমণ্ডলে। দূরতো দহতে গাত্রং হৃদিলগ্নস্তু শীতলং॥ যাহা হউক আপনারে দর্শন কালাবধি মৃতবৎ হইয়াছি বক্ত্রামৃত পান করাইয়া সজীব করণে সাধ্য আপনার দৃষ্টমাত্র চেতাকর্ষণ করিয়া-ছেন তাহা আপনার স্বভাবসিদ্ধ কর্ম্ম কেননা যে জন বনস্থ কুরঙ্গ করী কেশরীর নেত্রকুম্ভ মধ্যদেশ হরণ করিয়াছে তা-হার উক্ত কার্য্যাশ্চর্য্য নহে হে সুভগে, আপনি প্রেমাশয়ে পূর্ব্বপক্ষে দোষারোপ করিয়াছেন তাহা অযুক্তবাক্য যে হেতু নামাশ্রয় মন্ত্রাশ্রয় ভাবাশ্রয় প্রেমাশ্রয় এবং রসাশ্রয়-

এই পঞ্চাশ্রয়ের তুই শেষাশ্রয় শ্রেষ্ঠ দেখ প্রেম হইতে আ-সক্তি তাহা হইতে রস অর্থাৎ নায়ক নায়িকার সম্ভোগ তাহা তুই প্রকার স্বকীয়া এবং পরকীয়া তাহাতে পরকীয়া শ্রেষ্ঠা উক্ত উভয় সম্ভোগাশ্রিতা চিত্তশক্তি মায়াশক্তি জীব শক্তি হইতে সামর্থা সামঞ্জসা ও সাধারণী এই ত্রিবিধ রতি নির্ণীত আছে নায়কের সুখাভিলাষ জন্য শৃঙ্গারের নাম সামর্থা তাহার পাত্রী শ্রীমতী পতি শ্রীপতি ধাম শ্রীবৃন্দাবন আত্ম ও পতিসুখার্থ শৃঙ্গারের নাম সামঞ্জসা পাত্রী শ্রীরুক্মিণী শ্রীলক্ষ্মী আদি ধাম শ্রীদ্বারকা এবং স্বীয় সুখাভিলাষে শৃঙ্গারের নাম সাধারণীপাত্রীশ্রীকুব্জাদি ধাম শ্রীমথুরা অপর প্রেমান্তর্গত পঞ্চভাব যথা শান্ত দাস্য সখ্য বাৎসল্য এবং মধুর শান্তের নিষ্ঠাগুণ দাস্যের সেবাগুণ সখ্যের মমতাগুণ, বাৎসল্যের মমতাগুণ, মধুরের শৃঙ্গার গুণ এবং উক্ত চতুর্গুণ মধুরে বর্ত্তে দেখ শান্তের পাত্র শুক নারদ দাস্যাশ্রয়ী হনুমান ধ্রুব প্রহ্লাদাদি, সখ্যভাবাশ্রিত অর্জুন শ্রীদামাদি বাৎসল্য ভাবান্বিত নন্দ যশোদা এবং মধুরের পাত্রী শ্রীমতী রাধিকা ইত্যবধানে জানিবেন যে পরকীয়া প্রেম শ্রেষ্ঠা। কিমধিক নিবেদন মিতি। ফাল্গু-ণস্য পঞ্চবিংশতি দিবসীয়া লিপিরিয়ং।

৩ পত্র।

সুরচিত্ত চতুরমধুরভাষক প্রেমোপাসক শ্রীযুক্ত বাবু চন্দ্রমোহন রায় মহাশয় যুবতীজনমদনা-
রঞ্জকেষু।

ভাবানুভাবিকা শ্রীকামদূতা শুশ্রূষায়াঃ।

রাম রাম নিবেদন মিদং উভয় হিতৈষিণী দাসী কস্তূরী মঞ্জরী দ্বারা পত্রপ্রাপ্তে সুধাভিষিক্তা হইলাম অব্যবহিত গত সায়াহ্নে কি কুক্ষণে তব সন্দর্শনে হৃতচিত্তা গতবুদ্ধ্যা হইয়া চঞ্চলাবৎ চঞ্চল আছি এবং স্বভাবানুভাবে তবভাব বুঝিয়াছি এতদ্বিষয়ে হর্ষ বিষাদে জড়িভূতা হইয়া বুঝি দুর্য্যোধনের ন্যায় অকালে কালপ্রাপ্তি হয় যেমন রাম রাবণ বিরোধ উত্থানে মারীচ উভয় সঙ্কটে পতিত হইয়া নিহত হইল তেমন আমিও মিলনামিলনের উভয় সঙ্কটে পড়িয়াছি অমিলনে কটাক্ষনলদহনে প্রাণ রক্ষা ভার, এবং মিলনেও কলঙ্ক দুর্নিবার পশ্চাৎ বিচ্ছেদানলে সংহার তাহার এড়ান নাই যাহা হউক কলঙ্কাপেক্ষা অমিলনে প্রাণনাশ শতগুণে শ্রেষ্ঠ আপনি প্রেমে প্রশংসা লিখিয়াছেন তাহার প্রথম লক্ষণে বিলক্ষণ পরিচয় পাইলাম দেখ যে পরপ্রেমাসক্তা হইয়া আত্মজনকে কামিনীরা পরজ্ঞান করেন পরে সেই পরে পুর্ব্বাপর না ভাবিয়া পরের কথার পর ভাবিয়া পরিত্যাগ করে, অতঃপর পর কীয়া রসে পরাধীনা হওয়া স্ত্রীলোকের অকর্ত্তব্য দেখ প্রেমতরুর ভাবাভাব নামক দুই শাখায় মিলনামিলন অর্থাৎ আনন্দ বিচ্ছেদ নামা পল্লবের মঞ্জরী মদন হইতে মাদন মোহন শোষণ সন্দীপন সম্মোহন এই পঞ্চপুষ্প ইহার ফল সম্ভোগ তাহাতে বিষ ও অমৃত এই দুই রস উদ্ভব তাহাতে অষ্টগুণ অর্থাৎ অভিসারিকা, বাসকসজ্জা, খণ্ডিতা, স্বাধীনভর্ত্তৃকা, উৎকণ্ঠিতা, বিপ্রলব্ধা, কলহন্তরিতা, প্রোষিতভর্ত্তৃকা উক্ত প্রত্যেক গুণের গুণবতী যে কোন

কামিনী হয়েন তেঁহ বিচ্ছেদ ছাড়া নহেন কেননা প্রেমান্তে বিচ্ছেদ বিচ্ছেদান্তে প্রেম অতএব এই পর্য্যন্ত ভাল আর বাড়াবাড়ির কাজ নাই। অন্যান্য সমাচার আমার আগমন বার্ত্তা প্রাপ্তে অনেকানেক নগরনাগরী আসিয়া নানা বাক্যালাপ করিয়াছিল তন্মধ্যে হেমমঞ্জরী বসন্তকুমারী মদনমাধুরী এই তিন সহচরী ভুরি কাব্য নৃত্য গীত নিপুণা এবং বিদ্যাবতী তাহাদিগের সহিত মাসীর অন্তঃপুর পুর্ব্বে পুষ্পোদ্যানে গমন করিয়া উপবন দর্শনে পরম হৃষ্ট হইয়াছি। যে উদ্যানে মল্লিকাদি নানা জাতীয় প্রফুল্ল পুষ্পে পূর্ণিত কুসুম কলিকোপাবিষ্ট ভ্রমর ধ্বনিতে চঞ্চল অথচ পুষ্প হইতে নির্গত মকরন্দ বিন্দুতে আর্দ্রীভুত মধুরধ্বনিযুক্ত মূর্ত্তিমান পক্ষীগণ স্নিগ্ধ অথচ নিবীড় ছায়া বিশিষ্ট তরুগণে শোভিত এবং গন্ধবহ মন্দ মলয়বায়ু পুষ্প গন্ধে দিক সকল আমোদিত করিতেছে এই রম্যারামভ্যান্তরে এক ক্ষুদ্রেষ্টকালয় আছে তন্মধ্যে মাসীর প্রিয়দাসী চম্পকলতা বাস করে সে আমার অত্যন্তানুগতা একথা আমি তাহাকে কহিয়াছি ঐ উপবন রাত্রে নিত্য নির্জ্জন ঐ উদ্যান পশ্চিমে আমার শয়নাগার সমস্ত রাত্রি বায়ু সেবনার্থ তাহার গবাক্ষদ্বার মুক্ত থাকে চন্দ্রোজ্জ্বলা রজনী জন্য সমুদয় পুষ্পবন তথা হইতে দর্শন হয় সে কর্ম্মে কিছু মাত্র সুখোদয় নাই কেবল চিন্তানলে ও চক্ষের জলে জ্বলিতে হয় ইত্যবধানে ধৈর্য্যাবলম্বন করিবেন ইতি। ফাল্গুণস্যাষ্টাবিংশতি দিবসীয়া লিপিরিয়ং।

বৈরাগ্যপত্র।

ভবভাবখণ্ডিত নানারসমণ্ডিত প্রেমপণ্ডিত
শ্রীযুক্ত চৈতন্যচরণ দাস বাবাজী
শ্রীচরণারবিন্দেষু।

শ্রীচরণ সেবিকা শ্রীপ্রেমবিলাসী দাস্যা।

সহস্রং প্রণাম পূর্ব্বক নিবেদন মিদং বহু দিবসাবধি হইল মনুষ্য মুখে আপনার সুসম্বাদাপ্রাপ্তে আমরা উদ্বেগসাগরে নিমগ্না আছি মহাশয় আমাদের কলুষাকর দেহে প্রেমবীজ বপন করিয়া রাসোপলক্ষে শান্তিপুর গমন পূর্ব্বক রসপানে নিতান্ত শান্ত আছেন এ কুঞ্জের তত্ত্বাবধান আর করিলেন না সংপ্রতি মধুর ভাবের কালোদয় মধুমাস উপনীত আমরা অভিলাষ করিয়াছি সমুদয় মধুমাস পর্য্যন্ত যৌবনপুষ্প মনঃ সূত্রে গাঁথিয়া ভক্তিচন্দনে লেপিত করিয়া আপনার গলে পরাইব এবং পদসেবা করিব এবং আপনার স্থানে প্রেম ভক্তি গ্রন্থের নিগূঢ় প্রেম কথা শ্রবণে শ্রবণ জুড়াইব যদি আমাদের পাপদেহ আপনার সেবায় না আইসে তবে কোন কর্ম্মে আসিবে অতএব নিবেদন মহাশয় দয়া প্রকাশিয়া অবশ্যং এই লোক সর্বভিব্যাহারে আসিয়া প্রেমাধীনা দাসীগণের অভিলাষ পূর্ণ করিবেন ইহা শ্রীচরণে নিবেদন করিলাম ইতি।

বৈষ্ণবীপত্র।

মহাভাবভাবিকা মৎপরিচারিকা শ্রীমতী প্রেমবিলাসী সুন্দরী নির্ম্মল চরিত্রেষু।

প্রেমাভিলাষিণ শ্রীচৈতন্যচরণ দাসস্য।

পরমাশিষ পূর্ব্বক বিজ্ঞাপনঞ্চ বিশেষ আপনার প্রেম লীভার্থ নিত্যং গুণধাম শ্রীশ্রী৺ গৌরাঙ্গ সমীপে প্রার্থনা করিতেছি শ্রীমতী বিষ্ণুপ্রিয়া দ্বারা তোমার পত্র পাইয়া হর্ষসাগর সলিল স্পর্শ করিলাং এস্থানের শত উপরোধ উপেক্ষা করিয়া দুই দিবসান্তরে আপনার কুঞ্জে উপনীত হইয়া ভক্ত সকলের অভিলাষ পূর্ণ করিব আমার সেবা স্থল নির্ম্মল রাখিবা মধুমাস তথায় বিহার হইবে ইতি ২৯ ফাল্গুন।

৺ স্বস্তিঃ সমাভীষ্টপূরক শ্রীমন্নাথ মধ্যম ভট্টাচার্য্য মহাশয় প্রাণেশ্বর পদাম্বুজেষু।

৺ স্বস্তিঃ শ্রীচরণ সেবিকা শ্রীমতী দেব্যাং ভুয়োভূয়ঃ প্রণামান্তর করপুট পুরঃসর নিবেদন মিদং ভবচ্চারুচরণ চিন্তনে ইহ পারলৌকিক ভব্যং বিশেষ অত্রত্য সমাচার ঋতুরাজ বসন্ত সমুদিত বিরহী কৃতান্ত বিষম বিক্রান্ত রতিকান্ত কন্দর্পে সেনাপতিত্বে বরণ পূর্ব্বক রাজ্যশাসন কারণ অগ্রে তাহাকে অগ্রসর করিয়া আপনি মন্দ মন্দ গমনে পশ্চাৎ২ গদ গদ ভাবে হাষ্টযুক্ত হইয়া আগমন করিতেছে. তাহার আগমন বার্ত্তা পাইয়া শীত সভীত হইয়া দিন দিন দীনবৎ ক্ষীণপ্রায় পলায়ন করিতেছে, রাজপতাকা স্বরূপ বৃক্ষাদির অভিনব পল্লব উদয় হইতেছে মলয়া মরুৎ রাজদূত রাজা গমন সম্বাদ দ্বারে২ বিজ্ঞাপন করিয়া রাজপথ পরিষ্কার করিতেছে শব্দায়মান মধুকরনিকর মল্লিকা মুকুলে শঙ্খধ্বনি পূর্ব্বক সাষ্টং

প্রান্তে গুনগুন শব্দে রাজগণ গান করিতেছে, এবং রাজা মুকুল কোকিলগণ কলস্বরে স্তুতিপাঠে স্বতঃরত হইয়াছে প্রজার প্রত্যয়ার্থ রাজাজ্ঞাপত্র কন্দর্প কর্ত্তৃকানিত হইয়াছে লেখ্যপত্র বৃক্ষপত্র তাহাতে অক্ষরশ্রেণী ভ্রমরশ্রেণী এবং শশধরমুদ্রা অর্থাৎ মোহর স্বরূপ তন্মধ্যে কৃষ্ণরেখা রাজা ক্ষর রাজা গমন বার্ত্তা প্রাপ্তে নরনাগরীগণ বিবিধ বেশ বিন্যাস প্রকাশ পূর্ব্বক স্বস্ব শয়নাগার সজ্জীভূত করতঃ স্বস্ব কান্ত সহিত কলাপালাপে ক্রিয়া মহোৎসবে সুদীর্ঘা জ্যোৎস্নোজ্জ্বলা যামিনী যাপন করিতেছে এবং প্রোষিত ভর্ত্তৃকা ও বিরহিণী রমণীরা দুঃখিনী প্রায় নিজ নিজ কান্ত সমীপে দূতী প্রেরণ করিতেছে, কিন্তু অভাগিনীর ভাগ্যে বসন্ত কি ব্যবহার করে, কিছুই বুঝিতে পারি না, মহাশয় বর্ষত্রয় বিদেশস্থ, সমস্ত পূর্ব্বভাব বিস্মৃত, বুঝি আমাকেও বিস্মরণ হইয়া থাকিবেন, সন্দেশ অপেক্ষা আর সন্দেশ কড়ির দ্রব্যজ্ঞান করিয়া তাহাতেও কৃপণতা করিতেছেন, গত বৎসর আপনার আগমন বার্ত্তায় বিশ্বাস করিয়া আকাঙ্ক্ষা অত্যন্ত প্রগলভা হইয়াছিল এবং কুচযুগ গুরুতর গৌরবান্বিত হইয়া আশাপথ নিরীক্ষণ করতঃ পরিশেষে নিরাশ ভাবিয়া এক্ষণে অভিমানে অধোমুখ হইতেছে জ্ঞান করি ক্রমে গুরু মানে অঙ্গপাত করিলে প্রাণান্তেও আর উঠিবে না কি করি সাধ্য সাধনার বাধ্য নহে মাথার দ্রব্য মানেনা আত্মবক্ষ দেখিয়া খেদে বক্ষ বিদীর্ণ হয় কালামুখ পুরুষ কি চক্ষের মাথা খাইয়াছে যে এ লাবণ্য একবার দেখিল না আপনি বাঘের মাসীবৎ দীর্ঘবাসী

না হয়েন সেই ভয়ে আপনার গমন কালে আত্ম মনকে স্মরণার্থ সমভিব্যাহারে বিদায় করিয়াছি, ভাগ্যক্রমে সেই বিস্মৃত হইয়াছে, আর অবলার কেহ নাই, যে এদুঃখ আপনার গোচর করে, যদি একান্ত বসন্ত ভূইমাস না আইসেন তবে অম্বুবসানে প্রাণ প্রয়াণ করাইব নতুবা আপনি আসিবে না কিমধিক শ্রীচরণে নিবেদন ইতি জানচুতানাম্ প্রথম দিবসীয়া লিপিরিয়ং।

স্ত্রীপত্র।

৭ স্বস্তিঃ মৎসেবিকা প্রণাধিকা শ্রীমতী মধুমতী সুন্দরী মৎপারিচার্য্যা পূজনোপচিত পবিত্রীকৃতা-
স্তঃকরণাসু।

৭ স্বস্তিঃ শুভাম্বধ্যায়িন শ্রী প্রাণবল্লভ শর্ম্মণঃ পরম শুভাশিষাং রাসয়ঃসন্তু বিশেষঃ ভবন্মঙ্গল পঞ্চারিত্রোন্নতি শ্রীশ্রী সমীপে নিত্য প্রার্থনীয় তাহাতে মদীয়াভীষ্ট সিদ্ধি পরং শ্রীমতী কর্পূরলতা দাসী দ্বারা প্রণয়িনীর পত্রী প্রাপ্তে পাঠ পূর্ব্বক প্রিয়তমার প্রিয়ভর্ৎসনে এবং ক্লেশ শ্রবণে নেত্রনীরে পত্রী আর্দ্রীভূতা হইল লিখিয়াছ তোমাকে আমার স্মরণ নাই একথা সত্যবটে হৃদয়াতিরিক্ত বাহ্যবস্তুর স্মরণ সম্ভাবনা কিন্তু যে জনা হৃদয়স্থ চিত্তপটে বিরাজমানা তাহার স্মরণ কিমতে হইবে প্রত্যক্ষ দৃষ্টবাজন শরণা নহে মনের ও চক্ষের অপ্রত্যক্ষ জনের স্মরণ হইতে পারে, দর্শন তিন প্রকার, সাক্ষাতে, চিত্তপটে এবং স্বপ্নে, অতএব তোমাকে চিত্তপটে নিত্য দর্শন করিতেছি বুঝি তুমিত্রিবিধ দ

র্শনে আমাকে অদর্শন পাইয়া থাকিবা নতুবা এত খেদ কি জন্য, অমূল্য যৌবনধন পরিত্যাগ পূর্ব্বক সামান্য ধনার্জ্জনে পুরুষের প্রবৃত্তি পূর্ব্বাপর প্রসিদ্ধ আমিহ নূতন বৃতী নহি যাহা হউক আর লক্ষ লাভে লক্ষ্য করিব না দুই তিন দিবসের মধ্যে শুভকাল পর্য্যন্ত প্রদ্যুম্নের স্তুতি পূর্ব্বক কাল ক্ষেপণ করিবা নিতান্ত নির্দ্দয় হয় তবে কন্দর্প দর্পহা শিব নাম জপ করিবা ঐ নামে অশিব রাশি বিনাশ হইবে কিমধিক বিজ্ঞান মিতি ৭ ফাল্গুণ।

মাতৃ পত্র।

৭° স্বস্তিঃ শ্রীচতুর্ব্বর্গপ্রদায়িনী শ্রীমতী জননী ঠাকুরাণী শ্রীচরণেষু।

৭° স্বস্তিঃ শ্রীচরণসেবিকা বিদ্যালতা দেব্যাঃ প্রণাম শঙ্খ্যাতীত নিবেদন মিদং শ্রীমজ্জননীর ভবভয়হরণ চারু চরণ চিন্তনে মদীয় সমগ্র কল্যাণ বিশেষঃ অনেক দিব সাবধি আপনার এবং জনক মহাশয়ের সম্বাদ সম্বলিত সহোদর সহোদরাদির সন্দেশ, অপ্রাপ্তে নিরন্তর চিন্তা জ্বলনে জ্বলিতেছি লোকে কহে স্নেহ নীচগামি কথা কাল ক্রমে বিপরীত জ্ঞান হইতেছে উদরে স্থান দান দিয়া কালক্রমে স্থানান্তর করতঃ মনের অন্তর করিয়া নিরন্তর অন্য বালক বালিকা লইয়া হৃষ্টা আছেন মায়ের মমতা সকলকে সমতা ইহাতে এত খর্ব্বতা সেকেবল অভাগীর মন্দ ভাগ্য ফল চক্ষুজল চক্ষেএবংমনোদুঃখে মনে সম্বরণ করি ত থাচ আকাঙ্ক্ষা করি দুর্ব্বোধ প্রবোধমানেনা আপনার মম তার হ্রাস দৃষ্টে উপহাস ছলে লোকে মাতৃহীনা বলে মাথা

হেট করিয়া সেই কথা শুনিয়া খেদ জলহ্রদে প্রবেশ হ-ইতে মনোনিবেষ হয়, ভরসা ছিল শ্রীমতী সৌদামিনীর বিবাহ কালে মা আমায় স্মরণে আকর্ষণ করিবেন কিন্তু তাহাতে নিরাশ হইয়া মনে এমত হুতাশ জন্মিয়াছে বুঝি যাবজ্জীবনে আর শ্রীচরণ দেখিতে না পাই পিঞ্জরের পক্ষী প্রায় পরাধীনাবস্থায় কাল যাপন করিতেছি ইহা শ্রীচরণে নিবেদন করিলাম ইতি ১৫ জ্যৈষ্ঠ।

কন্যাপত্র।

ওঁ স্বস্তিঃ নিখিল কল্যাণালয়া শ্রীমতী বিদ্যুল্লতা বালিকা প্রাণাধিকাসু।

ওঁ স্বস্তিঃ শুভাকাঙ্ক্ষিণী শ্রীমতী ভুবনমোহিনী দেব্যাঃ পরম শুভাশিষাং রাসয়ঃসন্তু সাবিত্রীসমা ভাগ্যবতী হব ইহ প্রার্থনা শ্রীশ্রী৺স্থানে নিত্য পূজাবসানে প্রার্থনীয়া তাহাতে মদীয় সন্তোষ বিশেষঃ। চিরদিনান্তরে তব পত্রী প্রাপ্তে মৃতদেহে প্রাণ পাইয়া পুনরায় লজ্জায় মৃতকায় হইলাম বর্ষত্রয়াবধি বিধি বিড়ম্বনায় বিব্রতা হইয়া এমত ধনহীনা যে সাধনের ধন প্রাণধন তনয়ার তত্ত্বাবধানে অস মর্থা বালক বালিকার প্রতি প্রসূতীর স্নেহ কি প্রকার তাহা প্রসূতী হইলেই জানিবা লিখিয়া কি জানাইব সময়ানুরূপ সৌদামিনীর বিবাহ ধর্ম্ম রক্ষার্থ যে ক্লেশে দেওয়া গিয়াছে তাহা স্মরণে অশ্রুপাত হয় তৎকালে তোমাকে আনয়ন অশোভন জ্ঞান ছিল যে হেতু ঈশ্বরেচ্ছায় তুমি ভাগ্যবানের পুত্রবধূ সংপ্রতি তোমার জনক ভাল কর্ম্মে নিযোজিত হইয়াছেন ৺শারদীয়া পূজো

পলক্ষে বাটী আসিবেন তৎকালে তোমাকে না আনিয়া তাঁহাকে গৃহপ্রবেশ হইতে দিব না হে কল্যাণি কিয়ৎ কাল কালহরণ করিবা মাসান্তে তব চন্দ্রবদন সন্দর্শন দ্বারা মনের অন্ধকার সংহার করিব এ বাটীর সমস্ত মঙ্গল তজ্জন্য উৎকণ্ঠা হইবা না দাসীর দ্বারা ঢাকার শাটী দুই খান ও তদ্দেশীয় স্বর্ণকর্ণভূষণ শ্রীযুত কর্ত্তা তোমার কারণ প্রেরণ করিয়াছেন লইবা ইতি ২০ ভাদ্র।

ইতি শ্রীরাজনারায়ণ ভট্টাচার্য্য বিরচিত বিজ্ঞানাঞ্জনে
তৃতীয়কোষ্ঠে প্রেমপ্রসঙ্গ নাম দ্বিতীয়
পরিচ্ছেদ সমাপ্ত।

বৈবাহিক পত্র।

ওঁ প্রজাপতয়ে নমঃ

৭ স্বস্তিঃ সকল মঙ্গলালয় শ্রীযুত পীতাম্বর
সোমাদ্দার মহাশয় সদুদারচরিত্রেষু।

লিখিতং শ্রীগুরুদাস চক্রবর্ত্তী।

শুভসম্বন্ধ নির্ণয় পত্রমিদং শক ১৭৬১ অব্দে লিখনং কার্য্যনঞ্চাগে মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র শ্রীমান প্রাণচন্দ্র সোমাদ্দারের সহিত আমার কনিষ্ঠা কন্যা শ্রীমতী মনোমোহিনীর শুভবিবাহ সম্বন্ধ নির্ণয় করিলাম ইহার পণ ব্যবস্থা ৬৭ মুদ্রা ও বরাভরণ কারণ দুই তোলক শুদ্ধ স্বর্ণ মূল্য ৩২ মুদ্রা সমুদয়ে ৯২ মুদ্রা স্থিরীকৃত হইল লগ্ন পত্রানুসারে নিরূপিত সময়ে মহাশয় পাত্রোপস্থিত করিবেন

যদি প্রজাপতির নির্ব্বন্ধ থাকে তবে শুভলগ্নে কন্যা সংপ্র দান করিব এতদর্থে সন্তোষ চিত্তে শুভসম্বন্ধ নির্ণয় পূর্ব্বক শুভপত্র লিখিয়া দিলাম ইতি ১০ জ্যৈষ্ঠ।

অস্মিন পত্রে মধ্যস্থ রামব্রহ্ম নস্কর

যাদৃশ সম্বন্ধপত্র লেখা হইল তদ্রূপ লগ্নপত্র প্রশস্তিঃ ও পদন্যাস লিখিত হইবে কেবল বিশেষ এই অমুক দিবসের দুইপ্রহর বা দশদণ্ড রাত্র্যাভ্যন্তরে শুভলগ্ন নির্ণয় হইল ঐকালে মহাশয় পাত্রোপস্থিত করিবেন আমি কন্যা সংপ্রদান করিব কন্যাদান বিষয়ে কন্যাকর্ত্তা নিশ্চিত প্রতিজ্ঞিত লগ্নপত্রকালে হইবে তৎপরে পাত্র লোকান্তর হয় তবে ঐ কন্যা বরপূর্ব্বা হইবে তাহাকে অন্য পাত্রে বিবাহ করিলে তিনিও পতিত হইবেন ইহা শাস্ত্রেও দৃষ্ট।

যথা অন্যপূর্ব্বা বয়োজ্যেষ্ঠা মাতুলান্যা স গোত্রিকা।
অন্নং বিষ্ঠাপয়োমূত্রং গমনে মাতৃসঙ্গমং॥

যদ্যপি সম্বন্ধপত্র কালে কন্যাকর্ত্তার বাগ্দান সিদ্ধ হয় তথাচ পত্র মধ্যে যদি প্রজাপতির নির্ব্বন্ধ থাকে এই সন্দিগ্ধ পাঠে বাগ্দানের সংশয় রহিল দৈবনির্ব্বন্ধে পাত্র গতায়ু হইলেও তৎকন্যা পাত্রান্তরে দান করিলে দোষাভাব তথাচ বৃদ্ধ মনুজাতে নষ্টে মৃতে প্রব্রজিতে ক্লীবেচ পতিতে পতৌ, বাগদত্তানাঞ্চ নারীণাং পতিরন্যং বিধীয়তে, অর্থাৎ বাগ্দানানন্তর যদি তৎপাত্র লোকান্তর প্রাপ্ত হয় কিম্বা প্রব্রজ্যাশ্রম গ্রহণ করেন অর্থাৎ সন্ন্যাসী হয়েন বা পতিত হয়েন অথবা পাত্র নপুংসক এমত নিশ্চয় জানা যায় তবে তৎকন্যা পাত্রান্তরে দান করিলে ধর্ম্মহানি নাই ইত্যর্থ

বৈবাহিক সম্বন্ধ বা লগ্ন নির্ণয়পত্র যুগ্মপংক্তি না হয় ইতি শিষ্ট ব্যবহার অনুজ্ঞা যথা ব্যবহারোপি সাধুনাং প্রমাণং বেদবর্দ্ভবেৎ।

নিমন্ত্রণ পত্র।

বন্দনীয় শ্রীযুক্ত বিদ্যাচরণ বিদ্যাবাগীশ ভট্টাচার্য্য
খুড়া মহাশয় শ্রীচরণেষু।

সময়োচিত নিবেদনীয় মিদং গত ঊনত্রিংশদগ্রহায়ণস্য পূর্ব্বাহ্নে সামান্য রোগোপলক্ষে ৺জননী ঠাকুরাণীর বিষ্ণু জননী নারায়ণীর নারায়ণক্ষেত্রে স্থলে জলে দেহ বিন্যাস পূর্ব্বক শুদ্ধচিত্তে জগত্তারণ নারায়ণ নামোচ্চারণ শ্রবণ করতঃ সজ্ঞানে গঙ্গালাভ পুরঃসর ভৌতিক দেহ ত্যাগ পূর্ব্বক কৈবল্যধাম প্রাপ্ত হইয়াছেন তদাদ্যকীর্ত্তি পৌষের অষ্টম দিবসে রবিবারে মৎকর্ত্তৃক যথাসাধ্য সম্পাদ্য হইবে মহাশয়েরা অনুগ্রহ পূর্ব্বক মাজিদার বাট্যাগমন করিয়া কর্ম্ম সম্পন্ন করিবেন পত্র দ্বারা নিমন্ত্রণ মিতি পৌষস্য পঞ্চম দিবসীয়া লিপিরিয়ং।

সৌভাগ্যহীন শ্রীচন্দ্রমোহন শর্ম্মণঃ।

২ পত্র।

মহামহিমার্ণব শ্রীযুত চন্দ্রচূড় চক্রবর্ত্তী মহাশয়
মমানুকূলেষু।

আজ্ঞাকারী শ্রীকৃষ্ণহরি শর্ম্মণঃ বিনয় পূর্ব্বক নমস্কারা নিবেদন মিদং মমালয়ে শ্রীশ্রী৺শারদীয়া বা বাসন্তী মহাপূজা হইবে মহাশয়েরা অনুগ্রহ পূর্ব্বক নবদ্বীপের বাটীহ

আগমন করিয়া প্রতিমা দর্শনাদি করিবেন পত্র দ্বারা নিমন্ত্রণ করিলাম ইতি আশ্বিন বা চৈত্র।

৩ পত্র।

পোষ্টাবর শ্রীযুক্ত চন্দ্রমোহন ঘোষাল মহাশয়

মহোদয়েষু।

পোষ্য শ্রীকৃষ্ণকুমার শর্ম্মণঃ নমস্কার নিবেদন মিদং মৎপ্রাণাধিক শ্রীযুত নবকুমার ভট্টাচার্য্যের বাপুর কন্যা শুভক্ষণে এক নবকুমার উদ্ভব হইয়াছে বালক দীর্ঘায়ু হয় মহাশয় আশীর্ব্বাদ করিবেন জ্ঞাপনার্থে লিপিকর্ম্মমিতি ১২ আশ্বিন।

৪ পত্র।

নামাঙ্কনাকর শ্রীযুত চন্দ্রকুমার মৈত্র মৈত্র মহাশয়

মান্যগ্রাহকেষু।

ত্বদীয় শ্রীনরচন্দ্র শর্ম্মণঃ নমস্কার নিবেদন মিদং স্বজন সজ্জন সুহৃদগণ সন্তোষ কারণ মদীয়োদ্যানে অদ্য রাত্রিযোগে বাইনাম্নী বিখ্যাতা নৃত্যগীতনিপুণা নর্ত্তকীগণের নৃত্য গীতারম্ভ হইবে মহাশয় আগমন পূর্ব্বক নৃত্যগীত দর্শন শ্রবণাদির দ্বারা বান্ধবগণের সন্তোষ করিবেন পত্র দ্বারা নিমন্ত্রণ করিলাম ইতি ১৬ আশ্বিন।

মদেকান্ত সদয় শ্রীযুক্ত কৃষ্ণগোবিন্দ বিশ্বাস বৈবাহিক

মহাশয় সমানুকূলেষু।

ত্বদীয় শ্রীরামমোহন দাস বসো বিনয় পূর্ব্বক নমস্কার নিবেদন মিদং মহাশয়ের অনুগ্রহে মদীয় মঙ্গল বিশেষঃ অবক্তব্য সমাচার শ্রীমতী কমলাবতী বালিকা কন্যা শুভক্ষণে

স্ত্রীধর্ম্মিণী হইয়াছেন শ্রীযুত পুরোহিত ভট্টাচার্য্য মহাশ্র-য়ের সহিত পরামর্শ পূর্ব্বক পঞ্জিকানুসারে আগত সোম-বারে পুনর্ব্বিবাহের দিন নির্ণয় করিয়াছি মহাশয় প্রাণা-ধিক শ্রীমান চন্দ্রকান্ত বিশ্বাস বাপাকে এই লোক সমভি-ব্যাহারে চন্দননগরের বাটী পাঠাইবেন কিমধিক নিবেদন মিতি ১০ চৈত্র ।

৭ স্বস্তিঃ পরম পূজনীয় শ্রীযুত পুরোহিত ভট্টাচার্য্য
মহাশয় শ্রীচরণাম্বুজেষু ।

৭ স্বস্তিঃ কিঙ্কর শ্রীরামশঙ্কর শর্ম্মণঃ প্রণামা নিবেদনঞ্চ আদৌ মহাশয়ের শ্রীচরণ আশীর্ব্বাদাৎ মদীয় সমস্ত মঙ্গল বিশেষঃ নিবেদন মধ্যম ভায়ার এপর্য্যন্ত পুত্রোৎপাদন না হওয়াতে আমরা নানা মত ঔষধাদি চেষ্টায় বিফল দৃষ্টে ইদানীং যুক্তিস্থির করিয়াছি যে দৈবক্রিয়া ব্যতীত ইষ্ট সাধন হইবেনা অতএব পুত্রেষ্টীযাগ করা আবশ্যক মহা-শয় অবিলম্বে শ্রীরামপুরের বাটীতে আগমন করিবেন পরামর্শ পূর্ব্বক যাজ্ঞিক দ্রব্যাদি আহরণানন্তর ত্বরায় যাগা-রম্ভ করা যায় অত্রত্য সমস্ত ভদ্র মিতি ১২ ভাদ্র ।

গুরুপত্র ।

৭ স্বস্তিঃ দুস্তরভবসাগরতারক সর্ব্বাভীষ্টসাধক শ্রীযুক্ত
ঠাকুর পুজ্য মহাশয় শ্রীচরণারবিন্দেষু ।

৭ স্বস্তিঃ দীন কিঙ্কর শ্রীরামরত্ন শর্ম্মণঃ সঙ্খ্যাতীত প্র-ণাম পূর্ব্বক নিবেদন মিদং ভবৎ শ্রীচরণ ধ্যানাবলম্বনে ম-দীয় সমস্ত মঙ্গল বিশেষঃ অত্রত্য সমাচার মজ্জ্যেষ্ঠ পুত্র শ্রীমান পঙ্কজলোচন রায় বাপা শ্রীচরণ দর্শন পূর্ব্বক মন্ত্র গ্র-

হণার্থ ব্যগ্র চিত্ত হইয়াছেন হে করুণাসাগর কৃপা পুরঃসর মদীয় পাপাগারে পদার্পণ দ্বারা দেহ গেহ পবিত্র করতঃ মহামন্ত্র প্রদানে বালকের অবিদ্যান্ধকার সংহার করিতে আজ্ঞা হইবে তৎকালে আমরা সপরিবারে পাদপদ্ম পূজা পূর্ব্বক মোক্ষপথ পরিষ্কার করিব কিমধিক শ্রীচরণে নিবেদন মিতি।

রাজপত্র।

৭° স্বস্তি মহামহিম মহিমাসাগর শ্রীযুক্ত মহারাজধিরাজ অখণ্ড দোর্দ্দণ্ড প্রবল প্রতাপেষু।

৭° স্বস্তিঃ আজ্ঞাধীন দীন শ্রীকীর্ত্তিচন্দ্র বর্ম্মণঃ দণ্ডবৎ প্রণাম পূর্ব্বক নিবেদন মিদং শ্রীমন্মহারাজাধি রাজের শ্রীচরণ প্রসাদাৎ অস্মদাদির সমস্ত মঙ্গল বিশেষঃ মহারাজের আজ্ঞানুসারে সসৈন্য সমুদিত ভাগীরথীতীরপোনীত হইয়া নৌকা দ্বারা সেতু নির্ম্মাণ পূর্ব্বক পারোত্তীর্ণ হইয়া কলিঙ্গরাভিমুখে যাত্রা করিলে পথিমধ্যে বিপক্ষপক্ষীয় করাধীন ভূমিপেরা বারম্বয়বাগড়া জনমে শত্রুকরিয়া অস্মদাদির সৈন্যের রণ নৈপুণ্য দৃষ্টে ভগ্নোদ্যম হইয়া স্বস্থানে প্রস্থান করিল বিংশত্যাগ্রহায়ণে রাজধানী হইতে পাদক্রোশান্তরে শিবির সংস্থাপন পূর্ব্বক একরাত্রি বিশ্রাম করিয়া প্রত্যুষে গাত্রোত্থান মাত্র দৃষ্ট হইল যে বিপক্ষরাজ সাপক্ষ সহিত ন্যূনাধিক বিংশতি সহস্র বিক্রান্ত সৈন্য সমভিব্যাহারে অস্মদাদির অভিমুখে আক্রমণ করিল তদ্দৃষ্টে তর্জ্জন গর্জ্জন বিশিষ্ট অস্মদ সৈন্য সকল শীঘ্র সজ্জীভূত হইয়া বিপক্ষবেগ ধারণার্থ দণ্ডায়মান হইল তৎপরে যুযুৎসু উ-

জয় সৈন্য সমবেত হওত আহবার্ণবে নিমগ্ন হইয়া দুই প্রহর পর্য্যন্ত ঘোরতর যুদ্ধে বহু বীরবরগণ গতজীবন হইল এবং তৎকালাবধি সমর জয়রূপালক্ষ্মী কোন পক্ষে অনুকূলা হইবেন তাহার স্থিরছিলনা তৎপরে অবশিষ্ট অস্মৎ সৈন্য অসীম সাহসে প্রাণে অকাতর হইয়া যুদ্ধকরিল এবং মৎকর্ত্তৃক বিপক্ষ সেনাপতি এবং শ্রীরাম দীন মিশ্রী কর্ত্তৃক বিপক্ষরাজ পুত্র নিহত হইলে বিপক্ষগণ পলায়ন পরায়ণ হইয়া নগরের মহিদুর্গে প্রবিষ্ট হইল অনন্তর রাত্রি শেষে হতশেষ সৈন্য লইয়া বিপক্ষের নগর বেষ্টন করিয়া ভিত্তি ভেদক শতঘ্নি অর্থাৎ তোপ দ্বারা প্রাচীর ভেদ পূর্ব্বক সহস্রং বিপক্ষ সৈন্য নিহত করতঃ নগরাধিকৃত করিয়া রাজকোষ হইতে নবতিলক্ষ এতদ্দেশীয়া মুদ্রা এবং প্রায় কোটি মুদ্রা মূল্যের মণি মুক্তা হিরকাদি প্রাপ্ত হইয়া স্থাপিত রাখিয়াছি বিপক্ষরাজ আমাত্যগণ সহিত কলিঙ্গরের দুরাক্রমণীয় গিরি দুর্গ আশ্রয় করিয়া মিত্রসন্ধি করণার্থ মৎসমীপে প্রিয়ম্বদ মন্ত্রী প্রেরণ করিয়াছেন ঐ মন্ত্রীকে রাজপত্র সহিত মহারাজের সন্নিকটে পাঠাই উচিতানোচিত্য বিবেচনা পূর্ব্বক মঙ্গিহিত করিতে আজ্ঞা হয় আজ্ঞাপত্র প্রত্যাশায় এ অধীন এস্থানে রহিল শ্রীচরণে নিবেদন মিতি। ২৯ অগ্রহায়ণ।

উত্তর পত্র। শ্রীশ্রী

৭ স্বস্তিঃ সর্ব্বোপমাযোগ্য বীরধীরবর শ্রীযুক্ত কীর্ত্তিচন্দ্র রায় মম বিশ্বাস নিকেতনেষু।

শুভাশিষাং প্রয়োজনম্বিশেষঃ যুষ্মদসীম সাহস এবং

বীরত্ব বৃত্তান্ত বিপক্ষ মন্ত্রী বদনে বিজ্ঞাত হইয়া হৃষ্টচিত্তে তোমার বীরত্ব পুরস্কারে প্রয়াগ রাজ্য তব যাবজ্জীবনো-পভোগার্থ দান করতঃ তদ্দানপত্র পাঠাই লইবা যুদ্ধ লব্ধ ধনের মধ্যে বিংশতি লক্ষ মুদ্রা তোমাদিগের শ্রম সফলার্থ পুরস্কার দিলাম তদর্দ্ধ তুমি লইয়া অবশিষ্ট মুদ্রা প্রত্যেক যোদ্ধার পদানুসারে ন্যূনাধিকবণ্টন করিয়া দিবা.কলিঞ্জরের রাজমন্ত্রী সহিত সন্ধিপত্র লিখিত হইল বুন্দেলখণ্ডের পূ-র্ব্বার্দ্ধ চিত্রকুট পর্ব্বত পর্য্যন্ত আমাকে প্রদান করিলেন. ঐ রাজ্যের সীমায় দুর্গ প্রস্তুত করতঃ দত্তরাজ্য অধিকার ক-রিয়া জয়পতাকা উড্ডীয়মানা করিয়া চারি সহস্র সৈন্য রাখিয়া আগমন করিয়া যুদ্ধলব্ধ মুদ্রা পাঠাইয়া দত্তদেশ অধিকার করিয়া রাজধানী নগর ছাড়িয়া দিবা ইতি ২০ মাঘ।

পুঃ তব প্রেরিতা পত্রিকা প্রাপ্তে বিশেষ বৃত্তান্ত জ্ঞাত হইলাম ইতি। সংস্কৃত গদ্যপত্র।

৭ স্বস্তিঃ ধীরবর নানাগুণমন্দির শ্রীল শ্রীযুক্ত দেবদত্ত ন্যায়রত্ন ভট্টাচার্য্য মহাশয় বান্ধবাগ্রগণ্যেষু।

৭ স্বস্তি ত্বদীয় শ্রীযজ্ঞদত্ত দেবশর্ম্মণঃ নমস্কৃতি নিবেদ-নীয়ো মাদৌ ভবতঃ কায়িক বাচিক মানসীক সকলাভীষ্ট সিদ্ধ্যর্থ কামনা শ্রীমন্মদীশ্বর সন্নিধানে নিয়ত পরিচিন্তনীয়া যস্মিন্মমৈবানন্দ পূর্ণোবিশেষঃ ভবতঃ শ্রীকরকমলস্য সাক্ষরীয় লিপি দ্বারা শ্রীঅঙ্গস্য ক্ষেম বার্ত্তাভাবে অাত্মদূরদৃষ্ট শ্রেষ্ঠ বিশিষ্ট ক্রমেণ সানুগ্রহীতপত্রে বঞ্চিতশ্চাস্মি পরন্তু সাক্ষাতাভাবে দুঃখার্ণবে মগ্নশ্চ যদ্যপিহ মানসসরোবরে

কল্পাতরু বেষ্টিত মণিদ্বীপস্থ চিন্তামণিনা নির্ম্মিত মন্দিরে সময়ান্তরে দর্শনং যায়তে তথাপ্য নিয়মিত চক্ষুর্দ্বয়স্যানিয়ম বাসনাভাব জন্য মনঃ প্রাণাদিকং সততং ব্যাকুলং ভূত্বা দুঃখার্ণবে মগ্নো ভবতি অতএব ময়ি ভবতঃ শরণং যদি যায়তে তদা অকিঞ্চিৎ বাসনায়াঃ সফলতেতি অলং বিস্তরেণ

অস্যোত্তর পত্র।

৭ স্বস্তিঃ বিবিধ বিদ্যোপার্জ্জিত যশোদ্যোতিত দিঙ্মুণ্ডল শ্রীল শ্রীযুক্ত যজ্ঞদত্ত বিদ্যাভূষণ ভট্টাচার্য্য মহাশয় পরম প্রেমাধারেষু।

ভবদীয় শ্রীদেবদত্ত শর্ম্মণঃ প্রণত্যাবেদন মিদ মাদৌ শ্রীমদ্ভবন্নিখিল মঙ্গলং সকল জনেচ্ছুক মনবরত শ্রীমদ্রাধারমণ সন্নিকর্ষে প্রার্থনীয়ং তস্মিন্নস্মদানন্দ পুর্ত্তির্ব্বিশেষঃ ভবদীয়ানুকুল্য পত্রাদিতা প্রাপ্তি মাত্রতো মচ্চিত্ত তামরসং প্রফুল্ল মতিশয়ং জাতং কিয়ৎ পর্য্যন্ত মিতি তল্লিপি বাহুল্য ভিয়া বিস্তরেণালং পরন্তু নেত্রদ্বয় করণক ভবদীয় দর্শনাভাব জন্যং যদ্দুঃখং তদ্বিজ্ঞতা মননানুগ্রাহ্যং অতএব দেহস্থাত্মনঃ সামান্য দর্শনাভাব জন্য বিজ্ঞবরস্য ন দুঃখং ভবদাননে শ্রীমতী ভগবতী বাণী নৃত্যমানা তদ্দৃষ্টা হৃষ্টা চঞ্চলা কমলা ভবদ্গুণৈর্ব্বদ্ধা চঞ্চলস্থা তদ্দর্শনে তৎকীর্ত্তিঃ কুন্দেন্দু কুমুদ ক্ষীরোদানুপমা এসোদর্ণবং লংঘিত্বাদ্যাবধি ন স্থিতি রিতি অলং বিস্তরেণ।

ইতি শ্রীরাজনারায়ণ ভট্টাচার্য্য বিরচিতে বিজ্ঞারাঞ্জনে তৃতীয় কোষ্ঠ বিবিধ পত্র ধারা নামক তৃতীয় পরিচ্ছেদ সমাপ্তঃ।

চতুর্থ কোর্ঠস্য

প্রথম পরিচ্ছেদঃ।

অভিযোগ বা আরজীপত্র। ৩২৩ সংখ্যক।

মহামহিম শ্রীযুত বিচারকর্ত্তা বা প্রাড্বিবাক

মহাশয় সমীপেষু।

রাজধানী রঙ্গপুরের অন্তঃপাতি কুরঙ্গপুর নিবাসি শ্রীশ্রীনিবাস বিশ্বাসের আবেদন বা নিবেদন উক্ত গ্রাম নিবাসি শ্রীকৃষ্ণকান্ত লাহিড়ি বঙ্গাব্দ ১২৩৮সংখ্যকের দ্বিতীয় বৈশাখে মৎসমীপে আগত হইয়া কহিলেন অধুনা কৃমিজ বা কীট কোষাখ্য অর্থাৎ রেসমের ব্যবসা অত্যন্ত অর্থবর্দ্ধিনী ও লভ্যকরী এককারণ ঐ ব্যবসায়ার্থে মদীয় গূঢ়াভিলাষ, যদ্যপি আপনি অংশী হয়েন তবে উভয়ে যৌগিক ব্যবসায় প্রবর্ত্ত হই, তাহাতে আমার অনভিলাষ প্রকাশ হইলে কহিলেন উক্ত কার্য্য সঙ্কল্পে তিন সহস্র মুদ্রা সংগ্রহ করিয়াছি, কিন্তু পঞ্চ সহস্রের ন্যূন মূল ধনে উক্ত ব্যাপার সুশৃঙ্খলে নির্ব্বাহ হইতে পারে না, এতাবতা আপনি দুই সহস্র মুদ্রানুকূল্য করুন, তাহাতে আমি সম্মত হইলে তৃতীয় বৈশাখে জনত্রয় ভদ্র সাক্ষি সমক্ষে উক্ত লাহিড়ি এক ঋণপত্র অর্থাৎ তমঃসুক লিখিয়া দিয়া ষণ্মাস নিয়মে দুই সহস্র মুদ্রা স্বহস্তে প্রাপ্ত হইয়া অভিলষিত কার্য্য আরম্ভ করিয়া নিয়ম কালাতীত হইলেও মূলধন বৃদ্ধি সহিত আমাকে পুনঃ প্রদান না করিবায় আমি লোক দ্বারা তঙ্কা চাহিয়াছি,

লাম তৎকালে স্বীয়াপ্রতুল বিজ্ঞাপন করিলেন, তৎপরে বারম্বার স্বয়ং ও আত্মলোক দ্বারা পুনঃ২ চাহিয়াছি, কখন কার্য্য ব্যস্ততা কখন বৈষয়িক বিভ্রাট কচিৎ সাংসারিক দৈব কুচিৎ অপ্রতুল কহিয়া গতচৈত্রে এককালে উক্ত ধার অপলাপ করিলেক, ঋণ গ্রহণীয় দিবসাবধি অদ্য পর্য্যন্ত বৃদ্ধি ও মূল সমুদয় ৪০০০ তঙ্কা আমার যথার্থ প্রাপ্য অধমর্ণের স্থানে উদ্ধার করণে নিরুপায় হইয়া অভিযোগপত্র বিচারালয়ে শ্রীযুত সমীপে অর্পণপূর্ব্বক প্রার্থনা, কৃপাবলম্বনে উক্ত অধমর্ণে অর্থাৎ ঋণগৃহীতাকে বিচারালয়ে আগমন পূর্ব্বক যথার্থ বিচার দ্বারা বৃদ্ধিমূলের সহিত সমুদয় তঙ্কা দেওয়াইতে আজ্ঞা হয় ইতি বঙ্গাব্দা ১২৩৬ সংখ্যক ১০ ভাদ্র।

অভিযোগ পত্র গ্রহণান্তর প্রাড়্বিবাক অভিযোগিক ব্যাপার বিচারার্থ প্রধান সদর আমিনে অর্পণ করিলে তথা হইতে প্রত্যর্থির বিজ্ঞাপনার্থ সম্বাদপত্র অর্থাৎ এত্তেলানামা পাঠাইবেন তাহার পাণ্ডুলেখ্য।

৩২৩ সংখ্যা বা নম্বর

রাজধানী রঙ্গপুর আদালতে দেওয়ানী অর্থাৎ দায়াদি নির্ণয়ক বিচারালয়, বৈঠক শ্রীকান্তিচন্দ্র রায় বাহাদুর।

বাদী বা অর্থী	প্রতিবাদী বা প্রত্যর্থী
শ্রীনিবাস বিশ্বাস	শ্রীকৃষ্ণকান্ত লাহিড়ি
নিবাস কুরঙ্গপুর	নিবাস কুরঙ্গপুর

তোমার স্থানে ৪০০০ তঙ্কা প্রাপ্যাকাংক্ষায় অর্থাৎ

দাবিতে তোমার বিরুদ্ধে এক অভিযোগ পত্র ৩২৩ সং-খ্যায় বা নম্বরে বিচারালয়ে উপস্থিত করিয়াছে ব্যবস্থা-নুসারে সম্বাদ পত্রের দ্বারা বিজ্ঞাপন করা যাইতেছে যে আগামি পঞ্চদশ দিবসের মধ্যে উক্ত বিচারলয়ে স্বয়ং কিম্বা প্রতিনিধি অর্থাৎ মোক্তারের দ্বারা উপনীত হই-য়া উক্ত কার্য্যের উদ্যোগ করহ, বিশিষ্ট হেতু ব্যতিরেকে নিরূপিত সময়ে অনুপস্থিত হইলে রাজব্যবস্থানুসারে দোষার্হ হইবা ইতি সন ১৮৩৯ সাল ৫ সেপ্টেম্বর।

এত্তেলানামা প্রাপ্তে যদ্যপি প্রত্যর্থী অনুপস্থিত হয় তবে প্রাড্বিবাক সম্বাদ লিপির নিরূপিত সময়োত্তীর্ণে দ্বিতীয়বার ঘোষণাপত্র অর্থাৎ ইস্তাহারনামা প্রেরণ করিবেন।

ঘোষণাপত্র।

৩২৩ সংখ্যক—

রাজধানী রঙ্গপুর বিচারালয় ন্যায়াদি নির্ণায়ক উপ-বেশন শ্রীকান্তিচন্দ্র রায় বাহাদুর।

বাদী শ্রীনিবাস বিশ্বাস প্রতিবাদী কৃষ্ণচন্দ্র লাহিড়ি
নিবাস কুরঙ্গপুর নিবাস কুরঙ্গপুর

তোমার স্থানে ৪০০০ মুদ্রা প্রাপ্ত্যাকাংক্ষায় ২২৩ সং-খ্যক অভিযোগপত্র এই বিচারালয়ে বাদী কর্ত্তৃক অর্পিত হওনান্তর ব্যবস্থানুসারে সম্বাদপত্রের দ্বারা আভিযো-গিক বিবরণ তোমার জ্ঞাতসার করা যায়, তুমি তৎপত্রে নিরূপিত কাল মধ্যে স্বয়ং বা প্রতিনিধি দ্বারা উপনীত না হইবায় দ্বিতীয়বার ঘোষণাপত্র দ্বারা জ্ঞাত করা

যাইতেছে যদিস্যাৎ আগামি ছয় সপ্তাহের মধ্যে স্বয়ং বা প্রতিনিধির দ্বারা উপস্থিত হইয়া উক্ত কার্য্যের আয়োজন না করহ তবে ব্যবস্থানুসারে বিচার নিষ্পন্ন হইবে পত্র বাহকের উচিত যে প্রতিবাদীর অনুস্থানে গ্রামের কর্ম্মচারী মণ্ডল এবং নিশাচর অর্থাৎ চৌকীদারের সমক্ষে প্রত্যর্থীর বহির্দ্বারে ঘোষণাপত্র বদ্ধ করিয়া তাহাদিগের প্রাপ্তিলিপি অর্থাৎ রসীদ লইয়া বিচারালয়ে অর্পণ করে ইতি ১৮৩৯ সাল ২৫ সেপ্টেম্বর।

প্রাপ্তি লিপির পাণ্ডুলেখ্য।

লিখিতং শ্রী কৃষ্ণকান্ত লাহিড়ি ৩২৩ সঙ্খ্যক আভিযোগিক সম্বাদ পত্র শ্রীরামদীন পদাতিকের দ্বারা প্রাপ্ত হইয়া স্বীকার করিতেছি নিরূপিত সময় মধ্যে স্বয়ং বা প্রতিনিধি দ্বারা বিচারালয়ে উপনীত হইয়া আভিযোগিক বিষয়ের উদ্যোগ করিব না করি যথা বিধি দোষার্হ হইব ইতি ১৮৩৯ সাল ৩০ সেপ্টম্বর।

২ পাণ্ডুলেখ্য।

লিখিতং শ্রী অমুক সম্বাদ পত্রের দ্বারা মদ্বিরুদ্ধে শ্রীঅমুকের আভিযোগিক বৃত্তান্ত অবগত হইল নিরূপিত কালে স্বয়ং কিম্বা প্রতিনিধির দ্বারা বিচারালয়ে উপনীত হইয়া উক্ত কার্য্যের আয়োজন করিব না করি যথাবিধি দোষী হইব ইতি।

অনন্তর প্রতিবাদী ঘোষণাপত্রানুসারে বিচারালয়ে

উপনীত হইয়া আত্ম প্রতিনিধি অর্থাৎ মোক্তার এবং বাদে নিযুক্ত অর্থাৎ উকীল নিযুক্ত করিয়া তদ্দ্বারা উত্তর পত্র অর্পণ করিলেক।

প্রতিনিধি পত্র অর্থাৎ মোক্তারনামা।

মহামহিম শ্রীযুত প্রাড্বিবাক মহাশয় সমীপেষু।

লিখিতং শ্রীকৃষ্ণকান্ত লাহিড়ি কস্য প্রতিনিধিপত্র মিদং কার্য্যনঞ্চাগে আমার নামে ৩২৩ সংখ্যক আদ্দাস পত্রের বাদী শ্রীনিবাস বিশ্বাস ৪০০০ চারি সহস্র তঙ্কা প্রাপ্ত্যাকাংক্ষায় শ্রীযুত সমীপে অভিযোগ করিয়াছে উক্ত অভিযোগ বিষয়ে আমার পক্ষের উত্তর প্রত্যুত্তর এবং বাদে নিযুক্ত করণ এবং নিদর্শন পত্রাদি আমার নাম স্বাক্ষরে স্বকীয় অক্ষরে উপস্থিত করণ এবং মুদ্রাদি প্রদান আদান করণকারী সহাপুর নিবাসি শ্রীরামচন্দ্র গুপ্তকে আপন প্রতিনিধিত্বে নিযুক্ত করিলাম উক্ত গুপ্ত মৎস্বরূপ বিচারালয়ে সর্ব্বথা উপনীত থাকিয়া মৎ পক্ষীয় উত্তর প্রত্যুত্তর এবং আমার নামাঙ্কিত স্বাক্ষরী নিদর্শন পত্রাদি এবং বাদে নিযুক্ত পত্রাদি যাহা উপস্থিত করিবেন এবং তঙ্কাদি দিবেন লইবেন তাহা মৎকৃত এবং স্বাক্ষরের ন্যায় গৃহীতব্য হইবে এবং তৎকৃত শুভ বা অশুভ কর্ম্ম আমার স্বকীয় কর্ম্মের ন্যায় গণনীয় ও সিদ্ধি হইবে তাহাতে কোন আপত্তি করি তাহা অগ্রাহ্য এতদর্থে স্বইচ্ছা পূর্ব্বক প্রতিনিধি পত্র লিখিয়া দিলাম ইতি।

বাদে নিযুক্তপত্র অর্থাৎ ওকালতনামা।

মহামহিম শ্রীযুত বিচারকর্ত্তা মহাশয় সমীপেষু।

লিখিতং শ্রীযুত বাদী বা প্রতিবাদী কস্য বাদে নিযুক্ত পত্রমিদং কার্য্যনঞ্চাগে ৩২৩ সংখ্যায় আমার নামে ৪০০০ তঙ্কা প্রাপ্তেচ্ছায় বাদী শ্রীঅমুক শ্রীযুত সমীপে অভিযোগ করিয়াছে উক্ত আভিযৌগিক বিষয়ে বিচারাগারের নিযোজিত শ্রীযুত অমুক বাদে নিযুক্ত কি নিযুক্ত করিলাম প্রশংসিত বাদে নিযুক্ত সর্ব্বথা বিচার সভায় উপস্থিত থাকিয়া উক্ত আভিযৌগিক বিষয়ে মৎপক্ষীয় উত্তর প্রত্যুত্তর ও বাদানুবাদ করিবেন এবং তৎ সম্বন্ধীয় যে কোন পত্রাদিতে আমার নাম স্বাক্ষরে লিখিয়া অর্পণ করিবেক তাহা আমার স্বকৃতের ন্যায় গ্রাহ্য হইবে এতদর্থে স্বেচ্ছাপূর্ব্বক বাদে নিযুক্ত নিযুক্ত করিয়া নিয়োগ পত্র লিখিয়া দিলাম ইতি।

উত্তর পত্র।

৩২৩ সংখ্যার বাদী শ্রীনিবাস বিশ্বাস যে আদ্দাস করে তাহার উত্তর।

লিখিতং শ্রীকৃষ্ণকান্ত লাহিড়ি কস্য উত্তর পত্রমিদং কার্য্যনঞ্চাগে বাদী আমার নামে যে আদ্দাস করে তদুত্তর নিম্ন লিখিত ধারা সকলে দৃষ্টিমাত্র বাদীর প্রবঞ্চনা স্পষ্ট প্রকাশ হইলে হে ধর্ম্মাবতার কৃপাবলোকন দ্বারা অবধান আজ্ঞা হউক।

প্রথম ধারা। বাদী আপন অভিযোগপত্রে লিখে যে

বঙ্গাব্দাঃ ১২৩৮ সংখ্যকের তৃতীয় বৈশাখে জনবয় ভদ্র সাক্ষী সমক্ষে আমাকে দুই সহস্র মুদ্রা ধার দিয়া স্বৎ স্বাক্ষরীয় বৃদ্ধিপত্র লইয়াছে ইত্যাদি উত্তর, বঙ্গাব্দাঃ ১২৩৩ সংখ্যক জ্যৈষ্ঠের দশম দিবসে শ্রীযুত কমিস্যনর মেং মলি সাহেবের আনুরোধিক পত্রানুসারে রাজধানী বর্দ্ধমানের মাজিষ্ট্রেট অর্থাৎ রাজ্যের শান্তিরক্ষক শ্রীযুত মেং ফারবস সাহেব আমাকে থানা পূর্ব্ব স্থলীর থানাধ্যক্ষ কর্ম্মে নিযুক্ত করেন তদবধি যথারীতি উক্ত কার্য্য নির্ব্বাহ করিতেছিলাম, বঙ্গাব্দাঃ ১২৩৭ সংখ্যকের চৈত্র মাসের দশম দিবসে ভাগীরথীর জলপথস্থ দস্যু ধৃত কারণ আমার প্রতি ভারার্পিত শ্রীযুতের আজ্ঞাপত্র প্রদত্ত হয় তদন্তর আমার নানা মত প্রযত্নে ও অত্যন্ত উদ্যোগে পঞ্চবিংশতি জন তস্কর ধৃত হইয়া ২৯ উনত্রিংশতি চৈত্র বর্দ্ধমানে প্রেরিত হইলে তত্রস্থ মাজিষ্ট্রেট শ্রীযুত ডিল সাহেব আমার প্রতি তুষ্ট হইয়া তৎ স্বাক্ষরীয় মদীয় কর্ম্মদক্ষতাদি গুণ বর্ণিত প্রশংসা পত্র সম্বলিত শত মুদ্রা পুরস্কার প্রথম বৈশাখে মন্নিকটে প্রেরণ করেন বিধিবশাৎ ১০ বৈশাখে নেত্ররোগে বিব্রত হইয়া বর্দ্ধমান উপনীতান্তর রোগোপলক্ষে উক্ত কর্ম্ম ইস্তফা অর্থাৎ পরিত্যাগপূর্ব্বক পীড়া শান্ত্যর্থ কলিকাতা গমন করতঃ কোম্পানির ডাক্তর অর্থাৎ রাজচিকিৎসক মেষ্টর সুইনকোর চিকিৎসাপরা সম্পূর্ণশান্ত্য প্রাপ্ত হইয়া ২৫ শ্রাবণ নিজালয় প্রমোদে গত হইয়া দুই বৎসর পরে পাটের ব্যবসায় প্রবর্ত্ত হই তবে কি প্রকার বাদীর

স্থানে বঙ্গাব্দা১২৩৮সংখ্যার তৃতীয় বৈশাখে আমার ঋণ গ্রহণ সম্ভব হইতে পারে।

২ ধারা। বঙ্গাব্দাঃ ১২৪০ সংখ্যার অগ্রহায়ণের প্রথমে শ্রীযুত রায় যাদবচন্দ্র চৌধুরীর স্থানে স্বগ্রামে এক দ্রোণ নিকর ভূমি ক্রয় পূর্ব্বক তাহাতে কৃমিজ সূত্র বা তন্তুব্যাপারোপযোগি গৃহাদি নির্ম্মাণ করতঃউক্ত ব্যবসায়ে আমি প্রবর্ত্তমান হইয়াছি বাদীর লিখিত ১২৩৮ অব্দে আমি উক্ত ব্যবসায়ে কদাচ প্রবর্ত্ত হই নাই।

৩ ধারা। আমি মূর্খ মনুষ্য নহি বিদ্যাধ্যয়ন করিয়াছি বাদীর স্থানে আমি ঋণগ্রহণকালে যে ঋণপত্রে আমার স্বাক্ষর আছে তাহার সহিত আমার হস্তাক্ষরের পরীক্ষা এবং ঐক্য করিলেই বিচারপতির বিদিত হইবে বাদী যে প্রকার নিরীহ মনুষ্য তাহা গত বৎসর তৎ কর্ত্তৃক অমূঢ়া বলাৎকার বিষয়ে রাজধানীর তাবৎ বিচারপতির ও রাজকার্য্যকারী সকল মনুষ্যের নিকট প্রকাশ আছে বাদীর সহিত নানাস্থানের গুণবান মনুষ্যের সৌহৃদ্য আছে যাহারা বিচারপতির সমীপে সপথ পূর্ব্বক মিথ্যা বাক্য সত্যের ন্যায় কহিতে সক্ষম এবং নানা দেশীয় অক্ষর দৃষ্ট মাত্র তদ্বৎ লিখনে পটুতর মনে করি নানা লিপিকর অর্থাৎ হস্তকলম দ্বারা মত্তুল্য অক্ষরে কৃত্রিম ঋণপত্র অর্থাৎ জাল তমঃসুক প্রস্তুত করাইয়া এবং আপন উপদিষ্টিত সাক্ষীর সাহসে আমার নামে অভিযোগ করিয়াছে অতএব বঙ্গাব্দাঃ

১২৩৮ সংখ্যকের ১০ বৈশাখে জেলা বর্দ্ধমানে আপন কর্ম্ম পরিত্যাগ পুর্ব্বক বিচারালয়ে সার্টিফিকট্ অর্থাৎ প্রশংসা পত্র প্রাপ্ত হইয়াছি এবং ডাক্তর স্কুইনহো চিকিৎসার বেতন প্রাপ্ত হইয়া বিল অর্থাৎ প্রাপ্ত পত্র দিয়াছেন এবং কর্ম্মালয় নির্ম্মাণ পূর্ব্বে ভূমি ক্রয়ের কোবালা অর্থাৎ বিক্রয় পত্র শ্রীযুক্তের দৃষ্টার্থ অর্পণ করিতেছি অবলোকন পুর্ব্বক বিচার দ্বারা আমাকে বিপদ মুক্ত করিতে আজ্ঞা হয় ইতি সন১৮৩৯ সাল ১০ ডিসেম্বর

প্রশংসা পত্র।

সুপ্রতিষ্ঠ শ্রীযুক্ত কৃষ্ণকান্ত লাহিড়ি সচ্চরিত্রেষু।

বঙ্গাব্দ ১২৩৩ সংখ্যকের ১০ জ্যেষ্ঠ দিবসে রাজধানীর অন্তঃপাতি পুর্ব্বস্থলীর থানাধ্যক্ষ কর্ম্মে নিযুক্ত হইয়া বর্ত্তমান বর্ষের দশম বৈশাখ পর্য্যন্ত কৃতজ্ঞ ভৃত্যের ন্যায় রাজ ভারার্পিত কার্য্যনির্ব্বাহ করিতেছিলা শারীরিক পীড়োপলক্ষে কর্ম্ম করণে অশক্ত বিধায়ে গোচর পত্র সম্বলিত কার্য্য ত্যাগ পত্র ব্যবস্থানুরূপ বিচারালয়ে অর্পণ করিতে ঐ পত্র গ্রাহ্য করিয়া তোমার কর্ম্মে অন্য ব্যক্তিকে নিয়োগ পুর্ব্বক তোমাকে সরকার বাহাদুরের কর্ম্ম হইতে অবকাশ দেওয়া গেল, বঙ্গাব্দাঃ ১২৩৮ সংখ্যকের ১০ বৈশাখ।

বিল অর্থাৎ বেতনপ্রাপ্তি পত্র।

শ্রীযুক্ত কৃষ্ণকান্ত লাহিড়ি নিবাস কুরঙ্গপুর।

১২৩৮ বঙ্গাব্দের ১৫বৈশাখাবধি ২৫ আষাঢ় পর্য্যন্ত

তোমার নেত্ররোগ শান্ত্যর্থ মদীয় কায়িক শ্রম এবং ঔষধি মূল্য ২৫০ সমুদয় দুইশত পঞ্চাশ টাকা

প্রাপ্ত হইলাম।

কলিকাতা স্বাক্ষর

বঙ্গ ১২৩৮ অব্দীয় জি, পি, সুইনহো

২৬ আষাঢ় মেডিকেল ডাক্তর

কোবালা অর্থাৎ বিক্রয় পত্র।

স্বস্তি সকল মঙ্গলালয় শ্রীযুত কৃষ্ণকান্ত লাহিড়ি ৺ অমুকস্য পুত্র অমুকস্য পৌত্র মহদ্দার চরিত্রেষু।

লিখিতং শ্রীযাদবেন্দ্র চৌধুরী অমুকস্য পুত্র অমুকস্য পৌত্র ভূমি বিক্রয় পত্রমিদং কার্য্যঞ্চাগে জনপদ সিংহ ভূমির অন্তঃপাতি গ্রাম কুরঙ্গপুর মধ্যে প্রধান রাজপথের পূর্ব্ব অমুক ভট্টাচার্য্যের আম্রোদ্যানের পশ্চিম শ্রীযুত অমুকের দীর্ঘিকার দক্ষিণ বেদবতী নদীর উত্তর ধার এতৎ চতুঃসীমাবচ্ছিন্ন আমার পৈত্রিক ব্রহ্মত্তর ন্যূনাতিরেক এক দ্রোণভূমি আত্মস্বত্ব ত্যাগপূর্ব্বক ৩০০ মুদ্রা মূল্যে মহাশয়ের নিকট স্বেচ্ছাধীন বিক্রয় করিয়া উক্ত ভূমির আদি সনন্দ আপনায় অপণ করিলাম মহাশয় অদ্যাবধি ভূমি অধিকার পূর্ব্বক পুত্র পৌত্রাদিক্রমে পরমসুখে উপস্বত্ব ভোগাধিকার করুন, এবং ভূমি দান বিক্রয়ের স্বত্ব আপনার আমার সহিত কোন সম্পর্ক নাই কস্মিন কালে আমি কিম্বা আমার উত্তরাধিকারীগণ কোন আপত্তি উপস্থিত করি কিম্বা করে তাহা অগ্রাহ্য এতদর্থে স্বেচ্ছাপূর্ব্বক স্বচ্ছন্দ শরীরে ভূমি বিক্রয়

পূর্ব্বক তন্মূল্য সমুদয় স্বহস্তে প্রাপ্ত হইয়া বিক্রয়পত্র লিখিয়া দিলাম ইতি বঙ্গাব্দাঃ ১২৪০ সংখ্যক ২ বৈশাখ।

প্রত্যুত্তর পত্র।

৩২৩ সংখ্যার প্রতিবাদী কৃষ্ণকান্ত লাহিড়ি যে উত্তর প্রদান করে তাহার উত্তর।

লিখিতং শ্রীশ্রীনিবাস বিশ্বাস প্রত্যুত্তর পত্রমিদং কার্য্যনঞ্চাগে প্রতিবাদী আপন উত্তর পত্রে লেখেন যে আমার স্থানে ঋণ গ্রহণ করেন নাই এবং তৎকালে দূরস্থ ছিলেন ইহা তাবদলীক হে ধর্ম্মাবতার মদুত্তরে প্রণিধান আজ্ঞা হয়। প্রতিবাদী গ্রামের মধ্যে প্রধান মনুষ্য ইহা আমি অস্বীকার করি না প্রতুলাপ্রতুল সকলেরি আছে কার্য্যানুরোধে রাজা আপন প্রজা স্থানে ঋণী হয়েন যদ্যপি তিনি বলক্রমে ঐ ঋণ পরিশোধ অকরণ দোষে তাহার নামে প্রজা বিচার কর্ত্তার সমীপে অভিযোগ পূর্ব্বক ঋণ গ্রহণের বিশেষ নিদর্শন দর্শাইতে সপারক হয় তবে কি অবস্থানুসারে প্রজার ঋণ রাজার গ্রহণ বিচারকর্ত্তার অলীক জ্ঞান করিবেন যে বিষয় সাক্ষ্য দ্বারা এবং অর্থ গৃহীতার স্বাক্ষরীয় রুক্কিপত্রের দ্বারা প্রামাণ্য হয় তাহা কি বাকতঞ্চকে পটুতর প্রবঞ্চকের কথায় প্রামাণ্য হইবে যেমন কাষ্ঠের বক্রতা কুন্দ অস্ত্রেই ঋজু অর্থাৎ সরল করে তেমন সূক্ষ্ম বিচারক ধর্ম্ম স্থাপকের বিচক্ষণতায় নষ্টবাক্য বিনষ্ট হইবে ঋণ গ্রহণকালে প্রতিবাদী স্বাক্ষরে স্বনাম ধাম মুদ্রিত লেখ্য পত্রে অর্থাৎ ইষ্টাম্প কাগজে লিখিয়া দিয়া যথারীতি গ্রামের ভদ্র

মনুষ্য জনত্রয়ের সমক্ষে তঙ্কা লইয়াছেন অদ্য বিবাদীর স্বাক্ষরীয় বৃদ্ধিপত্র শ্রীযুতের দৃষ্টান্ত উত্তরপত্র সম্বলিত অর্পণ করিতেছি এবং তল্লিখিত সাক্ষিগণ বর্ত্তমান আছে আজ্ঞা দ্বারা তাহাদিগকে বিচারালয়ে আনয়ন পূর্ব্বক জিজ্ঞাসিলেই শ্রীযুতের বিশেষ বিদিত হইবে প্রতিবাদী প্রবল মনুষ্য তাহার স্থানে ধার উদ্ধার আমার অসাধ্য কিন্তু বিচারকর্ত্তার বিচিত্র নহে দুর্ব্বলের বল রাজা যথা-র্থ বিচার দ্বারা প্রতিবাদীর স্থানে আমার যথার্থ তঙ্কা দেওয়াইতে আজ্ঞা হউক সন ১৮২০ সাল ১ জ্যানুয়ারি।

বৃদ্ধিপত্র অর্থাৎ তমঃসুক।

মহামহিম শ্রীযুত শ্রীনিবাস বিশ্বাস মহাশয়
সমীপেষু।

লিখিতং শ্রীকৃষ্ণকান্ত লাহিড়ি কস্য ঋণপত্রমিদং কা-র্য্যনঞ্চাগে আমি মহাশয়ের স্থানে প্রচলিত ২০০০ দুই সহস্র মুদ্রা ধার লইলাম ইহার মাসিক বৃদ্ধি প্রতি শত এক তঙ্কা দিব আগত আশ্বিন মাসে মূলধন বৃদ্ধি সহি-ত সমুদয় পরিশোধ করিব এতদর্থে স্বেচ্ছাপূর্ব্বক স্বহস্তে সমুদয় তঙ্কা প্রাপ্ত হইয়া ঋণপত্র লিখিয়া দিলাম ইতি বঙ্গাব্দাঃ ১২৩৮ সংখ্যকস্য ৩ বৈশাখ

সাক্ষী।

শ্রীপ্রেমদাস মিত্র শ্রীকৃষ্ণকান্ত কর্ম্মকার শ্রীচন্দ্রকান্ত দত্ত
সর্ব্ব নিবাস কৃষ্ণপুর

ঋণপত্রের দ্বিতীয় পাঠ।

শরণ্য সাধু শ্রীঅমুক সচ্চরিত্রেষু।

খাতক শ্রীঅমুক কস্য ঋণপত্রমিদং বঙ্গ ১২৭৫ অব্দে লিখনং কার্য্যনঞ্চাগে আমি মহাশয়ের স্থানে ৫০০ শত রৌপ্যমুদ্রা ধার লইলাম ইহার বৃদ্ধি ব্যবস্থানুসারে দিব আগত ফাল্গুণ মাসে মূলধন বৃদ্ধি সহিত সমুদয় তঙ্কা পরিশোধ করিব এতদর্থে স্বহস্তে সাময়িক মুদ্রা পাইয়া ঋণপত্র লিখিয়া দিলাম ইতি ১০ আশ্বিন।

লগ্নক অর্থাৎ জামিনী পত্র।

মহামহিম শ্রীযুত অমুক মহাশয় সমীপেষু।

লিখিতং শ্রীঅমুক কস্যলগ্নক পত্রমিদং কার্য্যনঞ্চাগে শ্রীঅমুক, মহাশয়ের স্থানে ৫০০ শত রৌপ্য মুদ্রা ধার লইলেন নিরূপিত কালে উক্ত তঙ্কা বৃদ্ধি সহিত সমুদয় পরিশোধ করিবেন, না করেন আমি বিনা আপত্তে ঐ তঙ্কা স্বয়ং পরিশোধ করিব আপত্ত করি তাহা অগ্রাহ্য এতদর্থে স্বইচ্ছা পূর্ব্বক প্রতিভূ হইয়া লগ্নক পত্র লিখিয়া দিলাম ইতি দানিশ্লাব্দঃ ৮৭ সংখ্যক ১০ আশ্বিন।

প্রত্যুত্তরোত্তর।

৩২৩ সংখ্যকস্য বাদী শ্রীনিবাস বিশ্বাস যে প্রত্যুত্তর দেয় তাহার উত্তর লিখিতং শ্রীকৃষ্ণকান্ত লাহিড়ি শেষোত্তর নিবেদন মিদং বাদী স্বীয়াভিলাষ সিদ্ধার্থে যে প্রত্যুত্তর দান করিয়াছে তদুত্তর নীচে লিখিতেছি কৃপাবলোকনে প্রণিধান আজ্ঞা হয়।

বাদীর সহিত আমার ঋণাদির আদান প্রদান বিষয়ে কখন কোন সম্পর্ক না থাকার বিশিষ্ট হেতু সকল

উত্তর পত্রে লিখিয়াছি গ্রামের বিশিষ্টাবিশিষ্ট তাবল্লো-কেই বিশিষ্ট রূপে বিজ্ঞাত আছে যে আমি পাটের ব্যবসারম্ভ কালে তাহার স্থানে কদাপি ঋণ গ্রহণ করি নাই আমার স্বয়মর্জ্জিত ও পৈতৃক ধন দ্বারা উক্ত বাণি-জ্য আরম্ভ করিয়াছি বিশেষতঃ বাদী তৎকালে কত সম্পত্তির ও সম্ভ্রমের মনুষ্য ছিলেন তাহা প্রমাণীকৃত হইলে তাহা হইতে দুই সহস্র মুদ্রা ঋণদান বিচারকর্ত্তা-র অবশ্যই অলিক জ্ঞান হইবে এবং বঙ্গ ১২৩৮ অব্দে উক্ত গ্রামের রামকান্ত সাহা বাদীর স্থানে শতমুদ্রা উদ্ধা-রার্থ পল্লিগ্রামের বিচারপতি সমীপে অভিযোগপূর্ব্বক জয় করিয়া তদনুসারে বাদীর গৃহ আরাম তৈজসাদি বি-ক্রয় করিয়া লইলেও সমুদয় মুদ্রা উদ্ধার হয় না ইহাতে তদ্বৎসরান্তে বাদী কি প্রকার আমাকে দুই সহস্র মুদ্রা ধার দিয়াছিল গতবর্ষদ্বয়াবধি বাদী বিধিবোধিত রূপে বিবিধ বৈষয়িক ব্যাপার জনিত বিরোধে আমার সহি-ত প্রবর্ত্তমান ইহা রাজধানী ও তদন্তঃপাতি স্থলস্থ লো-কের দিগের বিদিত আছে এবং বারম্বার মিথ্যাভিযোগ বিচার কর্ত্তা দিগের সমীপে উত্থাপিত করিয়া তাহা-দিগের যথার্থ বিচারে পরাভূত হইয়াও পূর্ব্ব প্রতি সিংহা বশতঃ পুনর্ব্বার আমার নামে মিথ্যাভিযোগ করিয়াছে তাহা বিচারকালেই স্পষ্ট প্রকাশ পাইবে ইতি ১৮৪০ সাল ৫ আশ্বিন।

সাক্ষাকর্ষণ পত্র। ৩২৩ সংখ্যক।

সাক্ষাকর্ষণপত্র বিচারালয় দারাদি নির্ণায়ক রাজধানী রঙ্গপুর বৈঠক শ্রীযুত কান্তিচন্দ্র রায় বাহাদুর প্রধান সদর আমীন ইংরাজী ১৮৪০সাল ১২ জানুয়ারি।

সাক্ষী ব্যক্তি	সংখ্যা
প্রেমদাস মিত্র	১
রামকৃষ্ণ কর্ম্মকার	১
চন্দ্রদাস দত্ত	১
নিবাস কুরঙ্গপুর	
	৩ তিন জন মাত্র

প্রতি আগে প্রণিধান করিবা

কুরঙ্গপুর নিবাসি শ্রীনিবাস বিশ্বাস বাদী ও তত্রস্থ শ্রীকৃষ্ণ কান্ত লাহিড়ি প্রতিবাদী বাদী আপন অর্পিত ঋণ পত্র স্বপ্রমাণ কারণ তোমাদিগে সাক্ষী মানিয়াছে একারণ লেখা যায় তোমরা সপ্তাহ মধ্যে বিচারালয়ে উপনীত হইয়া আপনং সাক্ষ্য দেহ ইহাতে ত্বরা জানিবা ইতি।

১২৩ সংখ্যকের

সাক্ষ্য বাক প্রবন্ধ পত্র।

সন১৮৪০ সাল জানুয়ারি।

বাদীর মানিত সাক্ষী শ্রীরামকৃষ্ণ কর্ম্মকার অদ্য বিচারালয়ে উপস্থিত হইলে জিজ্ঞাসানন্তর শপথ পূর্ব্বক উত্তর করিলে।

প্রশ্ন	উত্তর
তোমার নাম কি বাস কোথা বয়ঃক্রম কত কি ব্যবসা করহ।	আমার নাম শ্রীরামকৃষ্ণ কর্ম্মকার বাস কুরঙ্গপুর বয়ঃক্রম আন্দাজ ৭৫ বৎসর ব্যবসা কৃষিকার্য্য দ্বারা পরিজন প্রতিপালন করি।

তুমি বাদী প্রতিবাদীকে জান চিন কি না এবং তোমার বাটী হইতে বাদী প্রতিবাদীর বাটী কত দূর।

আমি বাদী প্রতিবাদীকে জানি চিনি আমার বাটী হইতে বাদীর প্রতিবাদীর বাটী নিকট।

কুরঙ্গপুর নিবাসি বাদী শ্রীনিবাস বিশ্বাস প্রতিবাদী কৃষ্ণকান্ত লাহিড়ি ঋণদান করিয়াছেন কি না।

শ্রীনিবাস বিশ্বাসেরস্থানে কৃষ্ণকান্ত লাহিড়ি পূর্ব্বাহ্নে দুই সহস্র মুদ্রা ঋণ লইয়া ঋণপত্র লিখিয়া দেন।

কোন বৎসরের কোন মাসে কোন দিবস পূর্ব্বাহ্নে কি পরাহ্নে তথায় কোনং ব্যক্তি ছিল।

বৎসর ও মাস নিশ্চয় কহিতে পারিনে অনুমান ২ বৎসর হইবে তথায় কোনং ব্যক্তি ছিল দীর্ঘকাল প্রযুক্ত স্মরণের বৈলক্ষণ্য হইয়াছে।

যৎকালে প্রতিবাদী বাদীর স্থানে ঋণগ্রহণ করিয়াছিল সে সমুদয় রৌপ্যমুদ্রা কি ব্যাঙ্কনোট ছিল

যে টাকা লইয়াছেন তন্মধ্যে রৌপ্যমুদ্রা এক সহস্র ও ব্যাঙ্কনোট ১০০০ মুদ্রার ছিল।

তুমি ভিন্নআদালতে আর কখন সাক্ষী দিয়াছ কি না এবং যে গৃহে ঋণদান হইয়াছিল সে গৃহ মৃণ্ময় কি ইষ্টক নির্ম্মিত।

আমি অন্য আদালতে আনিত হইয়া আর কখন সাক্ষী দেই নাই এবং ঐ গৃহ ইষ্টক নির্ম্মিত বৈঠক গৃহ পূর্ব্বদ্বারী।

প্রশ্ন স্থগিত।

নিষ্পত্তিপত্র, রাজধানী রঙ্গপুর সভা দায়াদি নির্ণায়ক বৈঠক [illegible]চন্দ্র [illegible] বাহাদুর প্রধা-

ন সদর আমিন সন ১৮৪০ সাল ২০ জ্যানুয়ারি।
শ্রীশ্রীনিবাস বিশ্বাস বাদী।
শ্রীকৃষ্ণকান্ত লাহিড়ি প্রতিবাদী।
ঋণবিষয়ক ৪০০০ তঙ্কার বাদী অর্থাৎ
প্রাপ্ত্যাকাংক্ষার বিচার।

অদ্য নিরূপিত কালে বিচারালয়ে সভা স্থাপনানন্তর বিচারাসনে উপবিষ্ট শ্রীযুত বিচারপতি সমীপে অর্থী প্রত্যর্থীর প্রতিনিধি শ্রীরামদাস রায় ও শ্রীব্রজেন্দ্র ভা-হুড়ি উকীল বা বাদে নিযুক্ত দিগের সমক্ষে অর্থী প্রত্য-র্থীর অর্পিত ও তৎসঞ্চীয় পত্রাদি ১ সংখ্যায় আবেদনপত্র ২ সং বিজ্ঞাপনপত্রে ৩ সং ঘোষণাপত্র ৪ সং বাদীর বাদে নিযুক্তপত্র ৫ সং প্রতিবাদীর বাদে নিযুক্তপত্র ৬ সং উত্তরপত্র ৭ সং প্রশংসাপত্র ৮ সং চিকিৎসার বেতনপ্রা-প্তিপত্র ৯ সং ভূমিক্রয়পত্র ১০ সং প্রত্যুত্তরপত্র ১১ সং ঋণদানপত্র ১২ সং প্রত্যুত্তরপত্র ১৩ সং সাক্ষ্যাকর্ষণপত্র ১৪ ১৫ সাক্ষিবাক্যপ্রবন্ধপত্র এতৎ পত্রাদি অবলোকনে প্রণিধান হইল প্রথমতঃ বাদী আত্মাভিযোগপত্রে লেখে যে প্রতিবাদী বঙ্গ ১২৩৮ অব্দে ৩ তৃতীয় বৈশাখে পাট্ট ব্যবসারম্ভ কালে মুদ্রাঙ্কিতপত্রে অর্থাৎ ইষ্টাম্প কাগজে ঋণ পত্র লিখিয়া ২০০০ তঙ্কা ঋণ লইয়া বহু দিবসাবধি গতিক্রিয়া ও প্রবঞ্চনাদ্বারা উক্ত তঙ্কা না দিয়া ১২৪৫ অব্দীয় চৈত্র প্রথমে এককালে অস্বীকার করিলেক তদু-ত্তর প্রতিবাদী স্বীয় উত্তর পত্রে লেখে যে ১২৩৩ অব্দীয় জ্যৈষ্ঠের দশম দিবসাবধি ১২৩৮ অব্দীয় ১০ বৈশাখ পর্য্যন্ত ঐ ব্যক্তি রাজধানী বর্দ্ধমানান্তঃপাতি থানা পূর্ব্বস্থলির থানাধ্যক্ষ কর্ম্মে নিযুক্ত থাকিয়া পীড়োপ-

লক্ষে স্বকার্য্য পরিত্যাগ পূর্ব্বক তথাকার শান্তিরক্ষক শ্রীযুত মেষ্টর ডিল সাহেবের স্বাক্ষরীয় বর্দ্ধমান বিচারালয়ে সর্টিফিকট প্রাপ্ত হইয়া কলিকাতা গমন করিয়া রাজচিকিৎসক শ্রীযুত ডাকটর লুইনহো দ্বারা রোগে বিযুক্ত হইয়া তাঁহার বিল লইয়া তথা হইতে ২৫ শ্রাবণে নিজালয়ে প্রত্যাগত হওত ১২৪০ অব্দের অগ্রহায়ণে ভূমিক্রয় পূর্ব্বক কৃষিজ ব্যবসায়ে প্রবর্ত্ত হয় তৎপ্রত্যুত্তর পত্রে বাদী লেখে যে প্রাগুক্ত প্রতিবাদীর সমুদয় প্রতারণা বাক্য জনত্রয় ভদ্রসাক্ষী সমীপে স্বাক্ষরীয় ঋণপত্র লিখিয়া দিয়া ঋণলয়, তদুত্তর প্রতিবাদী শেষোত্তর পত্রে লিখে যে বাদীর সহিত তাঁহার কদাপি ঋণাদি আদান প্রদান বিষয়ে কোন সম্পর্ক ছিলনা বিশেষতঃ ১২৩৮ অব্দে বাদী এমত নিস্বঃ মনুষ্য ছিল যে তৎকালে তাহা হইলে দুই সহস্র মুদ্রা গ্রহণ করা অত্যাগন্তুর ইত্যাদি অনন্তর বাদীর মানিত সাক্ষী দ্বয়ের মধ্যে প্রথমতঃ রামকৃষ্ণ কর্ম্মকার শপথ পূর্ব্বক কহে যে প্রতিবাদী বাদীর স্থানে পূর্ব্বদ্বারী ইষ্টক রচিত গৃহে পূর্ব্বাহ্নে এক সহস্র মুদ্রার নোট ও এক সহস্র তঙ্কা লইয়াছে, দ্বিতীয় সাক্ষী চন্দ্রদাস দত্ত কহে যে বাদীর স্থানে প্রতিবাদী পরাহ্নে পুজার মৃন্ময় গৃহে দুই সহস্র মুদ্রার বেঙ্ক নোট লইয়াছে ইত্যাদি, অনন্তর বাদীর অর্পিত বৃদ্ধি পত্রের স্বাক্ষরের সহিত প্রতিবাদীর তাৎকালিন অর্থাৎ ১২৩৮ অব্দের লিখিত ও বর্ত্তমান অক্ষরের সহিত অনেক অনৈক্য দৃষ্টে ও প্রতিবাদীর অর্পিত বর্দ্ধমানের মাজিষ্ট্রেট সাহেবের স্বাক্ষরীয় ও মুদ্রিত অর্থাৎ বিচারালয়ের মোহরযুক্ত প্রশংসাপত্র এবং চিকিৎসকের বিল এবং কর্ম্মা

লয় নির্ম্মাণার্থ ভূমিক্রয় পত্র বিলক্ষণ নিরীক্ষণ করিয়া অবগত হইল যে যে স্থলে প্রতিবাদীর ১২৩৮ অব্দের ১০ বৈশাখ পর্য্যন্ত বর্দ্ধমানস্তঃপাতি থানাধ্যক্ষে নিযুক্ত থাকেন ও ২৫ শ্রাবণ পর্য্যন্ত কলিকাতায় অবস্থান তৎপরে তথা হইতে প্রস্থান বর্দ্ধমানের বিচারালয়ে প্রশংসাপত্র ও চিকিৎসকের অকৃত্রিম বিল দ্বারা প্রামাণ্য হইতেছে এবং ভূমি ক্রয়পত্রে ১২৪০ অব্দে তাহার কর্ম্মে বাটী আরম্ভ জানা যাইতেছে সুতরাং তৎ সমকালে অর্থাৎ ১২৩৮ অব্দে অর্থী প্রত্যর্থীর একদা স্থানে অবস্থান ও উক্ত বৎসরে পত্তি ব্যাপারারম্ভ প্রমাণীকৃত হইল না এবং ঋণপত্রীয় স্বাক্ষরের সহিত প্রতিবাদীর তৎকালীয় ও বর্ত্তমান অক্ষরের পরস্পর প্রভেদ দর্শন হইল এবং বাদীর আনিত সাক্ষিদ্বয়ের সাক্ষ্যদ্ধ পরস্পর বাক্য অনৈক্য বিধায়ে তাহাদিগে উৎকোচগ্রাহি কৌট সাক্ষী বোধ হইল, বিশেষতঃ ঋণদানের বিশিষ্ট প্রমাণাভাব সে স্থলে বাদীর আভিযোগিক বিষয় নিশ্চয় অমূলক ও অসত্য বিবেচিত হইয়া শ্রীযুতের আজ্ঞা হইল।

যে বাদীর মিথ্যাভিযোগ ডিসমিস অর্থাৎ অগ্রাহ্য এতাবতা তাহার মিথ্যা বাদ হইতে প্রতিবাদীকে বিমুক্ত করা যায় এবং বিচার সম্পন্নের ব্যয় নীচের শ্রেণী মত বাদী দেয় এবং বাদী মিথ্যাভিযোগ ও কৃত্রিম ঋণ পত্র করণাপরাধের যথাবিধি দণ্ডার্থ শ্রীযুত শান্তিরক্ষক অর্থাৎ মাজিষ্ট্রেট সাহেবের নিকট এতদ্বিষয় বিজ্ঞাপন করা যায় ইতি।

অস্মদ্দেশীয় অনেকানেক মহাশয়েরা কহেন যে বিচারালয়ে আনিত হইয়া যে কতিপয় সাক্ষী সত্য কিম্বা

মিথ্যা কহুন উভয় প্রকারেই পরকালে মহারৌরব নরকে নিমগ্ন হয়েন এতদ্রূপ লোকাপবাদে সত্যভাষক সাক্ষীও নিন্দনীয় হয় কিন্তু শাস্ত্রানুসন্ধানে অস্মদাদির বোধাগম্য যে সত্য বাক্য ভাষণে দুর্গতি হয় যদ্যপি সাক্ষ্যস্থলে সত্যবাক্য কহিলে পাপ জন্মিত তবে উৎকোচামোদী মিথ্যাবাদী ব্যতিরেকে সত্যবাচক ভদ্রলোক কদাপি কাহারো সাক্ষ্য হইত না এবং বিচারকর্ত্তারাও সাক্ষ্যের সাক্ষ্যাভাবে বিচারের ন্যায়ান্যায় বোধে অসমর্থ হইতেন বরং শ্রুতি স্মৃতি পুরাণাদি সম্মত সত্য বাক্য ভাষণ মহাফলোৎপাদক বিশেষতঃ সাক্ষ্যস্থলে।

তথাহি স্মৃতৌ।

কিং গয়া পিণ্ডদানেন রবেৎসর্গেণ কিং ফলং।
যদি সাক্ষী বদেৎ সত্যং লভতে তৎফলং ক্ষণাৎ॥

অপিচ অষ্টমাধ্যায়ে মনুরেবোক্তং।

সত্যং সাক্ষ্যে ব্রুবণ সাক্ষী লোকানাপ্নোতি পুষ্কলান্।
ইহ চানুত্তমাং কীর্ত্তিবাগেশা ব্রহ্মপূজিতা॥
সত্যেন পূয়তে সাক্ষী ধর্ম্মঃ সত্যেন বর্দ্ধতে।
তস্মাৎ সত্যং হি বক্তব্যং সর্ব্ববর্ণেষু সাক্ষিভিঃ॥

অতএব বিচারসভা সমীপে সাক্ষির শপথ পূর্ব্বক সত্য কথনে প্রাগুক্ত ফলোদয় হয় এবং মিথ্যা কথনের অখণ্ডিত পাপ জন্মে। যথা।

মহর্ষি ভৃগু প্রোক্তং মনুসংহিতায়াং।

ব্রহ্মঘ্নো যে স্মৃতালোকা যেচ স্ত্রীবালঘাতিনঃ।
মিত্রদ্রোহঃ কৃতঘ্নস্য তে তেস্যুঃ ব্রুবতো মৃষা॥
অপিচ মাসি রাজস্ত্রীণাং শুনেঃ স্রবতি শোনিতং।
পিবন্তি পিতর স্তস্য মিথ্যাসাক্ষী বদেৎ যদি॥

অধুনা পূর্ব্বধারানুসারে অল্পাদ্দেশে কোবালায় অর্থাৎ বিক্রয়পত্রে বিক্রেতার ও ক্রেতার পিতা পিতামহের নাম লিখিত হয় কিন্তু ঐ রূপ লিখন লিপি গৌরব মাত্র মূল্য গ্রহণ দ্বারা আপন বস্তুর স্বত্ব অন্যের প্রতি অর্পণের নাম বিক্রয় তাহা বিক্রেতার স্বাক্ষর ও সাক্ষির দ্বারা প্রামাণ্য হয় তাদৃশ ব্যক্তির ঋণ ও দানপত্রাদিতে দৃষ্ট হইতেছে, যদি কহ একোপাধি ও এক নামযুক্ত এক এক গ্রামে ব্যক্তিদ্বয় বা ত্রয় আছে কিন্তু তাহাদিগের পিতা পিতামহের নাম ও উপাধি তুল্য নহে অতএব ব্যক্তি নির্ণয়ার্থ পিতা পিতামহের নাম লেখা বিধেয় [illegible] এতদ্রূপ সন্দেহ দান ও ঋণপত্রাদিতে সম্ভাবনা [illegible] কৃতির স্বাক্ষর দ্বারা ও সাক্ষির সাক্ষ্যেতে ব্যক্তি নিশ্চয় হইয়া অভিযোগ সিদ্ধি হয় উক্ত ব্যবহার যবনাধিকার কালাবধি প্রচলিত কিন্তু আদি ব্যবহার নহে সুতরাং লংঘনে দোষ বিরহ।

ইতি শ্রীরাজনারায়ণ ভট্টাচার্য্য বিরচিতে বিজ্ঞানাঞ্জনে চতুর্থ কোষ্ঠে রাজকার্য্য ধারা নাম প্রথম পরিচ্ছেদঃ।

---

২ দ্বিতীয় পরিচ্ছেদঃ।

দত্তকপুত্র গ্রহণের লিপি।

৭ স্বস্তি সকলগুণমন্দির শ্রীযুক্ত রামধন বিদ্যাবাগীশ ভট্টাচার্য্য মহাশয় সচ্চরিত্রেষু।

লিখিতং শ্রীশ্যামাচরণ ভট্টাচার্য্য কস্য স্বীকার পত্র মিদং কার্য্যনঞ্চাগে আমি পুত্র কন্যা রহিত আমার

অবর্ত্তমানে মদীয় ও পিত্রাদির জলপিণ্ডদানের এবং বিভবাদি রক্ষণাবেক্ষণের পত্রাভাব প্রযুক্ত মদীয় প্রার্থ-নানুসারে আপনকার তৃতীয় পুত্রকে স্বাধীন শরীরে স্বেচ্ছাপূর্ব্বক আমাকে দান দিলেন আমিহ যথাবিধি দত্তক পুত্রত্বে গ্রহণ করিলাম দান দ্বারা অদ্যাবধি ঐ পুত্রে তদীয় স্বত্ব ত্যাগ হইয়া মদীয় স্বত্বাধিকার জন্মিল আমি বর্ত্তমানে ঐ পুত্র লৌকিক বৈদিক ক্রিয়াধিকারী হইবেক আমার অবসানান্তর জলপিণ্ডাদি ও ধনাধি-কারী হইয়া যথা শাস্ত্র শ্রাদ্ধাদি দ্বারা দেবঋণ পিতৃঋণ মোচন করিবেন কস্মিন কালে আমি কিম্বা আমার জ্ঞাতিবর্গাদি কোন আপত্ত উপস্থিত করি কিম্বা করেন তাহা অগ্রাহ্য এবং অসিদ্ধ এতদর্থে দত্তকপুত্র গ্রহণপূর্ব্বক অঙ্গীকারপত্র লিখিয়া দিলাম ইতি দানিশ্মাব্দাঃ ৮২ সং-খ্যাকস্য ২২ আশ্বিন।

পুত্র দানপত্র।

৺ স্বস্তি সকলকল্যাণাগার শ্রীযুত শ্যামাচরণ ভট্টা-
চার্য্য পরম পবিত্রাশয়েষু।

লিখিতং শ্রীরামধন বিদ্যাবাগীশ কস্য পুত্র দানপত্র মিদং কার্য্যনঞ্চাগে আপনি আমার পরম বান্ধব অপু-ত্রক বিধায়ে পিতৃঋণ মোচন ও স্বনাম সংকীর্ত্তনার্থ আ-মার তৃতীয়পুত্র শ্রীমান্ অমুককে দত্তকপুত্র গ্রহণের প্রার্থ না করিলেন আমিহ আত্ম ৺ প্রীত্যার্থে এবং ভবদভিলাষ সিদ্ধ্যর্থ উক্ত পুত্রকে স্বেচ্ছাধীন দান করিলাম আপনি যথাশাস্ত্র ঐ পুত্র স্বীয় দত্তক পুত্রত্বে গ্রহণ পুরঃসর নিজা-ভিলাষ সিদ্ধ করুন এতদর্থে স্বাধীন শরীরে সচ্ছন্দ চিত্তে

স্বত্ব ত্যাগ পূর্ব্বক পুত্রদান করিলাম ইতি দানপত্র।

৮২ সংখ্যকস্য ২২ আশ্বিন।

মহামহিম শ্রীযুত রাজধানী বর্দ্ধমানের জজ সাহেব

বরাবরেষু।

থানা পূর্ব্বস্থলীর অন্তঃপাতি স্বার্থশালি নিবাসি শ্রীতারিণীপ্রসাদ রায়ের নিবেদন সন ১৮৩২ সালের এপ্রেলের দ্বিতীয় দিবসে রাজধানী দিনাজপুরের বিচারপতি শ্রীযুত মেং বাডন সাহেবের অনুগ্রহে নিজ রাজধানী মনছুফি কার্য্য অর্থাৎ বিচারপতিত্বে নিয়োজিত হইয়া সন ১৮৩৮ সালের আগষ্ট মাসে পঞ্চদশ দিবস পর্য্যন্ত নিরাপদে পদস্থ থাকিয়া উক্ত কার্য্য সম্পাদন করিতেছিলাম এক্ষনিগ্রহে জরাতিসারে সংশয়াপন্ন হইয়া রোগ শান্ত্যর্থ তত্রস্থ চিকিৎসকের পত্রানুসারে শীঘ্র প্রার্থনা দ্বারা মাসদ্বয়ের জন্য গবর্ণমেণ্ট হইতে বিদায় প্রাপ্ত হইয়া স্বধামে আগমন পূর্ব্বক চিকিৎসা দ্বারা সম্পূর্ণ স্বাস্থ্য প্রাপ্ত হইয়া শ্রবণ করিলাম যে রাজধানীর অন্তঃপাতি কাটোয়ার বিচারালয়ের মনছেফের পদস্থ প্রযুক্ত অন্য সুখ্যাতাপন্ন যোগ্য জনেক তৎপদাভিষিক্ত করণে শ্রীযুতের অভিপ্রায় হইয়াছে অতএব আবেদন পত্রার্পণ দ্বারা প্রার্থনা যে আমার পরীক্ষা লইয়া সম্বাদ দ্বারা কলিকাতার প্রধান বিচারপতিদিগের সম্মতি পূর্ব্বক উক্ত কার্য্যে আমাকে নিযোজিত করণে আজ্ঞা হয় আমার কার্য্যদক্ষতা এবং বিচারপটুতা গবর্ণমেণ্টে বিদিত আছেন আমার অভিলাষ সিদ্ধার্থ শ্রীযুতের নিশ্চয়াভিপ্রায় হয় তবে ডাকদ্বারা ইস্তফা অর্থাৎ ত্যাগ-

দিনাজপুরের শ্রীযুত জজ সাহেবের সমীপে প্রেরণ উদ্যোগী হই ইতি সন ১৮৩৯ সাল ১০ নবেম্বর।

নিয়োগ বা পদার্পণপত্র।

এজ্জতাহার অর্থাৎ সম্ভ্রমান্বিত বা যশোগরিষ্ঠ

শ্রীযুত দুর্গাপ্রসাদ রায় সচ্চরিত্রেষু।

তোমার অর্পিত গত মাসের দশম দিবসীয় প্রার্থনা লিপি সম্বলিত তোমার পরীক্ষোত্তীর্ণ বিবরণ সদর বোর্ডের শ্রীযুত প্রধান বিচারপতিগণের জ্ঞাপনার্থে ৯৩৫ সংখ্যক রিপোর্ট অর্থাৎ গোচরপত্র বর্ত্তমান মাসের প্রথম দিবসের প্রেরিত হইয়া অদ্য তথাকার সম্মতিপত্র প্রাপ্তিপূর্ব্বক তোমাকে রাজধানীর অন্তঃপাতি নদীয়ার থানাধ্যক্ষ কর্ম্মে নিয়োগ করা যায় তুমি তত্র ক্ত কার্য্যে নিযুক্ত হইয়া ভেদবৈষম্য পক্ষপাত উৎকোচ বর্জ্জনপূর্ব্বক আপন স্বুকৃতিপত্রের অঙ্গীকারানুসারে যথা ব্যবস্থা কার্য্য নির্ব্বাহ করহ তদন্যথায় আত্ম সত্য পালাপপাদে বঞ্চিত হইবা এবং বিধিবিরুদ্ধ কার্য্য প্রমাণীকৃত হইলে দণ্ডার্হ হইবা মাসিক বেতন যথাবিধি প্রাপ্ত হইবা ইতি সন ১৮৩৯ সাল ২০ জ্যানুয়ারি বঙ্গাব্দাঃ ১২৪৬ সংখ্যক ৭ মাঘ।

স্বুকৃতিপত্রের পাণ্ডুলেখ্য।

মহামহিম শ্রীযুত প্রধান বিচারপতি মহাশয়

সমীপেষু।

লিখিতং শ্রীতারিণীপ্রসাদ রায়

নিবাস কাষ্ঠশালি কস্য অঙ্গীকার পত্রমিদং কার্য্যনঞ্চাগে আমার প্রার্থনানুসারে রাজধানীর অন্তঃপাতি কাটোয়ার মোনছফি অর্থাৎ বিচারকর্তৃত্ব ভরিার্পণ অনুগ্রহ

পূর্ব্বক আমার প্রতি করিলেন আমি উক্ত ভার স্বীকার পূর্ব্বক সত্যাঙ্গীকার করিতেছি যে বিচারাসন গ্রহণপূর্ব্বক দ্বেষ দ্বৈষম্য রহিত হইব বিচারকালে অর্থী প্রত্যর্থীর এক পক্ষাবলম্বন দ্বারা পক্ষপাত করিব না যথা সাধ্য ন্যায় বিচার করিব প্রাণান্তেও বিচারাকাঙ্ক্ষি প্রজার স্থানে উৎকোচ অর্থাৎ রেসবত গ্রহণ করিব না বিচারে প্রবর্ত্ত হইয়া প্রধান কর্ম্মের ও গুরুবর্গের আনুরোধিক বাক্য শ্রবণ করিব না ব্যবস্থানুসারে কার্য্য সম্পাদন করিব গোপনে কিম্বা অগোপনে ব্যবস্থা বা অঙ্গীকারোল্লঙ্ঘন করিব না যেহেতু গোপন কার্য্যের সাক্ষ্য স্বরূপে জগৎ স্বপ্ন সুষুপ্তি শূন্য জগদন্তরাত্মা অতএব বিস্ময়াকর তিনি পরকালে ঐহিক পাপফলে অনন্ত নরকানলে নিক্ষেপ পূর্ব্বক নির্য্যাতন করিবেন এবং প্রকাশ্যরূপে পাপকর্ম্মে রাজদণ্ড অনিবার্য্য এবং পরকালে দুর্গতি ইত্যুভয় ভয়ে সতর্ক থাকিয়া বিধ্যুক্ত কার্য্যের এবং অঙ্গীকারের রূপান্তর করিব না যদি করি তবে সত্যভঙ্গের পাপে লিপ্ত হইয়া পিতৃলোক সহিত যথাশাস্ত্রে আকল্প পর্য্যন্তনরকে পতিত হইব এতদর্থে স্বাধীন শরীরে সজ্ঞানপূর্ব্বক সুকৃতিপত্র লিখিয়া দিলাম ইতি সন ১৮৩৯ সাল তারিখ ৭ জ্যানুয়ারি।

যাদৃশ উপযুক্ত পত্র লিখিত হইল তাদৃশ সুকৃতিপত্রে পদ বিন্যাস হইবে কেবল তাহাতে বিভিন্নতা যে অমুক গ্রামের অমুক আমাকে ঋণ বিষয়ে সাক্ষী মানিয়াছেন

তদ্বিষক যে সকল বৃত্তান্ত আমার স্মরণ আছে বা জ্ঞাত আছি তাহা কহিব মিথ্যা কহিব না যদি জ্ঞানতঃ মিথ্যা কহি তবে তৎপাপে লিপ্ত হইয়া পিতৃলোক সহিত যথা-শাস্ত্র অধোগতি প্রাপ্ত হইব এবং মিথ্যা সপ্রমাণ হয় যথা বিধি দণ্ড পাইব ইতি।

স্বস্তি সকলমঙ্গলালয় শ্রীযুত রামচন্দ্র ন্যায়রত্ন ভট্টাচার্য্য মহাশয় নির্ম্মলচরিত্রেষু।

লিখিতং শ্রীচতুর্ভুজ শর্ম্মণঃ কস্য ভূমি দানপত্র মিদং কার্য্যনঞ্চাগে জনপদ পাটুলির অন্তঃপাতি জাঙ্গিদা গ্রামের মধ্যে শ্রীশ্রীনাথ বিদ্যাভূষণ ভট্টাচার্য্যের নিষ্করদত্ত ভূমির পূর্ব্ব শ্রীরামচন্দ্র ন্যায়পঞ্চাননের সকর ভূমির অর্থাৎ জমার জমীর পশ্চিম কামাখ্যার খালের উত্তর রাজপথের দক্ষিণ এই চতুঃসীমার মধ্যে আমার পৈতৃক ব্রহ্মত্তর একখণ্ড ভূমি ন্যূনাধিক ৫/০ বিঘা হইবে আমি আত্ম পিতৃ স্বর্গার্থে ভূমি আপনারে দান করিলাম আপনি উক্ত ভূমি অধিকার করতঃ পুত্র পৌত্রাদি ক্রমে পরম সুখে উপস্বত্ব ভোগ করুন ভূমির দান বিক্রয়ে অদ্যাবধি স্বত্ব আপনার আমার সহিত কোন সম্বন্ধ নাই কস্মিন কালে আমি কিম্বা আমার উত্তরাধিকারী কেহ আপত্তি করে কিম্বা করে তাহা অগ্রাহ্য এতদর্থে স্বেচ্ছা পূর্ব্বক সচ্ছন্দ শরীরে সজ্ঞানে আত্ম স্বত্ব ত্যাগ পুরঃসর ভূমিদান করিয়া দানপত্র লিখিয়া দিলাম ইতি শকাব্দাঃ ১৭৬১ ২০ জ্যৈষ্ঠ।

পরম কল্যাণীয়া শ্রীমতী হরিপ্রিয়া দেব্যা
সচ্চরিত্রেষু।

শ্রীরামকুমার শর্ম্মণঃ গ্রাসাচ্ছাদন পত্র মিদং বঙ্গ ১২৪৬ অব্দে লিখনং কার্য্যনঞ্চাগে তুমি আমার পুত্রবধূ তোমার ভরণ পোষণ করণার্থ জনপদ বাগয়ানের অন্তঃপাতি বেলপুকরিয়া গ্রামের আমার পৈতৃক ব্রহ্মত্তর ভূমির মধ্যে চত্বারিংশত বিঘা ভূমি তোমার ভরণ পোষণ ও ধর্ম্ম কর্ম্ম নির্ব্বাহার্থে দিলাম চিহ্নিত পত্রানুসারে উক্ত ভূমি অধিকৃত করিয়া উপস্বত্ব লইয়া যাবজ্জীবন পরম সুখে ভোগ করহ দান বিক্রয়ে তোমার অধিকার নাই যেহেতু তুমি অবিরা এতদর্থে স্বেচ্ছা ক্রমে জ্ঞানপূর্ব্বক গ্রাসাচ্ছাদন পত্র লিখিয়া দিলাম ইতি ১২৪৬ অব্দে ২৫ জ্যৈষ্ঠ।

৺স্বস্তি সকলকল্যাণালয় শ্রীযুক্ত চন্দ্রকান্ত ভট্টাচার্য্য ভায়া পরম পবিত্র চরিত্রেষু।

শ্রীরামদেব শর্ম্মণঃ কস্য কৃতাংশ পত্রমিদং কার্য্যনঞ্চাগে জনপদ ইন্দ্রাণীর অন্তঃপাতি কুবাজপুর ও ব্রহ্মপড়া মালঞ্চ ও সিঙ্গি এই গ্রাম চতুষ্টয়ের মধ্যে আমাদিগের পৈতৃক ও স্বোপার্জ্জিত চিহ্নিতনামার লিখিত দানদত্ত ভূমি ব্যতিরেকে নিষ্কর ব্রহ্মত্তর সমুদয়ে ২০০০ বিঘা ভূমি এবং নিজ কুবাজপুরের রাজপথের পূর্ব্ব শ্রীব্রজেন্দ্রনারায়ণ দত্তের বাটীর পশ্চিম শ্রীরামকেশব উপাধ্যায়ের বাটীর দক্ষিণ এবং শ্রীশ্যামাচরণ সিংহের বাটীর উত্তর এতৎ চতুঃসীমাবদ্ধ ইষ্টক নির্ম্মিত চারিখণ্ডে বিভ

ক্ত এক বসতবাটী তৎসম্বলিত এক উদ্যান ও দুই পুষ্ক
রিণী ন্যূনাধিক বিংশতি বিঘা হইবে এতদ্ভিন্ন তৈজসাদি
ব্যবহারোপযোগি গার্হস্থজির দ্রব্যাদি এবং পৈতৃক স-
ঞ্চিত ৫০০০ সহস্র মুদ্রাদি সমস্ত বস্তু আমি স্বেচ্ছাপূর্ব্বক
তোমার সহিত পৃথক হইয়া বণ্টনপূর্ব্বক অর্দ্ধাংশ লইয়া
অবশিষ্টার্দ্ধেক তোমাকে দিলাম যাদৃশ দেবপূজা শ্রাদ্ধা-
দি কার্য্য আমাদিগের অবিভক্ত কালে নির্ব্বাহ হইত তা
দৃশ একক্ষণে ও উভয়ের ব্যয়ানুকূল্যে এক স্থলে পূর্ব্বমত
নির্ব্বাহ হইবে পূজার বাটী সাধারণের রহিল অদ্যা-
বধি আমাদিগের স্বোপার্জ্জিত বস্তু প্রতি আমরা উভ-
য়ে আকাংক্ষা অর্থাৎ দাওয়া শূন্য হইব এবং আপত্তি
করিব না এতদর্থে স্বেচ্ছাবশতঃ পৈতৃক ও স্বোপার্জ্জিত
স্থাবরাস্থাবর বস্তু বিভাগ পূর্ব্বক বুঝিয়া লইলাম ও দি-
লাম কস্মিন্‌কালে আমি কিম্বা আমার উত্তরাধিকারী
আপত্তি করি কিম্বা করে তাহা অগ্রাহ্য ইতি বঙ্গ ১২৫৩
অব্দস্য ১৫ আষাঢ়।

অঙ্গীকার বা স্বীকার অর্থাৎ কবুলিয়ৎ।

মহামহিম শ্রীযুক্ত ভূমাধিকর্ত্তা মহাশয়

সমীপেষু।

লিখিতং শ্রীরামধন মজুমদার কস্য স্বীকার পত্র
মিদং বঙ্গ ১২৩৫ অব্দে লিখনং কার্য্যনঞ্চাগে পরগণে
পাটুলির অন্তঃপাতি মাজিদা গ্রামের পূর্ব্ব মাঠে শ্রীকৃষ্ণ
রায়ের সকর ভূমির পূর্ব্ব শ্রীরামসিংহ মজুমদারের নি-
ষ্কর ভূমির পশ্চিম শ্রীপ্রাণবন্ধু চট্টোপাধ্যায়ের আম্র

উদ্যানের দক্ষিণ এবং রাজদীর্ঘিকার উত্তর এতৎ চতুঃসীমা মধ্যে এক বন্দ বা খণ্ড ন্যূনাধিক ১০/ বিঘা ভূমির বার্ষিক রাজকর ২৫ পঞ্চবিংশতি মুদ্রা ধার্য্য করিয়া আমাকে মোতকররি অর্থাৎ চিরস্থায়ী পাট্টা অর্থাৎ অধিকার পত্র দিলেন আমিহ স্বেচ্ছাপূর্ব্বক উক্ত নির্দ্ধারিত বার্ষিক কর স্বীকার করিয়া অঙ্গীকার পত্র অর্পণপূর্ব্বক পাট্টা গ্রহণ করিলাম বর্ষে২ নিরূপিত সময়ে বিনা আপত্তে রাজকর অর্পণ করিব নিয়মোত্তীর্ণ হয় ব্যবস্থানুসারে বৃদ্ধি অর্থাৎ সুদ দিব হাজা শুকা অর্থাৎ অতিবৃষ্টি অনাবৃষ্টি বশতঃ উক্ত ভূমিতে শস্যোৎপন্ন না হয় তথাপি রাজকর অর্পণে কোন আপত্তি করিব না যদি করি তাহা অগ্রাহ্য এতদর্থে স্বেচ্ছাপূর্ব্বক পাট্টা লইয়া অঙ্গীকার পত্র অর্পণ করিলাম ইতি বঙ্গ ১২৪৬ অব্দ তারিখাঙ্ক ৮৯ সংখ্যাকস্য ১০ বৈশাখ।

পাট্টার পাঠ।

স্বস্তি শ্রীরাম মজুমদার সুচরিত্রেষু।

পাট্টা পত্রমিদং কার্য্যনঞ্চাগে পরগণা পাড়ুলির অন্তঃপাতি মাজিদা গ্রাম আমার অধিকার ঐ গ্রামের পূর্ব্ব মাঠে শ্রীকৃষ্ণচন্দ্র রায়ের সকর অর্থাৎ জমার জমীর পূর্ব্ব শ্রীরামসিংহ জমাদারের নিষ্কর ভূমির পশ্চিম শ্রীপ্রাণবন্ধু চট্টোপাধ্যায়ের আম্রোদ্যানের দক্ষিণ এবং রাজদীর্ঘিকার উত্তর এই চতুঃসীমার মধ্যে ১ বন্দ ভূমি ন্যূনাধিক ১০/ দশ বিঘা ভূমি ইহার বার্ষিক কর ২৫ পঞ্চ-

বিংশতি তঙ্কা স্থির করিয়া তোমাকে মোতকদমি বা মোকররী অর্থাৎ চিরকালীয় পাট্টা দিলাম তুমিহ স্বেচ্ছা পূর্ব্বক উক্ত নির্দ্ধারিত কর স্বীকার করিয়া অঙ্গীকার পত্র অর্পণ পূর্ব্বক পাট্টা লইয়া অতিবৃষ্টি অনাবৃষ্টি জন্য ভূমিতে শস্যোৎপন্ন না হয় তথাপি বিনা আপত্তে রাজকর অর্পণ করিয়া নিরূপিত কালে বর্ষে২ রাজকর অর্পণ করহ কালাতীত হয় চলিত ব্যবহারানুসারে বৃদ্ধি সহিত তঙ্কা দিবা এই নিয়মে বর্ষে২ রাজকর অর্পণ পূর্ব্বক পুত্র পৌত্রাদি ক্রমে পরম সুখে ভূমি ভোগ করহ এতদর্থে কবুলিয়ৎ লইয়া পাট্টা লিখিয়া দিলাম ১২৩৭ অব্দ ১০ জ্যৈষ্ঠ।

মহামহিম শ্রীযুত ব্রজকুমার রায় মহাশয়

সমীপেষু।

লিখিতং শ্রীগুরুপ্রসন্ন বিশ্বাস কস্য অঙ্গীকার পত্রমিদং কার্য্যনঞ্চাগে পরগণে সমুদ্রগড়ের অন্তঃপাতি গ্রাম মহম্মদপুরের মধ্যে মহাশয়ের পৈতৃক ও স্বোপার্জ্জিত সকর নিষ্কর ভূমি উদ্যান বসতবাটী পুষ্করিণ্যাদি এবং নিজ জিলার মধ্যে ভিন্ন২ গ্রাম সকলে নিষ্করাত্ত ও ক্রীত ব্রহ্মত্তর ভূম্যাদি এবং জেলা যশোহরের অন্তর্গত আনন্দপুর নামে বিখ্যাত তালুকের চতুর্থাংশের একাংশে ৫৫ গ্রাম ও তন্মধ্যে দুই নীলকুটী ও বীরভূমের মধ্যে গনিটী নামে প্রসিদ্ধ এক রেসম কুটী ইত্যাদি বিঃ জায়দাদ ফর্দ্দ অর্থাৎ নির্ণীত পত্রানুসারে স্থাবরাস্থাবর বিবিধ বস্তু যাহাতে আপনার স্বত্বাধিকার আছে আপনার চতুর্থ

কালোপস্থিত এবং ব্যাধিঃ পীড়িত হইয়া কাশীবাস করণে একান্তচিত্ত হইয়া আপনার পুত্র শ্রীযুত উপেন্দ্র চন্দ্র রায় অপ্রাপ্ত ব্যবহার প্রযুক্ত বিষয় রক্ষণে অক্ষম জানিয়া বিষয় রক্ষণার্থে আমাকে অছি অর্থাৎ প্রতিনিধিত্বে নিযুক্ত করিলেন আমি স্বেচ্ছাপূর্ব্বক ভার গ্রহণ করিয়া অঙ্গীকার করিতেছি যে অদ্য হইতে উক্ত বিষয় সম্পদের রক্ষণাবেক্ষণে বাটীর তত্ত্বাবধানে ও বালকের বিদ্যাধ্যয়নে বিশেষ মনোযোগী হইয়া সুযত্নে রক্ষা পূর্ব্বক তাহার উপস্বত্ব দ্বারা পূর্ব্ব রীত্যনুসারে ধর্ম্মক্রিয়া দেবাতিথি সেবাদি নির্ব্বাহ করিব কোন বিষয়ে অপরিমিত ব্যয়াদি করিব না এবং এই বিষয় ঘটিত দেওয়ানী ফৌজদারী ও কালেক্টরীতে অর্থাৎ ব্যবহার নির্ণয় শান্তি রক্ষক ও রাজকর্ম্ম নিরূপক বিচারালয়ে যে স্থলে যে কোন বিষয়ে আবশ্যক হইবেক তাহার সদুপায় করিব বালক বয়ঃপ্রাপ্ত হইলে তাঁহাকে সমুদয় বিষয় ও বিষয়ের উপস্বত্ব ও আয় ব্যয়ের কাগজ বুঝাইয়া দিয়া ভার ত্যাগ করিব আমার অমনোযোগে বিষয় নষ্ট হয় তাহার দায়ী হইব এবং অপরিমিত ব্যয়ে ন্যস্ত ধনের ক্ষতি করি ক্ষতি পূরণ করিব আমার বেতন মাসিক শত মুদ্রা পাইব এতদর্থে স্বেচ্ছাপূর্ব্বক মহাশয়ের প্রতিনিধিত্বে নিযুক্ত হইয়া একরার পত্র লিখিয়া দিলাম ১২৪৬ অব্দস্য ১১ জ্যৈষ্ঠ।

৭ স্বস্তি সকলমঙ্গলালয় শ্রীযুত গুরুদত্ত বিশ্বাস
পরম মঙ্গলাস্পদেষু।

লিখিতং শ্রীব্রজকুমার রায় কস্য অছিয়ৎনামা অ-
র্থাৎ ভারার্পিত পত্রমিদং বঙ্গ ১২৪০ অব্দে লিখনং কার্য্যা
নঞ্চাগে জনপদ সমুদ্রগড়ের অন্তঃপাতি গ্রাম মহাম্মদ
পুরের মধ্যে আমার পৈতৃক এবং স্বোপার্জ্জিত সকর
নিষ্কর ভূমি উদ্যান বসতবাটী পুষ্করিণ্যাদি ও নিজ জে-
লার অন্তঃপাতি ভিন্ন২ গ্রাম সকলে নিষ্করদত্ত ও ক্রীত
ব্রহ্মত্তর ভূমির বৃক্ষাদি এবং জেলা যশোহরের অন্তর্গত
জনপদ আনরপুর নামে বিখ্যাত তালুকের অর্থাৎ
ভূপ্রদেশের চতুর্থাংশের একাংশে পঞ্চপঞ্চাশত গ্রাম
ও তন্মধ্যস্থিত দুই নীলকুটী এবং রাজ্য বীরভূমির মধ্যে
গনিটী নামে এক প্রসিদ্ধ রেসমকুটী ইত্যাদি নির্ণীত পত্রা
নুসারে স্থাবরাস্থাবর বিবিধ বস্তু যাহাতে আমার স্বত্বা-
ধিকার আছে আমার চরম কালোপস্থিত বিশেষতঃ
নানা রোগোপলক্ষে জীবনাশায় নিরাশ হইয়া সংসার
ত্যাগ পূর্ব্বক মোক্ষক্ষেত্র বারাণসী তীর্থ গমনে দৃঢ়
সঙ্কল্প করিয়াছি আমার পুত্র শ্রীমান উপেন্দ্রচন্দ্র রায়
নাবালক অর্থাৎ অপ্রাপ্ত ব্যবহার প্রযুক্ত বিষয় রক্ষণা-
বেক্ষণে অশক্ত তুমি আমার পরম বান্ধব বিশ্বাসপাত্র
এবম্বিধায়ে তোমাকে আমার প্রাগুক্ত সমুদয় বিষয় রক্ষ
ণাবেক্ষণের ভারার্পণ পূর্ব্বক অছি অর্থাৎ আত্ম প্রতিনি-
ধিত্বে নিযোজিত করিলাম তুমিহ স্বেচ্ছাপূর্ব্বক অঙ্গী-
কার পত্র অর্পণ পুরঃসর উক্ত ভার স্বীকার করিলা অদ্যা

বধি স্বীয় বস্তুর ন্যায় বিষয়ের রক্ষণাবেক্ষণ ও পরিবা-রের তত্ত্বাবধান ও বালকের বিদ্যাধ্যয়নে বিশেষ মনো-যোগী হইবা বিষয়ের সমগ্র রক্ষা পূর্ব্বক উপস্বত্ব হইতে ধর্ম্মকর্ম্ম অতিথি সেবা দেবপূজা শ্রাদ্ধাদি যে রূপ আমি একালাবধি নির্ব্বাহ করিয়াছি তাদৃশ করিবা তোমার ভরণ পোষণার্থ মাসং শত মুদ্রা লইবা কোন বিষয়ে অ-ধর্ম্মাচরণ ও অপরিমিত ব্যয়াদি করিবা না বালক বয়ঃ প্রাপ্ত হইলে তাহাকে সমুদয় বিষয় ও তাহার উপস্বত্ব অর্থাৎ আয় ব্যয় বুঝাইয়া দিয়া ভার ত্যাগ করিবা তো মার অঙ্গীকার পত্র রাজধানীর বিচারপতির গোচর ক-রিয়া আমার স্ত্রী শ্রীমতী প্রসন্নময়ীর স্থানে রাখিলাম তোমার অনোযোগে কোন বিষয় নষ্ট হয় তাহার দায়ী হইবা এবং অপরিমিত ব্যয়ে যে ক্ষতি হইবে তাহার ক্ষতি পুরণ করিবা এতদর্থে স্বেচ্ছাপূর্ব্বক তোমাকে অছি নিযুক্ত করিয়া অছিয়ৎনামা লিখিয়া দিলাম ইতি সন ১২৪০ সাল ১০ বৈশাখ।

ইতি শ্রীরাজনারায়ণ ভট্টাচার্য্য বিরচিতে বিজ্ঞা নাঞ্জনে চতুর্থ কোষ্ঠে বিবিধ বিষয়কার্য্য ধারা নাম দ্বিতীয় পরিচ্ছেদঃ।

পরমকারুণিক ধার্ম্মিকবর শ্রীযুত বেদকণ্ঠদেব চট্টো-পাধ্যায় মহাশয় বান্ধবাগ্রগণ্যেষু।

অনুগ্রহাকাংক্ষিণ শ্রীরাজনারায়ণ শর্ম্মণঃ

নমস্কারা নিবেদন মিদং অত্রত্য সমাচার গত দিনত্রয়

সায়াহ্নে সামান্য রোগোপলক্ষে মৎ প্রাণবল্লভা দেব দুর্ল্লভা শ্রীশ্রীজহ্নু তনয়া ত্রিপথগা তীরে ত্রয়ীবন্দিনী তারিণী তপনতনয়ভয় বারণ চারুচরণ স্মরণোচ্চারণপূর্ব্বক সন্নিহিতাপন্ন কালানুভব করতঃ পুত্র কন্যাদ্বয়ে শ্রীমজ্জননী হস্তে সমর্পণ পূর্ব্বক বিশ্বজননীজলে স্থলে দেহ বিন্যাস করিয়া নয়ন মুদ্রিত করিল যাহা মদীয় করুণা বচনে এবং বালকাদির ক্রন্দনে উন্মীলিত হইল না তদন্তর অন্ত্যেষ্টি ক্রিয়া সমাপন পূর্ব্বক শোক মগ্ন ভগ্ন চিত্তে শূন্য গৃহে আগত হইয়া পুনঃ২ প্রণয়িনীর গুন স্মরণে ধৈর্য্যাবলম্বনে ও প্রাণধারণে সমর্থ নহি, হে সখে প্রাণাপেক্ষা শত গুণে প্রণয়াধার যে যে প্রিয়ার ক্ষণার্দ্ধ প্রণয়ভঙ্গে প্রলয়জ্ঞান হইত অধুনা তদ্বিয়োগে প্রাণ বিয়োগ হইল না ইহাই অত্যাশ্চর্য্য এই শোকানল চিন্তানল ব্যতীত নিবারণের আর স্থল নাই কেবল পূর্ব্বকৃত পাপফল ভোগার্থ পক্ষ হীন পক্ষী ও চক্র হীন রথবৎ অচল হইয়া কিয়ৎকাল হরণ করিতে হইল মহাশয় পরম পণ্ডিত যদি শোকব্যাধিনাশের কোন ঔষধি জ্ঞাত থাকেন তবে ত্বরায় প্রেরণ করিয়া শোক মোচন করিতে আজ্ঞা হইবে কিমধিক নিবেদন মিতি ৩ ভাদ্রস্য ১২৪৫ অব্দীয়।

উত্তর পত্র।

নিখিল গুণমন্দির ধীরবর শ্রীযুত রাজনারায়ণ মৈত্র
মৈত্র মহাশয় মদিয়েকান্তাবলম্বনেষু।

ভবদীয় শ্রীবেদকণ্ঠ দেবশর্ম্মণঃ নমস্কারা নিবেদনীয়

মিদং গতৈক বাসরীয় স্বাক্ষরীয় মহন্মঙ্গল সম্বাদপত্রী প্রাপ্তে ম্যয়িক দেহ সম্বন্ধে কিঞ্চিচ্ছোকাচ্ছন্ন হইলাম সাধ্য কি ভগবদিচ্ছা বলবতী হে সখে আপনি কলত্র শোকে সকাতর হইয়া শোক ব্যাধির ঔষধি যাচ্ঞা করিয়াছেন ইহাতে পরম তোষাভিষিক্ত হইয়া মহদৌষধি বিধান করিতেছি যাহা সেবনে অতিক্ত তদতিরিক্ত কায়িক শম ও স্বার্থ ব্যয়ে অযুক্ত, প্রথমতঃ তত্ত্বল্লী সূখ বস্তু বিচার রূপ পাত্রে স্থাপিত করতঃ ধ্যান ফল রসে সিক্ত করিয়া জ্ঞানানুপান দ্বারা পান মাত্রেই রোগ ভোগ বিমুক্ত হইবে প্রথমতঃ বিবেচনা কর্ত্তব্য যে কলত্র মিত্র পুত্র পৌত্রাদির সহিত এই অলীক সংসারে অস্মাদির দৈহিক ক্ষণিক বিন্ধ যাদৃশ জীর্ণ তৃণাদি নদীর জল প্রবাহে পরস্পর সংযোগ ও বিয়োগ যাদৃশ সৃষ্টি কালবিধি প্রলয় কাল পর্য্যন্ত কাল প্রবাহে ভ্রাম্যমান মনুষ্যাদিগের পুনঃ পরস্পর যোগাযোগ হইতেছে, আপনি যে কলত্র শোকে অবসন্ন হইতেছেন সেই স্ত্রী বারম্বার সংসার প্রস্তাবাতে কখন রমণী কখন জননী কন্যা ও ভগিনীরূপে তব সহ সংযোগ হইয়াছে যদ্যপি সংযোগ বিয়োগ শোক জনক হয় তবে জন্মান্তরীয় স্ত্রী পুত্রাদির নিমিত্ত কেন শোক করহ না, এবং যে স্ত্রীর রূপ লাবণ্য স্মরণ শোক উদ্দীপক হইয়াছে বিশেষে বিবেচনা করিলে সেই লাবণ্যময়ী নারী দেহ বিভৎসাকার ছিল যে হেতু দেহ অস্থি মাংস মূত নির্ম্মিত মূত্র শোণিত পূজ পুরিত সতত দুর্গন্ধযুক্ত, যদ্যপি স্বদেহ প্রতিই

আপনার মমত্ব ছিল তবে প্রাণাবসানে সেই দেহ কিয়দ্দিন রক্ষা করিলেই পরীক্ষা হইত, যদি কহ তদ্দেহাধিষ্ঠিত জীব স্ত্রী ছিলেন; উত্তর, ইহাও অযুক্ত বাক্য, যে হেতুক জীবাত্মার স্ত্রীপুং ষণ্ডত্বের ভেদ নাই সুতরাং অস্থি মাংস নির্ম্মিতকারীর বৃত্তিত্ব প্রযুক্তই নারীত্ব ষণ্ডত্ব পুরুষত্বের জ্ঞান জন্মে কিন্তু প্রত্যেক শরীরাধিষ্ঠাতা একাত্মা হয়েন তবে আত্ম জন্য শোক কি কেননা তিনি আত্মা।

যথা। আত্মশুদ্ধ স্বয়ং পূর্ণ সানন্দানন্দ বিগ্রহ।
ন যায়তে ন ম্রীয়তে নির্লেপ নচ দুঃখ ভাক্।

যদি বল সেই কামিনীর কমনীয়কায়া বিনাশে শোকোদয় হইতেছে ইহাও যুক্তিসিদ্ধ নহে যেহেতু পঞ্চভুতাবদ্ধ জন্য জন্য দেহ পাঞ্চভৌতিক নামে বিখ্যাত স্বতঃ অচেতন সচেতন আত্মা বিভাব হেতুক কিয়ৎ কাল চেতনের ন্যায় অজ্ঞান দৃষ্টে দর্শন হয় অতএব পঞ্চভৌতিক দেহের পঞ্চত্বপ্রাপ্তিতে খেদ কি,দেহারম্ভক প্রত্যেক ভুতের স্বস্ব মহাভুত প্রাপ্তি সুতরাং বিনাশীভূত কেহই নয় কেবল জীবের কর্ম্ম বশতঃ দেহান্তর বা লোকান্তর জন্য খেদ তাহাও বিশেষ জ্ঞানাভাব প্রযুক্ত, কেনমা দীর্ঘায়ুঃ ব্রহ্মা রুদ্রাদি তাদৃশ মহাবস্থাভিভুত অর্থাৎ বারম্বার গতপ্রাণ হইতেছেন ইহাতে অল্পায়ুঃ মনুষ্যাদির দেহান্তর হওনের আশ্চর্য্য কি যেমত পথিকদিগের পথেতে পক্ষিদিগের আকাশেতে গমন সম্বন্ধ তেমত মনুষ্যাদির অসার নশ্বর সংসার সম্বন্ধ স্বপ্ন হইতেও অনিত্য ও অলীক এবং ক্ষণিক তড়িদালকের ন্যায় চঞ্চল

কেবল অবিদ্যা সহকারে মায়িক সংসার অত্যন্ত সুখা-কর মনোহর মনুষ্যানেকের জ্ঞান জন্মিতেছে অথচ সাংসারিক তাবদ্বস্তুতেই সুখলেশমাত্র নাই দেখ সুখরস পরিণামে বিরস দেহ নানা রোগের গেহ, কমলা নিত্য চঞ্চলা, রমণী মুগ্ধকারিণী অথচ অনর্থের মূলীভুতা, পুত্র পৌত্রগণ বহু শোকের কারণ, এবং মৃত্যুর অধীন, প্রচুর ধনেও বহু মত মৃত্যুভয়, দেহ সৌন্দর্য্য পুষ্পবৎ ক্ষণপা-রিণামী এবং দেহস্থ জীবাত্মাও জলবিন্দু বা পদ্মপত্রস্থ জলবৎ চঞ্চল তথাচ কি মায়াকার্য্য আশ্চর্য্য অসৎ প-দার্থে সৎ বোধ জন্মাইয়া ক্ষীণ দেহের অজরত্বামরত্বের অভিমান জন্মাইতেছে এবং ত্বচাচ্ছাদিত মাংসাস্থি নি-র্ম্মিত দেহের লাবণ্য ছলে মুহুর্মুহুঃ অভিমান ঘটিতেছে, অতএব কাল জ্ঞান হইলেই মনুষ্যগণ কত দীর্ঘজীবী তাহা আপনার অবগতি হইবে, যথা অষ্টাদশ নিমেষ পরিমাণ কালে এক কাষ্ঠা নামক কাল হয়, ত্রিংশৎ কাষ্ঠায় এক কলা ত্রিংশৎ কলায় এক ক্ষণ দ্বাদশ ক্ষণে এক মুহূর্ত্ত ত্রিংশৎ মুহূর্ত্তে একাহোরাত্রি ত্রিংশদ্দিবসে এক মাস দ্বাদশ মাসে এক বর্ষ, মনুষ্যের এক বর্ষে দেব লোকের এক দিন রাত্রি, তদ্দিবসীয় চারি সহস্র চারি শত বর্ষে সত্যযুগ, তিন সহস্র তিন শত বর্ষে ত্রেতা, দুই সহস্র দুই শত বর্ষে দ্বাপর একসহস্র একশত বর্ষ কলিযুগ সমুদয় দ্বাদশ সহস্র বর্ষ যুগ চতুষ্টয়ের পরিমাণ।

যথা বিষ্ণুপুরাণে।

দিব্যৈর্বর্ষসহস্রৈস্তু কৃত ত্রেতাদ্যা সংজ্ঞিতং।
চতুর্যুগং দ্বাদশভি স্তদ্বিভাগং নিবোধমে॥

উক্ত চতুর্যুগে দেবতার এক যুগ তাহা দিব্য বর্ষাখ্য প্রসিদ্ধ, দ্বিসহস্র দিব্য যুগে ব্রহ্মার একাহোরাত্রি।

মনু। দৈবিকানাং যুগানান্তু সহস্রং পরিগণ্যায়া।
ব্রাহ্মমেক মহোজ্জ্ঞেয়ং তাবতী রাত্রিরেব চ॥

ব্রহ্মার দিবসে সৃষ্টি ও রাত্রে প্রলয় এই অবান্তর দৈনিক প্রলয়ে ভূর্ভুবঃ স্বর্লোক পর্য্যন্ত বিনষ্ট হয, ব্রহ্মার স্বদিন পরিমাণীয় শত বর্ষান্তরে তাঁহার অবসান হয়, তাহাতেই মহাপ্রলয়, ইহা বিরাট সংজ্ঞক পুরুষের শ্বাস প্রশ্বাস অর্থাৎ ঈশ্বরের নিশ্বাসে ব্রহ্মাদি জীব সৃষ্টি এবং প্রশ্বাসে ব্রহ্মসহিত সর্ব্বজীব ও ভুতাদি সূক্ষ্মরূপে তাহাতে লীয়মান, বস্তুতস্ত কাহারো ধ্বংস নাই পাতঞ্জল দর্শনেও তাদৃশানুভব করিয়া পৃথিবীর আবির্ভাব তিরোভাব কহে; এবং প্রকৃতী নিশ্বাসে ব্রহ্মা সৃষ্টি ও প্রশ্বাসে প্রলয় ইহা তন্ত্রেও পার্ব্বতী ব্রহ্মাকে উপদেশ করিয়াছেন।

যথা প্রপঞ্চসারে।

সম্বৎসরো মানুষোহয় মহোরাত্রো দিবৌকসঃ।
তথাদিব্যৈরহোরাত্রৈ স্ত্রিংশতৈঃ ষষ্টিসংযুতৈঃ॥
দিব্যৈঃ সম্বৎসরো জ্ঞেয়া দিব্যৈঃ সম্বৎসরৈ স্ততৈঃ।
ভবেৎ দ্বাদশ সাহস্রৈঃ র্ভিম্নৈরেকং চতুর্যুগং॥
তৈঃ সহস্রে শতানন্দ তবৈকং দিনমির্য্যতে।
তাবতী তবরাত্রিশ্চ কথিতা কালবেদিভিঃ॥
সত্যাবিধে রহোরাত্রৈ স্ত্রিংশদ্ভিমাসমচ্ছসি।
অথা বিধৈঃ দ্বাদশভির্ম্মাসৈরব্দ স্তব স্মৃতঃ॥
তথাবিধানামব্দানাং শতং ত্বমপি জীবসিঃ।
তদায়ুর্ম্মম নিশ্বাসঃ কালেনৈব প্রচোদ্যতে॥

অতএব পঞ্চ মহাভূত ও তন্ময় অণ্ডজ স্বেদজাদি চাতুর্ব্বিধঃ দেহধারীরা সৃষ্টিকালে উদ্ভব হইয়া বাহুল্যরূপে বিস্তৃত হয় এবং মহাপ্রলয়ে সূক্ষ্মরূপে আদিপুরুষে সংলীন ঈদৃশ শ্রুতি আছে ॥

যতো ইমানি ভূতানি জায়ন্তে যেন জাতানি। জীবন্তি যৎপ্রয়ন্ত্যভিসংবিশন্তি ইত্যাদি।

যেমত এক জলনিধি তাবজ্জলের আধার ও তজ্জল সূর্য্যমণ্ডলে আকর্ষিত হইয়া বর্ষণদ্বারা নানা স্থানে পতিত হইয়াও পুনর্ব্বার সাগর প্রাপ্ত হইতেছে তেমত পৃথিব্যাদি যাহা হইতে জাত তাহাতেই পুনর্ব্বারলীয় মান হইতেছে।

যথা শ্রুতিঃ। তস্মাদ্বা এতস্মাদাত্মন। আকাশঃ সম্ভূতং আকাশাদ্বায়ু বায়োরগ্নে অগ্নেরাপ অদ্ভ্যঃ পৃথিবী। এবংলয়কালে মহিসংলীয়তে তোযে তোয়ং সংলীয়তে রবৌ রবিঃ সংলীয়তে বাযৌ বায়ুর্নভসি লীয়তে পঞ্চতত্ত্বাভবেৎ সৃষ্টি স্তত্তেতত্ত্বং বিলীয়তে ইতি।

হে সখে ব্রহ্মা ঈদৃশ দীর্ঘজীবী হইয়াও কীটবৎ ঈশ্বর সম্বন্ধে অল্পায়ুঃ অথচ তৎসম্বন্ধে তীক্ষ্ণ সূচিকরণক কোমল কমল দল বিদ্ধ করণে যে কাল সাপেক্ষ তদাপেক্ষাও মনুষ্যাদির আয়ুঃঅত্যল্প ইহাতে দেহাভিমানের বিষয় কি। মানববর্ষানুসারে মনুষ্যেরা সত্যযুগে চারিশত বর্ষ ত্রেতায় শতত্রয় দ্বাপরে শতদ্বয় কলিতে শত বর্ষায়ুঃ বিশিষ্ট যথা মানবধর্ম্মে।

আরোগাঃ সর্ব্বসিদ্ধার্থাঃ চতুর্ব্বর্ষ শতায়ুষঃ। কৃতে ত্রেতা দিষু হ্যেষা মায়ুর্হ্রসতি পাদসঃ ॥

তবে যে পূর্ব্বযুগাদি জাত মনুষ্যেরা কেহ২ বহু সহস্র

বর্ষ জীবন ধারণ করিয়াছেন্ তাহা তত্ত্বমহাত্মা গণের ঈশ্বর পুণ্যবশতঃ দেখ শতবর্ষ আয়ুঃস্বত্ত্বেও এমত নিশ্চয় নাই যে প্রত্যেক মনুষ্যেই শতবর্ষ দেহ ধারণ করিবেন কদাচিত উক্ত আয়ুঃ যুক্ত হইলেও তথাপি তদর্দ্ধ কাল রাত্রি নিদ্রায় এবং বাল্যকাল ক্রীড়ায় ও বিদ্যার্জ্জনে যুবাকাল কন্দর্প ক্রীড়া জনিত কামিনী সম্ভোগে আর ধনার্জ্জনে প্রায় গত হয় বৃদ্ধকাল রোগশোক ও চিন্তায় প্রায় লিপ্ত সুতরাং সচ্চিন্তা করণের কালাভাব এতাবতা নির্ম্মল নলিনীদলস্থ জল বিন্দুবৎ চঞ্চল যে সাংসারিক সুখ তাহাতে ক্ষণার্দ্ধকাল মনোনিবেশ করিবা না অবিদ্যা জন্য অনাদি বাসনা শূন্য ও জপাদি কামনা অণিমা পূর্ব্বক ব্রহ্মসত্য জগন্মিথ্যা পুনঃ২ ইতিচিন্তার দ্বারা ব্রহ্ম অদ্বিতীয় জ্ঞান হইলেই শোক মোহ সকল দুর হইবে যথা।

একমেব যদাব্রহ্ম সত্যমন্যদ্বিকল্পিতঃ।
কো মোহং কস্তদাশোক একত্ব মনু পশ্যতে ॥

প্রারব্ধ পাপবশতঃ দেহীদিগের শোক মোহ উদয় হয় দেহ হইতে পাপাঙ্কুর সমূল উৎপাটনে কেবল ব্রহ্ম চিন্তা সমর্থ হয় অতএব পাপ নাশ হইলে সুতরাং তাহার কার্য্যেরও নাশ হইবে।

যথা।

ক্ষণং ব্রহ্মাহ মস্মীতি যঃ কুর্য্যাদাত্ম চিন্তনং।
কোটি জন্মার্জ্জিতং পাপং তৎক্ষণাত্তস্য নশ্যতি ॥

যদি এককালে আত্ম চিন্তনে সমর্থ না হও তথাপি সৎপথাশ্রিত হইয়া দয়াহঙ্কার হিংসা বর্জ্জিত যাগাদি পুণ্য কর্ম্মে কামনা রহিত, বৈষয়িক ও পারলৌকিক

সুখে বিগতস্পৃহা হইয়া বেদান্তাদি শাস্ত্রাধ্যয়নে স্বতঃ রত হইবা ক্রমে তদ্দ্বারা আত্মজ্ঞান জন্মিবে এই রূপ তত্ত্ব বিৎ যাজ্ঞবল্ক্য কহিয়াছেন।

ইজ্যাচারদমাহিংসা দানং সাধ্যায় কর্ম্ম চ।
অয়ন্তু পরমো ধর্ম্মঃ যদ্যোগেনাত্মদর্শনং॥

যদ্যপি অহিংসা ইন্দ্রিয় নিগ্রহাদি ক্রিয়া তত্ত্বজ্ঞানের ন্যায় আত্ম দর্শন প্রতি সাক্ষাৎ কারণ না হউক তথাপি নিষ্কামকর্ম্ম পরম্পরা সম্বন্ধে তত্ত্বজ্ঞান প্রতিপাদক হয় যে তত্ত্বজ্ঞানানুদয় কালে শুক্তিতে রজত মালায় সর্প মরীচিকায় জলভ্রমবৎ পরমাত্মনে পৃথিব্যাদি পঞ্চভূতের ভ্রম জন্মে জ্ঞানোদয় কালে সেই ভ্রমের অভাব প্রযুক্ত ব্রহ্মময় দৃষ্টি হয় অতএব সচ্চিন্তনে মায়াভ্রম ও বন্ধন এবং প্রারব্ধ কর্ম্মের খণ্ডন হইবে।

তথাচ শ্রুতিঃ।

ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ।
ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে॥

জীবাত্মা পরমাত্মনে অস্মদাদির ভেদ বুদ্ধি কেবল অবিদ্যা বশতঃ ফলতঃ আত্মা অদ্বিতীয় নিরাকার নির ঞ্জন সর্ব্বব্যাপি নিত্য শুদ্ধচৈতন্য নিষ্কল নিষ্ক্রীয় তেজো ময় সর্ব্বভূতেশ্বর সনাতন বাঙ্মনোতীত বেদ বর্ণিত॥

তথাচ শ্রুতিঃ।

বেদাহ মেতং পুরুষং মহান্তমাদিত বর্ণং
তমসঃ পরস্তাৎ তথাহি ছান্দোগ্যোপনিষৎ
অশরীরং বাবশন্তং প্রিয়াপ্রিয়ে ন স্পৃশতঃ।

তথাচ মানবধর্ম্মে।

যো যাবতীন্দ্রিয় গ্রাহ্যঃ সূক্ষ্মোঽব্যক্ত সনাতনঃ।

সর্ব্বভুতময়োঽচিন্ত্যঃ ইত্যাদি॥

যদি কহ আত্মা নিষ্ক্রিয় তবে তৎকর্ত্তৃক জগদ্বিচরণ অত্যন্তাসম্ভব হয়, উত্তর, বিশ্ব বিরচন বিষয়ে আত্মা লিপ্ত নহেন তৎসন্নিহিতা জড়া প্রকৃতী তচ্ছক্তি বশতঃ জগৎ সৃষ্টি করিতেছে, যেমত চুম্বকমণি সন্নিধানে অচল লৌহের চলৎ শক্তি তেমত পুরুষ সন্নিকৃষ্টে স্বতঃ সমর্থ হীনা মায়ার তদ্বিষয়ে সমর্থ প্রাপ্তি ইহা গীতাতেও ভগ বান কহিয়াছেন।

যথা।

ময়াধ্যক্ষেণ প্রকৃতী সূয়তেচ চরাচরং।

অতএব তাঁহার নিষ্ক্রিয়ত্ব সুতরাংসিদ্ধ হইল মায়া সান্নিধ্যপ্রাপ্তে তেঁহ মায়িক নহেন,দেহান্তরস্থআকাশ ও জলস্থ পদ্মপত্র যাদৃশ দেহে ও জলে অলিপ্ত তাদৃশ তেঁহ মায়াতে অস্পৃষ্ট, তেঁহ নিরাবয়ব তবে যে প্রাগুক্ত শ্রুতি প্রমাণে আদিত্য বর্ণ লিখিত আছে তত্তাৎপর্য্য সপ্রকাশ দেদীপ্যমান, যদি বল আত্মা অব্যক্ত বহিরিন্দ্রিয়া গোচর হয়েন তবে মহর্ষি যাজ্ঞবল্ক্য স্ব স্ত্রী মৈত্রাকে যে তত্ত্বোপদেশ করিয়াছেন তাহা অযুক্ত হইবেক।

যথা।

অরে মৈত্রা আত্মা শ্রুতব্য মন্তব্য নিধিধ্যাসি
তব্য সাক্ষাৎ কর্ত্তব্যশ্চেতি খল্লমৃতত্বং॥

সুতরাং অতীন্দ্রিয়ের সাক্ষাৎ অর্থাৎ দর্শন অত্যসম্ভব; উত্তর উক্ত বচন তাৎপর্য্য শ্রুতিবাক্যে শ্রবণ মনঃ দ্বারা মনন নিধিধ্যাসন অর্থাৎ অচ্ছিন্নভাবে তচ্চিন্তা এবং ধ্যেয়ধ্যাতা জ্ঞান শূন্যের নাম সাক্ষাৎকার এতদ্রূপ বেদব্যাস কহিয়াছেন।

নৈবাসৌ চক্ষুষাগ্রাহ্যো ন বশিষ্টৈরপিরিন্দ্রিয়ৈঃ।
মনসা তু প্রসন্নেন গৃহ্যন্তে সূক্ষ্মদর্শিভিরিতি।।

তথাহি মহাভারতে।

তথৈবাত্মা মহারাজ প্রত্যক্ষমনুভূয়তে।
তদৈব যায়তে মুক্তিঃ সত্যং সত্যং ব্রবীমিতে।।

যদি কহ আত্মা নিরাবয়ব তবে তাঁহাকে বিশ্বসাক্ষী কি রূপে কহা যায় কেননা চক্ষুরিন্দ্রিয়াভাবে অস্মদাদির সদসৎ ক্রিয়া তাঁর দৃষ্টি গোচর সম্ভব হইতে পারে না, উত্তর এতদ্রূপ চিন্তা করিবা না তেঁহ এমত নিরুপম যে চক্ষু মন অভাবেও ক্ষুদ্র জীবাদির কার্য্যও তাঁহার অগোচর নহে সেই রূপ শ্রুতিও দৃষ্টি হইতেছে।

যথা।

অপাণিপাদো জবনো গৃহীতা পশ্যত্য চক্ষুঃ স শ্রুণোত্য কর্ণঃ।

অর্থাৎ হস্তপদ চক্ষু কর্ণ রহিত অথচ গমন গ্রহণ দর্শন শ্রবণ করেন, যদি কহ আত্মা অদ্বিতীয় তবে কি প্রকার ভিন্ন২ শরীরে আত্মা জীবাত্মা এতদুভয় শ্রুতি আছে, উত্তর আত্মা এক, মায়া সহকারে জীব তৎ প্রতিবিম্ব রূপে ভাসমান যাদৃশ যুক্ত দর্পণে ও তরল তরঙ্গে বদনের এবং সূর্য্যের প্রতিরূপ সহস্র২ দৃষ্ট হয় তাদৃশ এক আত্মা ও অবিদ্যা প্রভাবে ভিন্ন ভিন্ন দেহ ভিন্ন২ জীব রূপে প্রকাশিত হয়েন বস্তুতস্ত অভিন্ন অর্থাৎ আত্মা ভিন্ন জীব জীবাভিন্নাত্মা এই রূপ মুণ্ডমালা তন্ত্রে ব্রহ্মজ্ঞ মহাদেব পার্ব্বতীকেও উপদেশ কহিয়াছেন।

তুষেণ বদ্ধো ব্রীহিঃস্যাত্তু যাভাবেন্তু তণ্ডুলঃ।
কর্ম্মবদ্ধো ভবেজ্জীবঃ কর্ম্মমুক্তঃ সদাশিবঃ।।

ক্ষীরেণ সহিতং তোয়ং ক্ষীরমেব যথা ভবেৎ।
অবিশেষো ভবেত্তদ্বজ্জীবাত্ম পরমাত্মনো ॥

ব্রহ্মজ্ঞানতন্ত্রে।

যথা চন্দ্রার্কয়োর্ব্বিম্বৌ জলপূর্ণ ঘটেষু চ।
ঘটে ভগ্নে জলেম্বেব প্রলীনৌ চন্দ্রসূর্য্যকৌ॥

ইহাতে বিশেষ এই আত্মা কর্ত্তৃত্ব ভর্ত্তৃত্বের অভিমান শূন্য জীব তদভিমানযুক্ত স্বীকার না করিলে নিঃসঙ্গত্ব সঙ্গ যুক্তত্ব অর্থিত্ব দাতৃত্ব অন্ধত্ব, দর্শকত্ব পরস্পর পৃথক ধর্ম্ম একদা স্থলে সম্ভাবিত নহে অতএব আত্মা নিঃসঙ্গ জার-সঙ্গযুক্ত আত্মা ফলদাতা জীব ফলার্থী আত্মা দর্শন জীব মোহান্ধ।

তথাচ শ্রুতৌ।

দ্বাসুপর্ণাসহজা সখায়া সমান বৃক্ষং পরিষস্বজা-
তে তয়োরণ্য পিপ্পলং স্বাদ্বর্ত্তিং অনশ্নন্নন্যোহ-
ভিচাকশীতি।

অর্থাৎ জীবাত্মা পরমাত্মা পক্ষিরূপে এক দ্রুমাভি-রূঢ় পরস্পর সহায় তন্মধ্যে জীব পিপ্পিল ফল ভোক্তা অর্থাৎ বিষয় রসানুভব করেন আত্মা কালান্তরে স্বর্গ নরক রূপ জীবকে ফল দানকারী হয়েন, যদি বল ফল যোগ হেতু জীব বিকারী হউন, এমত জ্ঞান করিবা না মায়া সম্বন্ধে জীব সুখ দুঃখাদির অনুভব করেন ফলতঃ তাহাতে লিপ্ত নহেন যে মত পঙ্কবিহারী পঙ্কাল মৎস্য পঙ্কমধ্যে রহে অথচ তদঙ্গ পঙ্কলিপ্ত নহে এবং গন্ধবাহ বায়ু পুনঃ২ গন্ধ বহন করিতেছে অথচ স্বয়ং গন্ধ হীন তেমন মায়িক দেহাবচ্ছিন্ন জীবাত্মা লিপ্ত মায়া নহেন এবং মায়া করণক তাহার স্বকীয় শুদ্ধ গুণের নাশ নাই

যাদৃশ লোলিত পুষ্প সন্নিহিত মুক্তা তদাভাযুক্তা হয় কিন্তু মুক্তার স্বীয় শ্বেতগুণের লোপ নাই কেবল লোলিত গুণ আরোপ মাত্র তদ্বৎ জীবেও জানিবা এক্ষণে আপনার উপদেশার্থ নিরালম্বোপনিষৎ প্রেরণ করিতেছি যদ্দর্শনে আপনার শোক অদর্শন হইবে।

নিরালম্বোপনিষৎ।

ওঁ নমঃ শিবায়। গুরবে চচ্চিদানন্দ মূর্ত্তয়ে নিষ্প্রপঞ্চায় শান্তায় নিরালম্বায় তেজসে। নিরালম্বং সমাশ্রিত্য সালম্বং বিজহাতিষঃ সসংন্যাসী চ যোগী চ কৈবল্যপদ ন শ্নুতে॥ এষা মজ্ঞানজীবানাং সমস্তারিষ্ট শান্তয়ে যদ্বোদ্ধব্য মখিলং সমশঙ্ক্যং ব্রবীম্যতঃ॥

তত্র প্রথম প্রশ্ন।

কিং ব্রহ্ম, কিং সকলং ব্রহ্ম, ক ঈশ্বরঃ, কো জীব, কা প্রকৃতিঃ, কঃ পরমাত্মা, কে ব্রহ্মাদ্যা, কা জাতিঃ, কিং কর্ম্ম, কিমকর্ম্ম, কিং তপঃ, কিমাসুরং, কিং জ্ঞানং, কিমজ্ঞানং, কঃ সংসারঃ, কো বন্ধঃ।

এতেষাং ক্রমেণ উত্তরং।

অখিলোপাধি বিনির্ম্মুক্ত মন্নাদ্যন্তং শুদ্ধং শান্তং নির্গুণং নিরবয়বং নিত্যানন্দাখণ্ডৈকরস মদ্বিতীয়ং চৈতন্যং ব্রহ্মঃ।

কিং সকলং ব্রহ্মেতি।

অব্যক্ত মহদহঙ্কার পৃথিব্যাপতেজো বায্বাকাশাত্মত্বেন বৃহদ্রূপেণাখণ্ডত্বোবেণ কর্ম্মজ্ঞানার্থরূপ তয়া ভাসমানং সকলশক্ত্যুপবৃংহিতঃ সকল ব্রহ্মঃ।

ক ঈশ্বরঃ।

এতল্লক্ষণং ব্রহ্মৈব স্বপ্রকৃতি শক্ত্যতিলেশ মশ্রিত্য লোকানুসৃষ্ট্বা অন্তর্যামিত্বেন প্রবিশ্য ব্রহ্মাদীনাং বুদ্ধ্যাদীন্দ্রিয়ানিয়ন্ত্রিত্বাদীশ্বরঃ।

কো জীবঃ।

ব্রহ্মাবিষ্ণুবিশ্বেন্দ্রাদীনাং ঘাবত্ব মিত্যাধ্যাসবসাৎ স্থুলোজীবঃ সোয় মেকোপি দেহোহং ভেদবসাৎ অংশাবহবো জীবাঃ।

কা প্রকৃতিঃ।

ব্রহ্মণঃ সকাশাৎ নানাবিধি জগদ্বিচিত্র নির্ম্মাণ সামর্থ্য বুদ্ধিরূপা ব্রহ্মশক্তিরেব প্রকৃতিঃ।

কঃ পরমাত্মেতি।

দেহাদেঃ পরত্বাৎ ব্রহ্মৈব পরমাত্মা।

কে ব্রহ্মাদ্যা ইতি।

স ব্রহ্ম সশিব স হরিঃ সেন্দ্রঃ সোক্ষরঃ সবিষ্ণুঃ স রুদ্রঃ সমনুঃ সসূর্য্যঃ সচন্দ্রঃ সসুরাঃ সোহপ্যসুরঃ সমনুষ্যাঃ সপিশাচাঃ সজীবাঃ সস্থিরঃ সপশ্বাদয়ঃ সব্রাহ্মণাদয়ঃ স এব সর্ব্বমিদং ব্রহ্ম মেহনা নাস্তিকিঞ্চন।

কা জাতিঃ।

চর্ম্মরক্তরসামাংস মজ্জাস্থি নিবুক্তানি চ শ্রুতিরাত্মনো জাতি ব্যবহারোপি কল্পিতঃ।

কর্ম্মেতি। ইন্দ্রিয়ৈঃ ক্রিয়মাণেঃ নাহঙ্কারেতি কল্পিতমিত্যাধ্যাত্মনিষ্ঠয়া তত্তৎ কর্ম্মৈব কর্ম্ম।

অকর্ম্ম ইতি। কর্তৃত্ব ভোক্তৃত্ব অহঙ্কারতয়া বন্ধরূপং জন্মাদি কারণং নিত্য নৈমিত্তিক যাগাদি ব্রত তপোদানেষু ফলানুসন্ধান মেতদকর্ম্ম।

তপ ইতি। ব্রহ্মসত্যং জগন্মিথ্যেত্যপরোক্ষ জ্ঞানাৎ ক্ষীণং ব্রহ্মাদ্যৈশ্বর্য্যাশা সংকল্প বীজ সন্তাপ স্তপঃ।

আসুর মিতি। অত্যুগ্ররাগ দ্বেষাহঙ্কারোপেত হিংসা দম্ভাদ্যাক্তং তপ আসুরং।

জ্ঞান মিতি। একাদশেন্দ্রিয় নিগ্রহেণ সদ্গুরূপাসনয়া শ্রবণ মাননিদিধ্যাসেন দৃগ্ দৃষ্য প্রকারং সর্ব্বং নিরস্য সর্ব্বান্তরস্থং ঘট পটাদি বিকার পদার্থেষু চৈতন্যং বিনা নকিঞ্চিদস্তীতি সাক্ষাৎ কারানুভব জ্ঞানং জ্ঞানং।

অজ্ঞান মিতি। রজ্জু সর্পজ্ঞান মিবা দ্বিতীয়ে সর্ব্বানুস্যূতে সর্ব্বময় ব্রহ্মণি দেবতাদ্যক স্থাবর স্ত্রীপুরুষবর্ণাশ্রম বন্ধ মোক্ষাদি নানাত্বকল্পিত জ্ঞান মজ্ঞানং।

সংসার ইতি। অনাদ্য বিদ্যাবাসনয়া জাতোহং মৃতোহং ইত্যাদি ষড়ভাব বিকারঃ সংসারঃ।

বন্ধ ইতি। পিতৃমাতৃসহোদর দারাপত্য গৃহারাম ক্ষেত্রবিত্তাদি মমতা সংসারার্ণব সঙ্কল্পো বন্ধঃ অণিমাদ্যষ্ট ঐশ্বর্য্যাদি সিদ্ধি সঙ্কল্পো বন্ধঃ ইত্যাদি।

ইতি বিজ্ঞানাঞ্জনে চতুর্থ কোষ্ঠে শোক নাশন নামক তৃতীয় পরিচ্ছেদ।

শ্রীযুক্ত হরচন্দ্র ভট্টাচার্য্য মহাত্মজ শ্রীরাজনারায়ণ ভট্টাচার্য্য বিরচিত শ্রীমহেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় ভট্টাচার্য্য পরিশোধিত বিজ্ঞানাঞ্জন নামক পুস্তক সমাপ্তঃ।

শাকে কৃষ্ণ ধরাধরেন্দু পরিমে নত্বা পদাব্জং গুরো
র্ভাদ্রস্যাঙ্গমিতে দিনে দিনপতের্ব্বাঞ্ছাস্পদং মোক্ষদং
শ্রীমদ্বিপ্র মহেশচন্দ্র কৃতিনা সম্যক্ সমালোকিতং
বিজ্ঞানাঞ্জন নামধেয় মকরোৎ শ্রীরাজনারায়ণঃ।